Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017


# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

www.ekarmakshetra.com


পি এস সি-র মাধ্যমে
রাজ্য সরকারে ক্লার্ক
পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১৮

বর্ষ ৪০ সংখ্যা ৭ কলকাতা বুধবার, ৪ সেপ্টেম্বর ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৮ ভাদ্র ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

## ভেতরের পাতায়

**বিনোদন জগতে পা রাখার আগে প্রয়োজন প্রশিক্ষণ**
সিনেমা হল, টেলিভিশনের পাশাপাশি ইন্টারনেট বা স্মার্টফোনেও বাড়ছে চলচ্চিত্রের দর্শকসংখ্যা। সংজ্ঞা পাল্টাচ্ছে বিনোদনের। বাড়ছে কাজের সুযোগ। চলচ্চিত্র শিল্প-সংক্রান্ত কোনও পেশায় আসতে চাইলে স্নাতক হওয়ার পরই নিন প্রয়োজনীয় প্রশিক্ষণ। ভর্তি নিচ্ছে রূপকলা কেন্দ্র। আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ৯

**দক্ষিণবঙ্গে ডেনড্রোবিয়াম**
যে ডেনড্রোবিয়াম অর্কিড বহু টাকা খরচ করে থাইল্যান্ড থেকে আমদানি করতে হয় তার খুব ভালো চাষ হতে পারে দক্ষিণবঙ্গের উষ্ণ পরিমণ্ডলেও। চাষের জন্য সরকারি ভর্তুকিও পাওয়া যায়। তথ্য-পরামর্শ দিচ্ছেন অর্কিড বিশেষজ্ঞ ডঃ কৌশিক নাগ। ...পৃঃ ৯

**সংখ্যালঘু ছাত্রছাত্রীদের কেন্দ্রীয় ও রাজ্য সরকারি স্কলারশিপ** ...পৃঃ ১০

**ব্যবসায়ী তরুণ-তরুণীদের জন্য ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ডস-২০১৯**
আবেদনের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর। ...পৃঃ ১২

**গুরুত্বপূর্ণ হয়ে উঠছে খাদ্যবিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা** ...পৃঃ ১৩

# মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ৯৩৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৯৩৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ডের ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুল। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে এক ও দুই বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে আগে ট্রেনিং নিয়েছেন বা ট্রেনিং নিচ্ছেন, তাঁরা আর আবেদন করবেন না।

১ বছরের ট্রেনিং হবে এই সমস্ত ট্রেডে (বন্ধনীতে আসন সংখ্যা): **ফিটার** ১৪১টি (সাধারণ ৮৩, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩১)। এর মধ্যে ৪টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **মেশিনিস্ট** ৬০টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৩)। এর মধ্যে ২টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)** ৬৫টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ৬,

এরপর বাইশের পাতায়

# মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে আরও ২৯৯

২৯৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ডের ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুল। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে এক বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে আগে ট্রেনিং নিয়েছেন বা ট্রেনিং নিচ্ছেন, তাঁরা আর আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনসংখ্যা: বয়লার মেকার** ২৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **গ্যাস টার্বাইন ফিটার** ২৬টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মেশিনারি কন্ট্রোল ফিটার** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **কম্পিউটার ফিটার** ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের

এরপর বাইশের পাতায়

# রাজ্য সরকারে ৩৩৬৮৭ শূন্যপদে নিয়োগ শীঘ্রই

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন দপ্তরে ৩৩,৬৮৭ জন কর্মী নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। নিয়োগ হবে 'এ', 'বি', 'সি' ও 'ডি' গ্রুপে। অর্থ দপ্তরের তরফে জানানো হয়েছে, নিয়োগ হবে জরুরি ভিত্তিতে, স্পেশ্যাল রিক্রুটমেন্ট ড্রাইভের মাধ্যমে। কোন দপ্তরে কত কর্মী নিয়োগ হবে সে বিষয়ে এখনও কোনও তথ্য না জানানো হলেও গ্রুপ অনুসারে শূন্যপদের সংখ্যা জানানো হয়েছে।

সবচেয়ে বেশি সংখ্যক কর্মী নিয়োগ হতে চলেছে 'সি' গ্রুপে। এই গ্রুপে মোট শূন্যপদের সংখ্যা ১৩,৭২৩টি। 'বি' গ্রুপে শূন্যপদ ৯,১২৭টি। এরপর রয়েছে গ্রুপ 'ডি'। এই গ্রুপের শূন্যপদ ৬,৭৮০টি। 'এ' গ্রুপের শূন্যপদ ৪,০৫৭টি।

গ্রুপ ও ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: **গ্রুপ 'এ':** ৪,০৫৭টি (সাধারণ ২,২৩১, তফসিলি জাতি ৮৯৩, তফসিলি উপজাতি ২৪৩, ও বি সি-এ ৪০৬, ও বি সি-বি ২৮৪)। এর মধ্যে ১৬২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**গ্রুপ 'বি':** ৯,১২৭টি (সাধারণ ৫,০১৯, তফসিলি জাতি ২,০০৮, তফসিলি উপজাতি ৫৪৮, ও বি সি-এ ৯১৩, ও বি সি-বি ৬৩৯)। এর মধ্যে ৩৬৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**গ্রুপ 'সি':** ১৩,৭২৩টি (সাধারণ ৭,৫৪৮, তফসিলি জাতি ৩,০১৯, তফসিলি উপজাতি ৮২৩, ও বি সি-এ ১,৩৭২, ও বি সি-বি ৯৬১)। এর মধ্যে ৫৪৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**গ্রুপ 'ডি':** ৬,৭৮০টি (সাধারণ ৩,৭২৯, তফসিলি জাতি ১,৪৯১, তফসিলি উপজাতি ৪০৭, ও বি সি-এ ৬৭৮, ও বি সি-বি ৪৭৫)। এর মধ্যে ২৭১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ বিজ্ঞপ্তি কবে নাগাদ প্রকাশিত হবে তা অবশ্য জানা যায়নি।

# নদিয়া জেলায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান এবং কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজর পদে ২৭ জনকে নেবে নদিয়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল আর্বান হেলথ মিশন, ন্যাশনাল হেলথ মিশন-সহ বিভিন্ন প্রকল্পে নিয়োগ হবে। চুক্তির মেয়াদ ২০২০-র ৩১ মার্চ পর্যন্ত। তবে ভালো কাজের নিরিখে চুক্তির মেয়াদ বাড়তে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH-Nad/6760.

এরপর বাইশের পাতায়

# এয়ার ইন্ডিয়ায় ১৭০ অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর

১৭০ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। ৫ বছরের চুক্তিতে সংস্থার চার রিজিয়নে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন, মেটিরিয়াল ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও ফিনান্সে নিয়োগ করা হবে।

**রিজিয়ন অনুসারে শূন্যপদ: নর্দার্ন রিজিয়ন:** শূন্যপদ ৫০টি। **ইস্টার্ন রিজিয়ন:** শূন্যপদ ১৫টি। **সাদার্ন রিজিয়ন:** শূন্যপদ ২৫টি। **ওয়েস্টার্ন রিজিয়ন:** শূন্যপদ ৮০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক-সহ কম্পিউটারে অন্তত পক্ষে ৬ মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। অথবা ইনফর্মেশন টেকনোলজিতে বি সি এ বা বি এসসি বা গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা ডেটা এন্ট্রি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া এয়ারক্রাফট মেইন্টেন্যান্স

এরপর বাইশের পাতায়

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৪৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসেস রুলস, ১৯৯২ অনুসারে আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে কর্নাটকের কাইগা সাইটে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর NPCIL/Kaiga Site/HRM/TA/01/2019.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ফিটার: ১২টি, ইলেক্ট্রিশিয়ান: ২৩টি, ইলেক্ট্রনিক মেকানিক: ৮টি, ড্রাফটসম্যান (সিভিল): ৩টি। শিক্ষাগত

এরপর বাইশের পাতায়

# কোচিন শিপইয়ার্ডে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

বিভিন্ন শাখায় ৮৫ জন প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেবে কোচিন শিপইয়ার্ড। তিন বছরের চুক্তিতে নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: P&A/2(260)/18.

**শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৬, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সব ক্ষেত্রেই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে কোনও শিপইয়ার্ড বা মেরিন ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট বা হেভি ইঞ্জিনিয়ারিং কোম্পানিতে ২ বছরের অভিজ্ঞতা বা প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। কম্পিউটার-নির্ভর পরিবেশে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২০-৯-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। **বেতন:** প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১৯,২০০ টাকা, ১৯,৮০০ টাকা এবং ২০,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কেরলের বিভিন্ন শহর। পরীক্ষা হবে অক্টোবর মাসে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল নলেজ (১০ নম্বর), জেনারেল ইংলিশ (১০ নম্বর), রিজনিং (১০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১০ নম্বর) ও সংশ্লিষ্ট শাখা (৬০ নম্বর)। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর-সহ এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নার্সিং, প্যারামেডিক্যাল ও ফার্মাসি কোর্সে অতি কম খরচে সরাসরি ভর্ত্তির শেষ সুযোগ
100% Placement Assistance
কর্ণাটক এবং অন্ধ্রপ্রদেশের Renowned Medical College ও হাসপাতাল যুক্ত কলেজে পড়ার সুবর্ণ সুযোগ।
(কলেজগুলি INC, RGUHS, Dr. NTRUHS, State Govt. Council Approved)



JENPAUH-এ Rank হয়নি? অথবা সরকারি কলেজে চান্স পাওনি?
অল্প সংখ্যক সীট রয়েছে সত্বর Admission নিন।
ছেলে ও মেয়ে উভয়েই যোগ্য (17-35 Yr.)
ভর্ত্তির শেষ সুযোগ ২০১৯-২০
GNM
Eligibility : (10+2) Any Stream, Min-40%, Dur : 3Yrs.
প্যাকেজ 2,50,000/- থেকে শুরু
B.Sc Nursing
Eligibility : (10+2) with PCB, Min-45%, Dur : 4Yrs.
প্যাকেজ 4,00,000/- থেকে শুরু
প্যারামেডিক্যাল
Diploma Courses : DMLT, DXT, DHI, DOT, DOTT, DMRT Eligibility : (10+2) with PCB, Duration : 2Yrs., (10+2) in any Stream, Duration : 3Yrs. (except - DOT)
B.Sc Courses : Perfusion Technology, Anesthesia, Cardiac & Respiratory, Radiology & Imaging, Dialysis etc.
Eligibility - (10+2) with PCB (45%)
Duration - 3 Yrs 6 Months
PG COURSES
MHA (Master of Health Administration)
Eligibility : Any Graduate
PG DIPLOMA IN
Medical Records & Health Information,
Duration - 1Year
Eligibility- Any Graduate
INNOVATIVE CAREER FOUNDATION
(Well wisher towards Career Evolution)
1st Floor, 16, India Exchange Place, Kolkata-700001
E-mail : info@innovativecareer.in / Website - www.innovativecareer.in
Contact H.O. : 9051519293 / 033 4604 2059
পূর্ব ও পশ্চিম মেদিনীপুর : 9775888163, দুর্গাপুর/বর্ধমান : 8597978485,
বীরভূম/মুরারই : 9775115655, অন্যান্য জায়গার স্টুডেন্টস্ : 9800245711

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ৭ □ ৪ সেপ্টেম্বর ২০১৯

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI / HDFC / UCO / YES BANK ও** MNC CO-তে Direct ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 237 জন স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,576/- – 36,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**SBI Banking / Online Shoping** কাস্টঃ কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন: INC + OT-সহ 12,000/-, SUCCESS POINT MANAGEMENT SERVICE, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 96744-97493 উঃ ও দঃ ২৪ পরগনা: 70440-49492.

□

**Salary 10500 - 19900/-**

**3-5 স্টার হোটেলে কাজ।** থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**স্টার হোটেলে চাকরি**

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**হোটেলে স্থায়ী চাকরি**

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

**বিনা ডোনেশনে Airport মেট্রো, স্থায়ী জব R/L: 0352**

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ এয়ারপোর্ট** ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,400/- – 48,300/-. বয়স: 18-35. A. J., G. P. Kol-1. M: 74309-99656.

□

**চাকরির জন্য কোনও ডোনেশন লাগে** না। Bank KYC-তে স্থায়ী পদে H. S পাশ (18-30) কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
৭ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
১৮ সেপ্টেম্বর কর্মক্ষেত্রর
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
১৪ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি**

**গভঃ রেজিঃ নং: 254/01, কোনও** ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃবঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। (কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) 0T, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B. B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

**BSNL/VODA/JIO**

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 93308-35785.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট– ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ**

**Govt. R/L No.: 2807, কোনও** ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন : 14,700/- – 48,800/-), OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**M : 8327205479**

**বেকার যুবক ও যুবতীদের জন্য বিশেষ** কর্মসংস্থান কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA-তে ট্রলিবয়, চেকিং বয়, S. V কার্গো লোডার আন লোডার, পিওন, স্টোরকিপার, ক্লার্ক, ও অন্যান্য পদে। বেতন: ১৯,৭০০/- - ৪৫,৫০০/-, যোগ্যতা: নামসই-স্নাতক, বয়স: 18-45, OT, PF, ESI-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। শীঘ্রই যোগাযোগ নিজ জেলায় কাজের সুযোগ। নিজ যোগ্যতার প্রমাণপত্র-সহ যোগাযোগ করুন: A. E, দমদম, কলি-74.

□

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে স্থায়ী জব**

**M : 95638-41366**

**গভঃ স্বীকৃত Airport ও মেট্রোতে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে বিভিন্ন অফিসিয়াল পদে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 16,400/- – 45,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রী। BPL, Dum Dum Rd, Kol-74.

□

**এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব**

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

□

**মহিলা ও পুরুষ নিয়োগ**

**Airport ও Metro-তে**

**সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ** হবে। GST নং-19AAACB5343J, শূন্যপদ: ১৮২, ISO-9001-2008, বেতন: 15,600/- – 38,200/-. কন্ট্রাক্টরের অধীনে SV, ট্রলিবয়, চেকিং, ইনচার্জ, Cargo লোডার, Back Office ও অন্যান্য বিভিন্ন পদের সুযোগ। ESI + PF + খাওয়া + থাকা ফ্রি। Central, N. D, Kol-82, (M): 86958-68525.

□

## কর্মখালি

**মার্চেন্ট নেভিতে চাকরি**

**সরাসরি যোগ্যতার উপর নির্ভর করে** শারীরিক সক্ষম কর্মপ্রার্থীদের ভারতবর্ষের বিভিন্ন জাহাজ ও বন্দর অঞ্চলে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 13,700/- – 46,200/-. Ex-সার্ভিস ম্যানদের বিশেষ সুবিধা, Sec-2, Kol-91. www.seafarerssuppliersandservices.com M: 90830-66729 (S. S. S.)

□

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** help u-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**পুজোর আগে স্থায়ী কাজ**

**ডোনেশন ছাড়া জেলাভিত্তিক হিন্দুস্থান** লিভার, ডাবর, বিস্কুট কোং-তে M চাই। বেতন: 11K-28K, R. G, CIT Rd, Kol-14. M: 77182-96025.

□

**JIO 4G, Voda, AIRTEL ও SBI**

**বাংলাভাষী কাস্টঃ কেয়ারে MP-**Graduate (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

**এয়ারপোর্ট, মেট্রো ও Pvt ব্যাঙ্কে পার্মানেন্ট জব**

**গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport, মেট্রো ও** ব্যাঙ্কে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,900/- – 47,600/-. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। V. P., Dum Dum, Kol-74. M: 98514-53690.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F সরাসরি** নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 90880-93059.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**B. Ed / M. Ed @4,000/- PM**

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**350 টাকা মাসে RAIL, PSC, NTPC,** ক্লার্ক, WBCS পড়ানো হয় MATH, GI, GK, ঢাকুরিয়া, শিয়ালদহ, Kol-31. P. A: 98046-61270.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়,** গড়িয়া ও শিয়ালদহে Maths, G. I., G. K. প্রস্তুতি। প্রচুর সফল, Monthly 500/-. M: 87772-17803.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**ITI করুন অতি অল্প খরচে ট্রাস্টের ডোনেশনে**

**NCVT স্বীকৃত Naihati Pvt. ITI-তে** ইলেক্ট্রিশিয়ান ও ফিটার কোর্স করে L &T ও অন্যান্য কোম্পানিতে চাকরির সুযোগ। ফোন: 82828-24274, 82829-83625. ওয়েব: www.naihatipvtiti.org

□

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM ও B. Sc (N) P.C. B.Sc সরাসরি** ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11–4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

'2 Years প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক/উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

## বিবিধ

**শিয়ালদহ স্টেশনের সন্নিকটে কোচিং** ক্লাসের জন্য ঘর ভাড়া দেওয়া হয়। 99037-93819. SAUMITRA DUTTA, 49, A. P. C. Road, Kolkata-700 009.

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement–Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্য-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
সুপ্রজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# শালপাতার থালা, বাটি তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** উৎসবে-অনুষ্ঠানে, পুজো-পার্বণে শাল-পাতার থালা-বাটি ব্যবহার করা হয়। এই মেশিনের সাহায্যে ঘরে বসেই শালপাতার থালা-বাটি তৈরি করে বাজারে বিক্রি করতে পারেন অথবা অর্ডার অনুযায়ী দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** বাঁকুড়া, মেদিনীপুর অঞ্চলের কিছু সংস্থা শালপাতা সাপ্লাইয়ের কাজ করেন। কাঁচা শালপাতাগুলিকে ব্যবহারের উপযোগী করেই তাঁরা সরবরাহ করেন। সেখান থেকে লরি করে শালপাতা নিয়ে আসতে হবে। প্রয়োজনে অর্ডার দিয়ে এঁদের কাছ থেকে আপনার জায়গাতেই সরবরাহ পাবেন। প্রথমে এই শালপাতাকে জলে ডুবিয়ে রাখতে হবে। এবার সেই ব্যবহারযোগ্য শালপাতা মেশিনের মাঝখানে রেখে মেশিন চালু করলেই তা থালার আকারে বেরিয়ে আসবে। ছোট-বড় যে ধরনের থালা তৈরি করতে চান, সেই ধরনের ডাইস ব্যবহার করতে হবে। বাটি তৈরির জন্য আলাদা ডাইস ব্যবহার করতে হবে। এই মেশিন দু-ধরনের হয়। একটি পা-দ্বারা চালিত মেশিন, অপরটি মোটরচালিত মেশিন। মোটরচালিত মেশিনটি চালাতে বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** একটা ডাইস সমেত পা-দ্বারা চালিত মেশিনটির দাম ১৯,০০০ টাকা এবং মোটরচালিত মেশিনটির দাম ৯০ হাজার টাকা। ছোট-বড় বিভিন্ন আকৃতির থালার ডাইসের দামও বিভিন্ন। ১২ ইঞ্চির ডাইসের দাম ৫,৫০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


**পশ্চিমবঙ্গ সরকার**
**ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তর**
**UNDER STATE YOUTH CENTRE, MOULALI**
***VOCATIONAL TRAINING INSTITUTE***

Department of YOUTH SERVICE & SPORTS (Youth Services Wing), Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ

মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

**MOULALI :**
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9831974348

**DURGAPUR :**
2nd Administrative Building, City Centre, Ph. : 0343 2544432 / 7074036478

**HOWRAH :**
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema) Hazra Building, Howrah - 711101 Ph.: 9230704344/9143163495/9433045288

**SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE**
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/Bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239

**ভর্তি চলিতেছে** **ভর্তি চলিতেছে**



**Are you looking for a platform of DESCRIPTIVE PRACTICE ?**

**Join**

**DESCRIPTIVE GUIDE**

Only one such a platform for Descriptive Practice where you can practice on Daily TOpics . You will get feedback by seniors as well as Admins. To join Descriptive Guide contact EKDN Admin in Telegram by searching "@ekdn_admin"


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ অগস্ট-২৪ অগস্ট

**১৭ অগস্ট** পাকিস্তানকে আবারও সাহায্য ছাঁটাই করল আমেরিকা। সন্ত্রাস দমনে পাকিস্তানের ভূমিকায় নিজেদের অসন্তোষের কথা জানিয়ে ৪৪ কোটি ডলার আর্থিক সাহায্য কাটছাঁট করল মার্কিন যুক্তরাষ্ট্র। এক মাস আগেই মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকে বসেছিলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান।

## প্রয়াত অরুণ জেটলি



**২৪ অগস্ট:** বিজেপির শীর্ষ নেতাদের অন্যতম ও প্রাক্তন অর্থমন্ত্রী অরুণ জেটলি (৬৬) প্রয়াত হলেন। উদারতা, আধুনিকমনস্কতা, সঙ্ঘের কট্টর মনোভাব থেকে দূরে থাকা, বিরোধী নেতাদের সঙ্গেও সুসম্পর্ক রক্ষা, সঙ্কটে মধ্যপন্থা নেওয়া— প্রয়াত প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর এমন অনেক গুণই জেটলির মধ্যে খুঁজে পাওয়া যেত বলে মনে করেন অনেক রাজনীতিকই। বিদেশ সফরে থাকা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'রাজনৈতিক জীবনের শুরু থেকে যে বন্ধুর সঙ্গে স্বপ্ন দেখেছি, স্বপ্ন সার্থক করেছি, সেই অরুণ জেটলি আমাদের ছেড়ে চলে গিয়েছেন।' পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও বলেছেন, 'জেটলি ছিলেন অনন্যসাধারণ সাংসদ ও আইনজীবী। সব দলের কাছে যাঁর গ্রহণযোগ্যতা ছিল।' **ছবি:** পি টি আই

এরপর ১৬ অগস্টও কাশ্মীর নিয়ে ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ফোনে একপ্রস্থ কথা হয় ইমরানের। বিষয়টিকে নিজেদের কূটনৈতিক জয় কিংবা আমেরিকার আস্থা অর্জন বলে প্রচার করতে শুরু করলেও শেষ পর্যন্ত মার্কিন ধাক্কার মুখেই পড়তে হল পাকিস্তানকে।

**মধ্যরাতে কলকাতার লাউডন স্ট্রিটের** মোড়ে জাগুয়ার ও মার্সেডিজের সংঘর্ষে গাড়ির চালকেরা অক্ষত থাকলেও প্রাণ গেল বেড়াতে ও চিকিৎসার জন্য কলকাতায় আসা দুই বাংলাদেশি নাগরিক ফারহানা তানিয়া ইসলাম ও কাজী মহম্মদ মইনুল আলমের। ঘাতক জাগুয়ার গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে মার্সেডিজ গাড়িটিকে ধাক্কা মারলে দুর্ঘটনা ঘটে। জাগুয়ারটি নামী বিরিয়ানি প্রস্তুতকারক সংস্থা আরসালানের মালিকের ছেলে আরসালান পারভেজ চালাচ্ছিলেন বলে প্রথমিকভাবে জানা গেলেও পরে পুলিশ জানায় গাড়িটি দুর্ঘটনার সময় চালাচ্ছিলেন আরসালানের দাদা রাঘিব পারভেজ। চালকের বিরুদ্ধে তদন্তে নেমেছে পুলিশ।

**১৮ অগস্ট** কেন্দ্রীয় সরকার প্রেস ইনফরমেশন ব্যুরো মারফত সুভাষ চন্দ্র বসুর 'মৃত্যুদিন' উপলক্ষে শ্রদ্ধা জানানোয় ফের নেতাজি মৃত্যু সংক্রান্ত বিতর্কটি সামনে চলে এল। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় টুইট করে বলেন, নেতাজিকে নিয়ে সত্য জানার অধিকার দেশবাসীর রয়েছে। একই দাবিতে সরব হয়েছেন নেতাজির নাতি চন্দ্রকুমার বসুও। বিভিন্ন মহল থেকে প্রশ্ন ওঠায় পরে অবশ্য টুইটটি মুছে দেয়, প্রেস ইনফরমেশন ব্যুরো।

**ভুটান সফরে গিয়ে থিম্পুতে রয়্যাল** ইউনিভার্সিটি অব ভুটানের ছাত্রছাত্রীদের সঙ্গে সময় কাটালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভুটানের পড়ুয়াদের তাঁর আশ্বাস সে দেশের উন্নয়নে ভারত সব সময় পাশে থাকবে। থিম্পুর বিশ্ববিদ্যালয়ে বক্তৃতাও দেন মোদী। তিনি বলেন, 'আপনাদের অসাধারণ কিছু করার শক্তি এবং সম্ভাবনা রয়েছে। যা ভবিষ্যৎ প্রজন্মের উপর গভীর প্রভাব ফেলবে। মন যা চায় তাই করুন। নিজেদের প্যাশনকে স্পর্শ করতে ঝাঁপিয়ে পড়ুন।'

## গ্রেপ্তার হলেন চিদম্বরম



**২১ অগস্ট:** হেভিওয়েট কংগ্রেস নেতা এবং প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও অর্থমন্ত্রী পি চিদম্বরমকে গ্রেপ্তার করল সিবিআই। ক্ষমতায় থাকাকালীন আইএনএক্স মিডিয়া সংক্রান্ত মামলায় ঘুষ নিয়ে বিরাট অঙ্কের বিদেশি বিনিয়োগ পাইয়ে দেওয়ার অভিযোগ ওঠে চিদম্বরমের বিরুদ্ধে। দল অবশ্য প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর পাশে দাঁড়িয়েছে। কেন্দ্র এইভাবে বিরোধীদের কণ্ঠরোধ করছে বলে অভিযোগ করেছে দলীয় নেতৃত্ব। প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী টুইট করে বলেন, 'মোদী সরকার ইডি, সিবিআই ও মেরুদণ্ডহীন সংবাদমাধ্যমের একাংশকে ব্যবহার করে চিদম্বরমের চরিত্র হনন করছে। ক্ষমতার এই অপব্যবহারকে আমি কড়া নিন্দা করি।'



"সবাই এমনটা করুক, আমি চাই না। একটা ১৬ বছরের মেয়েকে বিশেষ অবস্থান নেওয়ার জন্য, এভাবে অতলান্তিক মহাসাগর পেরোতে হবে, এটা কিছুটা পাগলামোই! জলবায়ু ও বাস্তুসংস্থানের সঙ্কট এখন গোটা বিশ্বের সমস্যা। আমরা যদি এখন থেকে একসঙ্গে কাজ না করি, শেষ হয়ে যাব।"

**গ্রেটা থুনবার্গ**, *জলবায়ু নিয়ে আন্দোলনকারী সুইডিশ কিশোরী* কার্বন-দূষণ এড়াতে সৌর প্যানেল যুক্ত পালতোলা নৌকায় পনেরো দিনের জলপথ পাড়ি দিয়ে নিউইয়র্ক পৌঁছে

## তিস্তার জল নিয়ে বাংলাদেশকে ফের আশ্বাস বিদেশমন্ত্রীর



**২০ অগস্ট:** বাংলাদেশ সফরে গিয়ে এনআরসি প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর বললেন, 'নাগরিক পঞ্জি বা এনআরসি তৈরি ভারতের অভ্যন্তরীণ বিষয়। এ নিয়ে কথা বলার প্রয়োজন নেই।' এদিন বাংলাদেশের বিদেশমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠক করেন জয়শঙ্কর। তিস্তা চুক্তি নিয়ে বাংলাদেশকে দেওয়া কেন্দ্রের আশ্বাস প্রসঙ্গে বিদেশমন্ত্রী বলেন, 'সেই প্রতিশ্রুতি পালন করতে আমরা বদ্ধপরিকর। দিল্লি কাজ করছে।' তিনি জানান, তিস্তা চুক্তির পরে ৫৪টি নদীর জলবণ্টন সমস্যার মীমাংসা করতে নতুন সূত্র খুঁজছে দু'দেশ। রোহিঙ্গাদের পুনর্বাসন নিয়েও বাংলাদেশের সঙ্গে ভারতের সহযোগিতা অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন জয়শঙ্কর।

**১৯ অগস্ট** বিহারের তিনবারের মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্র (৮২) প্রয়াত হলেন। কেন্দ্রে মন্ত্রীও হয়েছিলেন তিনি। রাজ্য-রাজনীতিতে কংগ্রেস নেতা হিসেবে পরিচিত হলেও শেষদিকে কংগ্রেসের সঙ্গে তাঁর সম্পর্ক প্রায় ছিন্ন হয়ে যায়। বিহার পশুখাদ্য কেলেঙ্কারিতেও তাঁর নাম জড়িয়ে যায়। দোষী সাব্যস্ত করে তাঁকে কারাদণ্ডে দণ্ডিতও করে আদালত। তবে শারীরিক অসুস্থতার কারণে জামিনে মুক্ত ছিলেন তিনি।

## অর্থনীতির বেহাল অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ রাজনের



**১৯ অগস্ট:** ভারতের অর্থনীতির ক্রমাগত মন্দা নিয়ে আরও একবার উদ্বেগ প্রকাশ করলেন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন। তিনি বলেছেন, 'বেসরকারি ক্ষেত্র থেকে বৃদ্ধির যে সমস্ত পূর্বাভাস দেওয়া হচ্ছে, তাদের অনেকগুলিই সরকারের তুলনায় বেশ খানিকটা কম। আমি মনে করি আর্থিক কর্মকাণ্ডের গতি কমা যথেষ্টই চিন্তার বিষয়।' প্রাক্তন গভর্নর একগুচ্ছ সংস্কারের প্রয়োজনীয়তার কথা বললেও একই সঙ্গে তাঁর হুঁশিয়ারি সংস্কারে অযথা ঝুঁকি না নেওয়াই ভাল। তাঁর পরামর্শ, কেন্দ্রের মন দেওয়া উচিত বিদ্যুৎ, ব্যাঙ্ক নয় (এনবিএফসি) এমন আর্থিক প্রতিষ্ঠানের সংস্কারে।

**বায়ুদূষণের অন্যতম কারণ 'সালফার** ডাইঅক্সাইড' উৎপাদনে প্রথম স্থানে উঠল ভারত। নাসার ওএমআই (ওজোন মনিটরিং ইনস্ট্রুমেন্ট) কৃত্রিম উপগ্রহের পাঠানো তথ্যে বিষয়টি ধরা পড়েছে। তথ্য বিশ্লেষণ করে গ্রিনপিস-এর মতো পরিবেশ সংস্থার বিশেষজ্ঞরা দাবি করেছেন গোটা বিশ্বে যে সব সালফার ডাইঅক্সাইড হটস্পট রয়েছে, তার মধ্যে ভারত সবার থেকে এগিয়ে রয়েছে, প্রায় ১৫ শতাংশ বেশি। উল্লেখ্য, কয়লা পুড়ে এই সালফার ডাইঅক্সাইড তৈরি হয়।

**পাক সেনাপ্রধান পদে জেনারেল কামার** জাভেদ বাজওয়ার মেয়াদ আরও তিন বছর বাড়াল পাকিস্তান। সে দেশের প্রধানমন্ত্রীর দপ্তর থেকে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, চলতি সময়সীমা শেষ হওয়ার পর থেকে আরও তিন বছর বাজওয়ার কাজের মেয়াদ বাড়ানো হচ্ছে। ৫৮ বছর বয়সি বাজওয়ার এ বছরই অবসর নেওয়ার কথা ছিল।

**প্রাক্তন অস্ট্রেলীয় পেসার মিচেল জনসন** মেরিলিবোন ক্রিকেট ক্লাবের আজীবনের সাম্মানিক সদস্যপদ পেলেন। অস্ট্রেলিয়ার হয়ে ৭৩ টেস্টে ৩১৩ উইকেট নিয়েছেন। ১৫৩ একদিনের ম্যাচে তাঁর উইকেট সংখ্যা ২৩৯টি। অস্ট্রেলীয় এই প্রাক্তন বাঁ-হাতি ফাস্ট বোলার বলেছেন, 'এমসিসি যে আমাকে এই পদের জন্য মনোনীত করেছে, তার জন্য আমি কৃতজ্ঞ।'

**২১ অগস্ট** বর্তমান কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব রাজীব গৌবা দেশের পরবর্তী ক্যাবিনেট সচিব হচ্ছেন বলে জানা গেল। প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার নিয়োগ কমিটি এই সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তী স্বরাষ্ট্রসচিব হচ্ছেন অজয় কুমার ভাল্লা।

**২২ অগস্ট** সুভাষচন্দ্র বসুর মৃত্যু বিমান দুর্ঘটনাতেই হয়েছে বলে মেনে নিয়েও যাবতীয় রহস্যের সমাধানের জন্য জাপানের রেনকোজি মন্দিরে রাখা 'নেতাজির চিতাভস্মের' ডিএনএ পরীক্ষা করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অনুরোধ করলেন নেতাজি কন্যা অনিতা বসু পাফ। জার্মানি থেকে সংবাদসংস্থা পিটিআইকে দেওয়া এক সাক্ষাৎকারে নেতাজি কন্যা জানিয়েছেন তিনি নিজে মোদী এবং জাপান সরকারের সঙ্গে দেখাও করতে চান।

**২৩ অগস্ট** দেশের অর্থনীতিকে চাঙ্গা করতে বেশ কিছু নতুন পদক্ষেপের কথা ঘোষণা করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। বাজেটের পর দেশের শিল্পমহল যে সমস্ত দাবি করেছিল সেদিকে দৃষ্টি রেখেই এই নতুন পদক্ষেপ করলেন অর্থমন্ত্রী। শেয়ার বাজারে বিদেশি সংস্থার লগ্নি থেকে আয়ের উপর বাড়তি সারচার্জ বসানোর মতো যে সিদ্ধান্ত বাজেটে নিয়েছিলেন, তা ফিরিয়ে নিলেন। অর্থমন্ত্রী জানালেন, রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে তাল রেখে ব্যাঙ্কগুলিও গাড়ি-বাড়ি, শিল্পের ঋণে সুদের হার কমাবে।

**পাকিস্তান সরকারকে আন্তর্জাতিক স্তরে** আরও একবার কোণঠাসা হতে হল। ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ) নামে আন্তর্জাতিক আর্থিক পর্যবেক্ষক সংস্থার অধীনস্থ এশিয়া প্যাসিফিক গ্রুপ (এপিজি) এ বার পাকিস্তানকে কালো তালিকাভুক্ত দেশ বলে ঘোষণা করল। সন্ত্রাসে অর্থ জোগানো এবং আর্থিক তছরুপ রুখতে ইসলামাবাদ যথাযথ পদক্ষেপ করতে ব্যর্থ হয়েছে বলে জানিয়ে এই সিদ্ধান্ত নিয়েছে সংস্থা। বিশেষজ্ঞরা মনে করছেন ভেঙে পড়া পাক অর্থনীতিতে এই সিদ্ধান্তের প্রভাব ব্যাপক আকারে পড়বে। এর ফলে আন্তর্জাতিক স্তরে আর্থিক সাহায্য পেতে আরও সমস্যায় পড়তে হবে ইমরান খানের সরকারকে। বিদেশি লগ্নিকারী সংস্থাগুলিও পাকিস্তানের দিক থেকে মুখ ফেরাবে বলে মনে করা হচ্ছে।

**উত্তর ২৪ পরগণার স্বরূপনগরের কচুয়ায়** লোকনাথ মন্দিরে পুজো দিতে গিয়ে ধাক্কাধাক্কিতে পদপিষ্ট হয়ে মৃত্যু হল পাঁচ পুণ্যার্থীর। আহত হয়েছেন শতাধিক। ভিড়ের চাপে মন্দিরে প্রবেশের সংকীর্ণ প্রবেশ পথের একপাশের পাঁচিল ভেঙে পড়ে। অপর পাশে অন্তত পনেরোটি অস্থায়ী দোকানও ভেঙে পড়ে পিছনে থাকা পুকুরে।

## অধিকৃত কাশ্মীর নিয়ে কড়া বার্তা রাজনাথের



**১৮ অগস্ট:** পাকিস্তানের সঙ্গে আলোচনা হলে তা পাক-অধিকৃত কাশ্মীর নিয়েই হবে বলে পাকিস্তানকে বার্তা দিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। আরও সুর চড়িয়ে প্রধানমন্ত্রীর দপ্তরের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং টুইট করে বলেছেন, 'পাক-অধিকৃত কাশ্মীরের ভারতভুক্তিতে সর্বসম্মতি জানিয়েছে সংসদ। ঈশ্বরের কাছে প্রার্থনা করি জীবদ্দশায় যেন তা দেখে যেতে পারি' উল্লেখ্য, এতদিন ভারতের অবস্থান ছিল, কাশ্মীর দ্বিপাক্ষিক বিষয়। তা নিয়ে অন্য কোনও দেশ বা আন্তর্জাতিক মঞ্চের নাক গলানোয় নয়াদিল্লির আপত্তি থাকলেও, পাকিস্তানের সঙ্গে আলোচনায় ভারতের আপত্তি ছিল না। এদিন অবশ্য রাজনাথ জোরালো অবস্থান নিয়ে বলেছেন, 'পাকিস্তান নিজের মাটিতে ভারত-বিরোধী সন্ত্রাসে মদত দেওয়া বন্ধ করলেই পাকিস্তানের সঙ্গে আলোচনা হতে পারে। কিন্তু আলোচনা হলে তা পাক-অধিকৃত কাশ্মীর নিয়ে হবে।'

## কাবুলে আইএস হানায় মৃত ৬৩



**১৮ অগস্ট:** কাবুলে বিয়ে বাড়িতে আইএস হানায় ৬৩ জন প্রাণ হারালেন। কাবুলের পশ্চিমে দুবাই সিটি ওয়েডিং হলে বিস্ফোরণটি ঘটে। আহত হয়েছেন অন্তত ২০০ জন। সংখ্যালঘু শিয়া মুসলিমদের উপর এই হামলার দায় স্বীকার করেছে আইএস। এই হামলাকে 'বর্বরোচিত' বলে বর্ণনা করে আফগান প্রেসিডেন্ট আসরাফ ঘানি বলেছেন, 'জঙ্গি সংগঠনগুলিকে মাথাচাড়া দেওয়ার সুযোগ দিয়েছে তালিবানই।' যদিও এর কিছুক্ষণের মধ্যেই তালিবানরা হামলার নিন্দা করে একটি বিবৃতি দেয়। তাদের নেতা জাবিউল্লা মুজাহিদিন সংবাদমাধ্যমকে পাঠানো একটি বার্তায় বলেছে, 'মহিলা ও শিশুদের লক্ষ্য করে এই রকম নৃশংস হামলার কোনও যুক্তি নেই।'

## কী পড়বেন, কোথায় পড়বেন

### উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে বায়োইনফর্মেটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



বায়োইনফর্মেটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বায়োইনফর্মেটিক্স বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** অনার্স-সহ বি এসসি অথবা সায়েন্সের যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। বি টেক কোর্স পাশ করে থাকলেও আবেদন করা যাবে।

**বয়স:** ১-৬-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** সেমেস্টার প্রতি ১০,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nbu.ac.in ফি বাবদ ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১৫০ টাকা (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৭৫ টাকা)। ড্রাফটটি 'University of North Bengal'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারেও ফি জমা দেওয়া যাবে।

প্রয়োজনীয় নথিপত্র, ব্যাঙ্ক ড্রাফট এবং প্রার্থীর নাম-ঠিকানা লেখা একটি খাম-সহ আবেদনপত্র ১৩ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Coordinator, Deptt. of Bioinformatics, UNIVERSITY OF NORTH BENGAL, P.O. NORTH BENGAL UNIVERSITY, Raja Rammohunpur, SILIGURI- 734 013, Dist. Darjeeling, PIN: 734 013 (WB).

### দূরশিক্ষা ব্যবস্থায় পরিবেশ সংক্রান্ত আইন ও নীতির স্নাতকোত্তর ডিপ্লোমার কোর্স



এনভায়রমেন্টাল ল অ্যান্ড পলিসির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচারের অধীনস্থ সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল। ১ বছর মেয়াদের এই কোর্সটি দিল্লির ন্যাশনাল ল ইউনিভার্সিটি দ্বারা স্বীকৃত। কোর্সগুলি পড়ানো হবে দূরশিক্ষা ব্যবস্থায়।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

**কোর্স ফি:** ১৩,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রয়োজনে টেলিফোনে ইন্টারভিউ নেওয়া হতে পারে।

কোর্সটি পড়া যাবে দু'ভাবে— অফলাইন ও অনলাইন। অফলাইনে পড়তে চাইলে ছাত্রছাত্রীর নির্দিষ্ট ঠিকানায় স্টাডি মেটেরিয়াল পাঠিয়ে দেওয়া হবে। অনলাইনের ক্ষেত্রে স্টাডি মেটেরিয়াল পাওয়া যাবে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wwfindia.org/cel আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সই করে দেবেন।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে ফটোর উপর সই করে দেবেন।
- ✓ প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল।
- ✓ সংশ্লিষ্ট বিষয়টি পড়ার কারণ— এই বিষয়ে লেখা একটি রচনা।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্রটি স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: submissionscel@wwfindia.net অথবা নথি-সহ আবেদনপত্রটি ডাকে পাঠাতে পারেন এই ঠিকানায়: The Course Coordinator, Centre for Environmental Law, WWF-INDIA, 172-B, Lodi Estate, NEW DELHI – 110 003. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### রায়গঞ্জে রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ



রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। প্রশিক্ষণ দেওয়া হবে উত্তর দিনাজপুরের রায়গঞ্জের পশ্চিম দিনাজপুর চেম্বার অব কমার্সে। প্রশিক্ষণ ২৩ সেপ্টেম্বর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ক্লাস এইট পাশ। মাধ্যমিক ও উচ্চশিক্ষিত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে।

**কোর্স ফি:** ৪০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং বি পি এল ক্যাটেগরিভুক্ত প্রার্থীদের কোনও ফি লাগবে না।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৬ সেপ্টেম্বর, সকাল ১১টা থেকে। ইন্টারভিউ নেওয়া হবে রায়গঞ্জের ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিজ সেন্টারে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, ফটো, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের নকল, আধার কার্ডের নকল এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মী এবং বি পি এল ক্যাটেগরিভুক্তদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের নকল-সহ আবেদনপত্র ১৩ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, MSME-Development Institute, 111 & 112, B.T. Road, Kolkata-700 108.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.msmedikolkata.gov.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: শ্রী বি পি দাশগুপ্ত (অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর): ৯৮৩১৩-৩৪০২০, শ্রী তাপস রায় (ইনভেস্টিগেটর): ৯৪৩২৪-৫৭০২৬, শ্রী এস সি সরকার (জেনারেল ম্যানেজার): ৯৪৩৪৯-৮৬০৬৭।




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন'-এর ধরনধারণ বিষয়ে বিশদে জানালে উপকৃত হব। —প্রীতি দাস, সিউড়ি, বীরভূম।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন' হয় দু'টি পর্বে, প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় থাকে ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হয় জেনারেল স্টাডিজ ও এরিথমেটিক বিষয়ে। ২০০টি প্রশ্ন হয়। মেন পরীক্ষায় কনভেনশনাল টাইপ প্রশ্ন হয়। এই পরীক্ষার দু'টি ভাগ: (১) আবশ্যিক বিষয় (২) ঐচ্ছিক বিষয়। আবশ্যিক বিষয়ের পরীক্ষায় প্রথম পত্রে থাকে ইংরেজি এসে, প্রেসি ও কম্পোজিশন। দ্বিতীয় পত্রে থাকে বাংলা ভাষায় প্রবন্ধ রচনা, সারসংক্ষেপ ও কম্পোজিশন। তৃতীয় পত্রে জেনারেল স্টাডিজ বিষয়ক প্রশ্ন হয়। প্রতি পত্রের নম্বর ১০০। ঐচ্ছিক বিষয়ের পরীক্ষার জন্য নির্ধারিত বিষয়ের তালিকা থেকে দু'টি বিষয় বেছে নিতে হয়। প্রতি বিষয়ে নম্বর ২০০। এর পর হয় পার্সোন্যালিটি টেস্ট। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ২০০ নম্বরের এবং ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ১০০ নম্বরের। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.pscwb.org.in

## স্টাফ সিলেকশন

□ *ভারত সরকারের বিভিন্ন বিভাগে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? পরীক্ষাকেন্দ্রগুলি কী কী? —তনুময় দত্ত, নগর, মুর্শিদাবাদ।*

□□ ভারত সরকারের বিভিন্ন বিভাগে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে মোট ৫০০ নম্বরের অনলাইন (পেপার ওয়ান) ও লিখিত পরীক্ষার (পেপার টু) মাধ্যমে। পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারের সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। মোট সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। মোট সময় ২ ঘণ্টা। পরীক্ষার তারিখ এখনও কমিশনের তরফে জানানো হয়নি। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টু-এর পরীক্ষায় বসার জন্য যোগ্য বিবেচিত হবেন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হুগলি, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়ি। বিভিন্ন খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন স্টাফ সিলেকশন কমিশনের এই ওয়েবসাইট: https://ssc.nic.in

## উচ্চশিক্ষা

□ *সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে বসার জন্য আবেদন করেছি। পরীক্ষার তারিখ কবে? পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন আসবে? —মৃন্ময় দাশগুপ্ত, রায়না, পূর্ব বর্ধমান।*

□□ দেশের সহস্রাধিক কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট) নেওয়া হবে ৮ ডিসেম্বর। পরীক্ষা পরিচালনা করবে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)। সি-টেট পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দু'টি পত্রের পরীক্ষা। যাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাঁরা প্রথম পত্রের এবং যাঁরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য বিবেচিত হতে চান তাঁরা দ্বিতীয় পত্রের উত্তর করবেন। যাঁরা উভয় স্তরের জন্যই বিবেচিত হতে চান তাঁদের দু'টি পত্রেরই উত্তর দিতে হবে। প্রথম পত্রের পরীক্ষা সকাল সাড়ে ৯টা থেকে, দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে। প্রতি পত্রের জন্য সময় আড়াই ঘণ্টা। পেপার ওয়ানে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২, ম্যাথমেটিক্স, এনভায়রনমেন্টাল স্টাডিজ। প্রতিটি বিভাগ ৩০ নম্বরের। মোট ১৫০ নম্বর। পেপার টুয়ে থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগজি, ল্যাঙ্গুয়েজ-১, ল্যাঙ্গুয়েজ-২ (প্রতিটি বিভাগ ৩০ নম্বরের) এবং ম্যাথমেটিক্স ও সায়েন্স টিচারের ক্ষেত্রে ম্যাথমেটিক্স অ্যান্ড সায়েন্স অথবা সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স টিচারের ক্ষেত্রে সোশ্যাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্স (৬০ নম্বর)। নেগেটিভ মার্কিং নেই। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ctet.nic.in

□ *পশ্চিমবঙ্গের কলেজ সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত স্টেট এলিজিবিলিটি টেস্ট বা 'সেট' পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। লাইফ সায়েন্স বিষয়ে সেট পরীক্ষায় বসার জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —তপন বারুই, উত্তর ২৪ পরগনা।*

□□ লাইফ সায়েন্স বিষয়ে 'সেট' পরীক্ষার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, অ্যানিম্যাল সায়েন্স, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি, ফিজিওলজি বা সমতুল যে-কোনও একটি বিষয়ে ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার ডিগ্রি। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১-এর আগে মাস্টার ডিগ্রির পরীক্ষা সম্পূর্ণ করে থাকলে (ফলপ্রকাশ এই তারিখের পরে হলেও চলবে) এবং পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলেই সেট পরীক্ষায় বসতে পারবেন। ওয়েবসাইট: www.wbcsconline.in

## কোর্স, ট্রেনিং

□ ***স্কুল অব আর্কাইভাল স্টাডিজে** আর্কাইভস অ্যান্ড রেকর্ডস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স বিষয়ে বিস্তারিত জানাবেন। —সুমন পাল, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ আর্কাইভস অ্যান্ড রেকর্ডস ম্যানেজমেন্টের ১ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়িয়ে থাকে স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। শিক্ষাগত যোগ্যতা: ইতিহাসে এম এ। অপশনাল পেপার হিসেবে আধুনিক ভারতের ইতিহাস (১৭৫০ সাল পরবর্তী) পড়ে থাকতে হবে। অথবা সোশ্যাল সায়েন্সের বিভিন্ন শাখা, যথা— অ্যানথ্রপোলজি, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, সোশিওলজি, লিঙ্গুইস্টিক্সে এম এ। অথবা ফিজিক্যাল সায়েন্স বা অ্যাপ্লায়েড ফিজিক্যাল সায়েন্সে এম এসসি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে কোর্স ফি ১,৫০০ টাকা। কোর্স চলাকালীন মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেওয়া হয়ে থাকে। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.nationalarchives.nic.in

## নার্সিং

□ ***কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি** হেলথ সেন্টারে স্টাফ নার্স পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শাশ্বতী ঘোষদস্তিদার, নগেন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ বা নার্সিংয়ে বি এসসি। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা বাধ্যতামূলক। প্রার্থীকে অবশ্যই বাংলা জানতে হবে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in ৯ সেপ্টেম্বরের মধ্যে পুরণ করা দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: Room No. 147, 1st floor, 5, S.N. Banerjee Road, Kolkata Municipal Corporation (HQ), Kolkata-700013. (কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টে আর শনিবার দুপুর ২টো-র মধ্যে)।

□ *টাটা মেমোরিয়াল সেন্টারে নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —গার্গী দাশগুপ্ত, দুলিয়া, হাওড়া।*

□□ টাটা মেমোরিয়াল সেন্টারে নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াই-ফারিতে ডিপ্লোমা, সঙ্গে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। অথবা নার্সিংয়ে বেসিক বা পোস্ট বেসিক-বি এসসি। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ২০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.actrec. gov.in পূরণ করা দরখাস্তের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ২৭ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Sr. Administrative Officer, Advanced Centre for Treatment, Research & Education in Cancer, Sector-22, Kharghar, Navi Mumbai-410210.

## ব্যাঙ্ক

□ *আই বি পি এসের মাধ্যমে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে নিয়োগের যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দিলীপ মণ্ডল, আনন্দনগর, হুগলি।*

□□ আই বি পি এসের মাধ্যমে ক্লার্ক পদে নিয়োগের যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস'-এ বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সঙ্গে কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। কম্পিউটার বিষয়ক সার্টিফিকেট, ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স করে থাকতে হবে। অথবা স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, সেই রাজ্যের আঞ্চলিক ভাষা লিখতে, বলতে ও পড়তে জানা চাই। ওয়েবসাইট: www.ibps.in

## অন্যান্য চাকরি

□ ***প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট** ইন্ডিয়ায় ইনস্ট্রুমেন্টেশন শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মনোজ বৈশ্য, কল্যাণী, নদিয়া।*

□□ প্রোজেক্টস অ্যান্ড ডেভেলপমেন্ট ইন্ডিয়ায় ইনস্ট্রুমেন্টেশন শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। সমতুল ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় ই সি (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.pdilin.com

□ ***কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার** পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —শ্রেয়াঙ্কা মাইতি, বাঁকুড়া।*

□□ কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ১২০টি শব্দ লেখার দ্রুততা এবং প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের স্টেনোগ্রাফি টেস্ট এবং টাইপ টেস্টের মাধ্যমে। স্টেনোগ্রাফি টেস্টের প্রথম পর্যায়ে মিনিটে ১২০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে সেটিকে ৪৫ মিনিটের মধ্যে নিজের হাতে লিখতে হবে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের আরও একটি শর্টহ্যান্ড টেস্ট নেওয়া হবে। এক্ষেত্রে শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশনটি মিনিটে ৩০টি শব্দের গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.calcuttahighcourt.gov.in

□ *টাটা মেমোরিয়াল সেন্টারে অ্যানেস্থেশিয়া বিভাগে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শঙ্খদীপ চক্রবর্তী, শিবপুর, হাওড়া।*

□□ টাটা মেমোরিয়াল সেন্টারে অ্যানেস্থেশিয়া বিভাগে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি, সঙ্গে আই সি ইউ বা ও টি টেকনিক্স বা রেসপিরেটরি থেরাপি টেকনিকে ১ বছরের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ও টি টেকনিক্স বা রেসপিরেটরি থেরাপি টেকনিক বা সমতুল বিষয়ে স্নাতক। উভয় ক্ষেত্রেই আই সি ইউ বা ও টি টেকনিশিয়ান হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি, সঙ্গে কোনও হাসপাতালে আই সি ইউ বা ও টি টেকনিশিয়ান পদে ১ বছরের অভিজ্ঞতা। দেখুন এই ওয়েবসাইট: www.actrec.gov.in

□ *হিন্দুস্তান পেট্রোলিয়ামে ফায়ার অ্যান্ড সেফটি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সুস্মিত দাস, ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।*

□□ হিন্দুস্তান পেট্রোলিয়ামে ফায়ার অ্যান্ড সেফটি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফায়ার ইঞ্জিনিয়ারিং বা ফায়ার অ্যান্ড সেফটি ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে অন্তত ১ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৬৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি থাকতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬.৫ সেমি থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা-ছাড়া উভয় চোখে ৬/৬ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক দৃষ্টি, তোতলামি থাকা চলবে না। প্রার্থীকে অবশ্যই শারীরিকভাবে সুস্থ হতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ এবং গ্রুপ টাস্কের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। অবজেকটিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড (লজিক্যাল রিজনিং, ডেটা ইন্টারপ্রিটেশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ) এবং সংশ্লিষ্ট বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। ১৬ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে https://hindustanpetroleum.com

□ *মাজাগন ডকে জুনিয়র প্ল্যানার এস্টিমেটর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শ্যাম ঘোষ, শঙ্খনগর, হুগলি*

□□ মাজাগন ডকে জুনিয়র প্ল্যানার এস্টিমেটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে মেকানিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অ্যালায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন— যে-কোনও একটিতে এবং সিভিল ব্রাঞ্চের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় অন্তত পাশ নম্বর-সহ ডিগ্রি বা ডিপ্লোমা। সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলেও ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে আবেদন করা যাবে। ৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazagondock.in

## বিবিধ

□ ***স্টেট লেভেল ন্যাশনাল ট্যালেন্ট** সার্চ পরীক্ষার মাধ্যমে দশম শ্রেণিতে পাঠরতদের সরকারি স্কলারশিপ প্রাপ্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের 'স্টেট লেভেল ন্যাশনাল ট্যালেন্ট সার্চ এক্সামিনেশন'-এর ধরনধারণ সম্পর্কে জানাবেন। —অনির্বাণ মল্লিক, পুরুলিয়া।*

□□ দশম শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে রাজ্য সরকারের স্কলারশিপ প্রদানের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নবম শ্রেণি পাশ। দূরশিক্ষার মাধ্যমে যাঁরা পড়াশোনা করছেন এবং প্রথম বারের জন্য দশম শ্রেণির পরীক্ষা দিতে চলেছেন, তাঁরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে প্রার্থীর কোনও রকম পেশার সঙ্গে যুক্ত থাকা চলবে না। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'পর্যায়ে— মেন্টাল এবিলিটি টেস্ট (১০০ নম্বর) এবং স্কলাসটিক অ্যাপ্টিটিউড টেস্ট (১০০ নম্বর)। স্কলাসটিক অ্যাপ্টিটিউড টেস্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, হিস্ট্রি, জিওগ্রাফি, পলিটিক্যাল সায়েন্স এবং ইকনমিক্স বিষয়ে। উভয় পর্যায়েই নবম ও দশম শ্রেণি স্তরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পর্যায় প্রতি সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে কোনও নেগেটিভ মার্কিং নেই। ওয়েবসাইট: www.scholarships.wbsed.gov.in

নাম : ..........................................

ঠিকানা : ......................................

..................................................

..................................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কলকাতায় সরকারি স্বাস্থ্য প্রকল্পে ১৬৫ স্টাফ নার্স

১৬৫ জন স্টাফ নার্স নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 4/Kolkata City NUHM Society/2019-20.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৪১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ৫, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ৯, তফসিলি জাতি ৬০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি-এ ২৭, ও বি সি-বি ৮।

**শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ বা নার্সিংয়ে বি এসসি। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা বাধ্যতামূলক। এছাড়া বাংলা জানতে হবে।

**বয়স:** ১-৯-২০১৯ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ১৭,২২০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmc gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথ-ভাবে। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন।

দরখাস্ত জমা দিতে হবে ৯ সেপ্টেম্বরের মধ্যে। কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টে (শনিবার দুপুর ২টো)-র মধ্যে দরখাস্ত জমা দেওয়া যাবে এই ঠিকানায়: Room No. 147, 1st floor, 5, S.N. Banerjee Road, Kolkata Municipal Corporation (HQ), Kolkata-700013. দরখাস্ত জমা দেওয়ার সময় পূরণ করা দরখাস্তের এক কপি নকল সঙ্গে নিয়ে যাবেন। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বাঁকুড়ায় অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়ক

অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়ক পদে ১২ জনকে নিয়োগ করবে বাঁকুড়ার চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিস। নিয়োগ হবে সোনামুখী ব্লকে আই সি ডি এস প্রকল্পে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ব্লকের অন্তর্গত নির্দিষ্ট গ্রাম পঞ্চায়েত ও পুরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 167/ICDS/SONA.

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bankura.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১১ সেপ্টেম্বরের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট ব্লকের চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসে।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পূর্ব বর্ধমানের সরকারি হস্টেলে চাকরি

সুপারিন্টেন্ডেন্ট, কেয়ারটেকার, মেট্রন, কুক, হেল্পার, দারোয়ান-কাম-নাইট গার্ড এবং কর্মবন্ধু পদে ১২ জনকে নিয়োগ করা হবে পণ্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক স্কুলের হস্টেলে। চুক্তিতে নিয়োগ করবে পূর্ব বর্ধমান জেলার ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার অফিস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1009/BCW/BDN.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purbabardhaman.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## গোর্খাদের জন্য সেনাবাহিনীর র‍্যালি

সেনাবাহিনীর সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরিতে নিয়োগের জন্য ১৪ ও ১৫ অক্টোবর একটি র‍্যালি আয়োজিত হবে দার্জিলিংয়ের ঘুম আর্মি গ্রাউন্ডে। দার্জিলিং ও কালিম্পংয়ে স্থায়ীভাবে বসবাসকারী গোর্খা তরুণরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ৬ অক্টোবরের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.join indianarmy.nic.in অ্যাডমিট কার্ড প্রার্থীর ই-মেলে পাঠানো হবে ৭ অক্টোবর।

# ঝাড়গ্রামে সমগ্র শিক্ষা মিশনে চাকরি

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), জুনিয়র ইঞ্জিনিয়ার, ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কো-অর্ডিনেটর-সহ বিভিন্ন পদে ১৪ জনকে নেবে ঝাড়গ্রামের সমগ্র শিক্ষা মিশনের ডিস্ট্রিক প্রোজেক্ট অফিস। চুক্তিতে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের সমগ্র শিক্ষা মিশন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/SSM/ Recruitment.

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ১টি, জুনিয়র ইঞ্জিনিয়ার: ১টি, ডিস্ট্রিক্ট এম আই এস ইন-চার্জ: ১টি, ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট জেন্ডার কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট আই ই ডি কো-অর্ডিনেটর: ১টি, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার: ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক: ২টি, ডেটা এন্ট্রি অপারেটর: ২টি, গ্রুপ ডি/নাইট গার্ড: ২টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jhargram.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৩ সেপ্টেম্বর।

বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


Entrepreneurship Development Institute of India

N·S·D·C National Skill Development Corporation

**Department of Science & Technology (Govt. of India)**

সহযোগিতায় ঃ- Entrepreneurship Development Institute of India (EDII)

রূপায়ণেঃ- **Webcon Consulting India Limited** (A State Govt. Company)

**NSDC Registered Training Partner - NSDC Reg. No. 9101**

স্বনির্ভরের লক্ষ্যে বিনা ব্যয়ে নিম্নলিখিত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে

| প্রোগ্রামের নাম | সময়সীমা | স্থান | বিষয় |
|---|---|---|---|
| Entrepreneurship Development Programme (EDP) (এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট প্রো:) | ৪ (চার) সপ্তাহ | দুর্গাপুর, বর্ধমান সদর মেমারী, ব্যারাকপুর | শিল্প স্থাপনের জন্য উদ্যোগবর্তী প্রশিক্ষণ |
| Women Entrepreneurship Development Programme (WEDP) (উইমেন এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট প্রো:) কেবল মাত্র মহিলাদের জন্য | ৪ (চার) সপ্তাহ | গাংপুর, চন্দনগর | |
| Technology Entrepreneurship Development Programme (TEDP) (প্রযুক্তি নির্ভর এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট প্রো:) | ৬ (ছয়) সপ্তাহ | শিলিগুড়ি | কসমেটোলজি |
| | | জলপাইগুড়ি | কম্পিউটার হার্ডওয়ার এন্ড এসেমব্লিং |

যোগ্যতাঃ- ১৮-৪০ বছরের মধ্যে বিজ্ঞান শাখায় স্নাতক / ইঞ্জিঃ বা প্রযুক্তি শাখায় ডিগ্রী বা ডিপ্লোমা।

আবেদন পত্র সংগ্রহের জন্য যোগাযোগ করুন: **Webcon Office** ঠিকানায় অথবা **www.webcon.in**

ঠিকানা: **Chatterjee International Centre, 4th Floor, 33A, J. L. Nehru Road, Kolkata - 700 071**

বিশদে জানতে যোগাযোগ করুন

শ্রী সুপ্রিয় হালদার, ম্যানেজার - (০৩৩) ২২২৬ ৬৫২৭ / ৬২৭৮ / ৪০৭০ ৬০৬০ / ৬০৬১

আবেদন পত্র পাঠানোর শেষ তারিখ ১৭ই সেপ্টেম্বর, ২০১৯





Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যারা হৃদয় থেকে কাজের উদ্যোগ নেয় না, তারা শেষপর্যন্ত কোথাও পৌঁছাতে পারে না।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

***✓আমি এগ্রিকালচারের বি এসসি ডিগ্রি পাশ করেছি ২০১৮-য়। একটি বেসরকারি কৃষিভিত্তিক সংস্থায় চাকরি করছি। সরকারি চাকরির খোঁজ চাইছি।***
*নাম প্রকাশে অনিচ্ছুক, আরামবাগ, হুগলি।*

☐ পরীক্ষার প্রস্তুতি নিন। চাকরি হতে পারে সরকারি নানা বিভাগে।

***এখনই আবেদন করতে পারেন:*** এগ্রিকালচার বিষয়ের কিছু গ্র্যাজুয়েট ট্রেনি নেবে ইফকো। শিক্ষাগত যোগ্যতা মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচারের বি এসসি ডিগ্রি। ১ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের সময়ে মাসে ৩৩,৩০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ শেষে চাকরি। 'কর্মক্ষেত্র'-র ২৮ অগস্ট সংখ্যায় 'ইফকোয় ট্রেনি এগ্রিকালচার গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২০১৬-র আগে ডিগ্রি পেয়ে থাকলে আবেদন করা যাবে না। প্রার্থী বাছাই করা হবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষা কেন্দ্র আছে। ৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iffco.in

এগ্রিকালচার বিষয়ের কিছু গ্র্যাজুয়েট ট্রেনি নেবে ইফকো। শিক্ষাগত যোগ্যতা মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচারের বি এসসি ডিগ্রি। ১ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের সময়ে মাসে ৩৩,৩০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ শেষে চাকরি।

***পরে আবেদন করতে পারবেন:*** সরকারি সার, বীজ উৎপাদনকারী সংস্থাগুলিতে চাকরির সুযোগ আছে। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে সময়ে সময়ে এগ্রিকালচারাল অফিসার নিয়োগ করা হয়। কেন্দ্রীয় সরকারে কৃষিবিভাগেও চাকরির সুযোগ রয়েছে। চাইলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে স্পেশ্যালিস্ট অফিসার (এগ্রিকালচার) পদে আবেদন করতে পারেন। এজন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের স্পেশ্যালিস্ট অফিসার পদের পরীক্ষায় সফল হতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই পদে আবেদন করতে পারবেন সরাসরিই। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতেও এগ্রিকালচারাল অফিসার পদে আপনি আবেদন করতে পারবেন। প্রশাসনিক চাকরিতে আগ্রহ থাকলে ডব্লু বি সি এস বা সেন্ট্রাল সিভিল সার্ভিসেসের পরীক্ষাতেও বসতে পারেন।

***✓আমি বাংলা অনার্স পড়ছি। স্টেনোগ্রাফি জানি। স্টেনোগ্রাফারের চাকরির সন্ধানে রয়েছি। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***
*শুভেন্দু কয়াল, রাজারহাট, কলকাতা।*

☐ আপনার চিঠি থেকে স্টেনোগ্রাফির গতি সম্পর্কে কোনও তথ্য পাওয়া যাচ্ছে না। যাই হোক, স্টেনোগ্রাফি প্র্যাক্টিসের সঙ্গে সঙ্গে লিখিত পরীক্ষার জন্যও প্রস্তুতি নিতে থাকুন। চাকরি আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট/স্টেনোগ্রাফার নেবে কলকাতা হাইকোর্ট। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। প্রতি মিনিটে ১২০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং প্রতি মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৮ অগস্ট সংখ্যায় 'কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। স্টেনোগ্রাফির প্রয়োজনীয় গতি থাকলে আপনি আবেদন করতে পারেন। সাদা কাগজে প্রয়োজনীয় সমস্ত তথ্য উল্লেখ করে দরখাস্ত করতে হবে। নথিপত্র-সহ ১১ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar General, High Court, Calcutta. দরখাস্তের পদ্ধতি সম্পর্কে জানার জন্য ২৮ অগস্টের 'কর্মক্ষেত্র' দেখে নিতে পারেন। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://www.calcuttahighcourt.gov.in

কিছু পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট/ স্টেনোগ্রাফার নেবে কলকাতা হাইকোর্ট। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। প্রতি মিনিটে ১২০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং প্রতি মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে।

***পরে আবেদন করতে পারবেন:*** স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকার প্রতি বছরই বেশ কিছু স্টেনোগ্রাফার নিয়োগ করে। আপনি স্টাফ সিলেকশন কমিশনের এই পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে তা 'কর্মক্ষেত্র'-য় বিশদে জানানো হয়। রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে স্টেনোগ্রাফার পদে আবেদন করার সুযোগ রয়েছে। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় স্টেনোগ্রাফার নেওয়া হয়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

***✓মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা সম্পূর্ণ হয়েছে সম্প্রতি। ডিপ্লোমায় ৭২ শতাংশ নম্বর আছে। চাকরির চেষ্টা চলছে। চাকরির খোঁজ দেবেন।***
*রামপ্রসাদ দাস, মামুদপুর, হুগলি।*

☐ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের বিভিন্ন সরকারি সংস্থাতেই চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৮ অগস্ট সংখ্যায় 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনে টেকনিশিয়ান-বি, ড্রাফটসম্যান-বি এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৩ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায়। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিং শাখার ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। 'কর্মক্ষেত্র'-র ২১ অগস্ট সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ১২ সেপ্টেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আপনি আবেদনের যোগ্য। পশ্চিমবঙ্গ সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। চাকরি আছে আরও বিভিন্ন সরকারি সংস্থায়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

## কাজের জগতের সঙ্গে নিজের বিষয়ের সম্পর্কগুলো সম্পর্কে অবহিত থাকুন



**সান্ত্বন চট্টোপাধ্যায়,** কো-অর্ডিনেটর, এম এ— জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন, যাদবপুর বিশ্ববিদ্যালয়

যিনি যে বিষয় নিয়ে পড়াশোনা করছেন, তাঁকে সেই বিষয়-সংশ্লিষ্ট কাজের রকমফের সম্পর্কে অবহিত হতে হবে। একটি বিষয়ের জ্ঞান বিভিন্ন ধারার কাজেই ব্যবহৃত হতে পারে। সেক্ষেত্রে ছাত্রছাত্রীদের কাজের পরিধি বাড়ে। আমি জার্নালিজম ও মাস কমিউনিকেশনের শিক্ষক। তাই আমার বিষয়-সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রের কাজের উদাহরণ দিই। পোস্ট-গ্র্যাজুয়েশনে পড়াশোনা সম্পূর্ণ করার পরে জার্নালিজমের একজন ছাত্র বা ছাত্রী খবরের কাগজ, ম্যাগাজিন, টেলিভিশন মাধ্যমে সাংবাদিকতা করতে পারেন, এটা আমরা জানি। এর পাশাপাশি আরও পেশা আছে, যেখানে সাংবাদিকতা ও গণজ্ঞাপনের জ্ঞান কাজে লাগে। জার্নালিজম ও মাস কমিউনিকেশনের একজন ছাত্র বা ছাত্রী পাবলিক রিলেশনের চাকরি করতে পারেন, লিয়াজঁ অফিসারের চাকরি করতে পারেন। বিজ্ঞাপন সংস্থায় চাকরির সুযোগ আছে। মার্কেট রিসার্চ সংস্থায় চাকরি হতে পারে। ওয়েব জার্নালিজমের দ্রুত প্রসার ঘটছে আমাদের দেশে। এটাও একটা বড় কাজের ক্ষেত্র হয়ে উঠছে। ফটোগ্রাফিতে যাঁদের বিশেষ আগ্রহ, তাঁরা ফটো জার্নালিজমের পেশা অবলম্বন করতে পারেন। ফ্যাশন জার্নালিজম, ফুড জার্নালিজমেরও প্রসার ঘটছে। ভালো আঁকার হাতের সঙ্গে রাজনীতি, সমাজতত্ত্ব, সংস্কৃতি ইত্যাদির প্রখর জ্ঞানের যোগ ঘটলে কার্টুনিস্টের পেশায় পা রাখা যায়। আবার, চাইলে সরকারি চাকরির পথটিও বেছে নেওয়া যায়।

ওপরে একটা বিষয়-সম্পর্কিত কয়েকটি পেশার উদাহরণ দিলাম। সব বিষয়ের সঙ্গেই বিভিন্ন রকমের পেশা যুক্ত হয়ে থাকে। প্রবণতা, ঝোঁক, ক্ষমতা অনুসারে কাজ বাছাই করার সুযোগটা কাজে লাগানো যায়, বিষয়-সম্পর্কিত পেশাগুলির হাল-হদিশ জানা থাকলে।

জার্নালিজম নিয়ে পড়াশোনা করতে চাইলে মাস্টার ডিগ্রি বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা পর্যন্ত পড়াশোনাটা চালিয়ে যেতেই হয়। তবেই জার্নালিজমভিত্তিক নানা পেশায় পা রাখার দরজাটা খোলে।

কখনও এমনটাও হতে পারে, আপনার মূল বিষয়-সম্বন্ধিত আরেকটি পেশাদারি বিষয় নিয়ে পড়াশোনা করলেন। যেমন, গ্র্যাজুয়েশনে আপনার সোশিওলজিতে অনার্স থাকলে পোস্ট-গ্র্যাজুয়েশনে মাস্টার অব সোশ্যাল ওয়েলফেয়ার (এম এস ডব্লু) পড়তে পারেন। গ্র্যাজুয়েশনে মাইক্রোবায়োলজি নিয়ে পড়লে প্যাকেজিং টেকনোলজিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা করা যায়। ভূগোল নিয়ে গ্র্যাজুয়েশন করে রিমোট সেন্সিং নিয়ে পড়াশোনা করা যায়। কেমিস্ট্রি নিয়ে গ্র্যাজুয়েশনে পড়াশোনা শেষ করে নানা পেশাদারি কোর্স করা যায়, যেমন— ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফার্মাকোভিজিল্যান্স, কম্পুটেশনাল কেমিস্ট্রি, মেডিক্যাল কেমিস্ট্রি, ড্রাগ কেমিস্ট্রি ইত্যাদি।

তবে, যে কথাটা মনে রাখার তা হল, নিজের বিষয়ভিত্তিক পেশাদারি কোর্স করার জন্য আপনার মূল বিষয়টি ভালো করে জানতেই হবে। পেশাদারি কাজের ক্ষেত্রেও একথা প্রযোজ্য। কেমিস্ট্রি ভালো করে জানলে তবেই আপনি মেডিক্যাল কেমিস্ট্রি ভালো বুঝবেন। মাস কমিউনিকেশনের ভালো জ্ঞান থাকলে তবেই পাবলিক রিলেশনের কাজটা ভালো পারবেন।

আমি বলতে চাইছি, আপনার বিষয়ের বৃহত্তর গণ্ডিটা সম্পর্কে সজাগ থাকুন। বিষয়টিকে অবলম্বন করে পেশার জগতের কোন কোন ক্ষেত্রে বিচরণ করা যায়, সে-সম্পর্কে অবহিত থাকলে পেশা বাছাইয়ের অবশ্যই সুবিধা হবে।

***✓বি কম পাশ। ট্যালি-সহ অ্যাকাউন্টিং সফটওয়্যারে কাজের অভিজ্ঞতা আছে। বয়স ২৫ বছর। সরকারি চাকরির খবর দেবেন।***
*তুহিন মাইতি, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। অ্যাকাউন্টস সংক্রান্ত চাকরিও রয়েছে। অ্যাকাউন্টিং সফটওয়্যারের ব্যবহার জানা থাকায় চাকরি পেতে সুবিধেই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়া কিছু অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে। নিয়োগ হবে স্কেল ওয়ান অফিসার গ্রেডে। কমার্সের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। বেতনক্রম ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৮ অগস্ট সংখ্যায় 'জেনারেল ইনশিওরেন্সে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১১ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gicofindia.in

জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়া কিছু অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে। নিয়োগ হবে স্কেল ওয়ান অফিসার গ্রেডে। কমার্সের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। বেতনক্রম ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় ও রাজ্য সরকারের গ্র্যাজুয়েট যোগ্যতার চাকরিগুলির জন্য আপনি আবেদন করতে পারবেন। চাকরির সুযোগ আছে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, বিমা সংস্থাগুলিতেও। রেলে অ্যাকাউন্টস বিভাগে চাকরির সুযোগ আছে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



ব্যবসায়ী তরুণ-তরুণীদের জন্য
ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ডস-২০১৯
আবেদনের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর
...পৃঃ ১২

# কর্মক্ষেত্র জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# বিনোদন জগতে পা রাখার আগে প্রয়োজন প্রশিক্ষণ



**সিনেমা হল, টেলিভিশনের পাশাপাশি ইন্টারনেট বা স্মার্টফোনেও বাড়ছে চলচ্চিত্রের দর্শকসংখ্যা। সংজ্ঞা পাল্টাচ্ছে বিনোদনের। বাড়ছে কাজের সুযোগ। চলচ্চিত্র শিল্প-সংক্রান্ত কোনও পেশায় আসতে চাইলে স্নাতক হওয়ার পরই নিন প্রয়োজনীয় প্রশিক্ষণ। ভর্তি নিচ্ছে রূপকলা কেন্দ্র। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** চলচ্চিত্র নির্মাণ এখন আর সেলুলয়েডে আটকে নেই, তাতে বিপ্লব এনেছে ডিজিটাল ফর্ম্যাট। চলচ্চিত্রের প্রদর্শনও এখন কেবল হল-নির্ভর নয়, টেলিভিশন, ইন্টারনেট হয়ে তা ঢুকে পড়েছে স্মার্টফোনে। বিনোদনের পুরনো অভ্যাস এতে বদলে গিয়েছে ঠিকই, কিন্তু একইসঙ্গে চলচ্চিত্রশিল্পের জন্য খুলে গিয়েছে বিভিন্ন মাধ্যমে কাজের সুযোগ। বড় পর্দা, ছোট পর্দার পাশাপাশি এখন ওয়েবসাইটও সিনেমা দেখা এবং দেখানোর বড় মাধ্যম। সব মিলিয়ে চলচ্চিত্র জগতের সঙ্গে জড়িত কলাকুশলীদের কাজের সুযোগ অনেকটাই বেড়েছে।

**ফিল্ম ও টেলিভিশন-সংক্রান্ত কোর্সগুলি নিয়ে যাঁরা পড়ছেন তাঁদের সামনে ডিজিটাল মাধ্যমে কাজের প্রচুর সুযোগ রয়েছে। সিনেমা, টেলিভিশন, ডিজিটাল এবং ইলেক্ট্রনিক মিডিয়া, ডিজিটাল প্রোডাকশন বা ফিল্ম প্রোডাকশন হাউসে, বিজ্ঞাপনের জগতে, ডিজিটাল মার্কেটিং ইন্ডাস্ট্রিতেও চাহিদা রয়েছে দক্ষ কর্মীর।**

পরিচালক, চিত্রগ্রাহক, অভিনেতা-অভিনেত্রীরা ছাড়াও চলচ্চিত্র নির্মাণের সঙ্গে জড়িয়ে থাকেন একাধিক কলাকুশলী ও অন্যান্য কর্মী। থাকেন গল্পকার, সংলাপ লেখক, শিল্প নির্দেশক, সাউন্ড ডিজাইনার, সেট ডিজাইনার-সহ বহু পেশাদার। কাজের ক্ষেত্রে প্রসারিত হওয়ায় এঁদের চাহিদাও উত্তরোত্তর বাড়ছে। কিন্তু চলচ্চিত্র শিল্প-সংশ্লিষ্ট যে-কোনও পেশায় আসতে চাইলে প্রথাগত প্রশিক্ষণ থাকাটা খুব দরকার।

রূপকলা কেন্দ্র রাজ্যের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীনস্থ সংস্থা। এখানে ডেভেলপমেন্ট কমিউনিকেশন এবং ফিল্ম ও টেলিভিশন-সংক্রান্ত চারটি বিষয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন।

## কী পড়বেন

**রূপকলা কেন্দ্রে পড়ানো হবে এই সব বিষয় (ব্র্যাকেটে সাবজেক্ট কোড)**
● ডেভেলপমেন্ট কমিউনিকেশন (১১), আসনসংখ্যা ১৬টি ● ডিরেকশন (২২), আসনসংখ্যা ৮টি ● মোশন পিকচার ফটোগ্রাফি (৩৩), আসনসংখ্যা ৮টি ● এডিটিং (৪৪), আসনসংখ্যা ৮টি ● সাউন্ড ডিজাইন (৫৫), আসনসংখ্যা ৮টি।

প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

রূপকলা কেন্দ্রের ডেভেলপমেন্ট কমিউনিকেশন বিভাগের প্রধান সমীর গোস্বামী কর্মক্ষেত্র-কে জানালেন, ডেভেলপমেন্ট ও কমিউনিকেশন দু'টি পৃথক বিষয় হলেও একে অপরের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে যুক্ত। এই কোর্সে যেমন শেখানো হয় রিসার্চ টেকনিক, প্রোজেক্ট ও ক্যাম্পেন প্ল্যানিং, নেটওয়ার্কিং, তেমনই পড়ানো হয় মাস কমিউনিকেশন, সোশ্যাল মার্কেটিংয়ের খুঁটিনাটি। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের বিভিন্ন সংস্থায় ইন্টার্নশিপে পাঠানো হয়।

মোশন পিকচার ফটোগ্রাফি কোর্সে শেখানো হয় স্টিল ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি, ক্যামেরা অপারেশন এবং অ্যাপারেটাস হ্যান্ডলিং। লাইটিং, অপটিক্স, লেনস ব্যবহারের খুঁটিনাটিও জানতে পারবেন শিক্ষার্থীরা।

ডিরেকশনের শিক্ষার্থীরা শিখবেন স্ক্রিন প্লে রাইটিং, দৃশ্যায়নের পদ্ধতি, সিনেম্যাটিক টেকনিক।

সাউন্ড ডিজাইনিংয়ের কোর্সে পড়ানো হয় মিউজিক রেকর্ডিং, সাউন্ড ডিজাইন ও মিক্সিং।

বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করেও কীভাবে গল্পের ভাষা ও ভাবকে অক্ষুণ্ণ রাখা যায় তার খুঁটিনাটি শিখতে পারা যাবে এডিটিংয়ের কোর্সে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে থিওরি-সংক্রান্ত ক্লাসের পাশাপাশি দক্ষ এবং অভিজ্ঞ পরিচালক, এডিটর, সিনেমাটোগ্রাফারদের তত্ত্বাবধানে নিয়মিতভাবে আয়োজন করা হয় একাধিক

এরপর চোদ্দোর পাতায়

# দক্ষিণবঙ্গে ডেনড্রোবিয়াম

**যে ডেনড্রোবিয়াম অর্কিড বহু টাকা খরচ করে থাইল্যান্ড থেকে আমদানি করতে হয় তার খুব ভালো চাষ হতে পারে দক্ষিণবঙ্গের উষ্ণ পরিমণ্ডলেও। চাষের জন্য সরকারি ভর্তুকিও পাওয়া যায়। বাণিজ্যিক চাষ সম্পর্কে তথ্য-পরামর্শ দিচ্ছেন অর্কিড বিশেষজ্ঞ ডঃ কৌশিক নাগ।**



**নিজস্ব প্রতিনিধি:** রপ্তানির বাজারে অর্কিডের চাহিদা খুব বেশি। এর বিভিন্ন প্রজাতির মধ্যে ভারতের বাজারে আবার ডেনড্রোবিয়াম অর্কিডের বিভিন্ন প্রজাতির প্রাধান্য লক্ষ করা যায়। প্রধানত থাইল্যান্ড থেকে আমদানি করা হয় ডেনড্রোবিয়াম অর্কিড। এখন ভারতেও ডেনড্রোবিয়ামের বাণিজ্যিক চাষ হতে পারে কিনা তাই নিয়ে ভাবনাচিন্তা চলেছে। এমন ভাবনার মূল কারণ, থাইল্যান্ড ও ভারতের আবহাওয়ার মধ্যে বিরাট কিছু ফারাক না থাকা।

পূর্ব মেদিনীপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রের সাবজেক্ট ম্যাটার স্পেশ্যালিস্ট (হর্টিকালচার) এবং বিশিষ্ট অর্কিড বিশেষজ্ঞ ডঃ কৌশিক নাগ জানালেন, উত্তরবঙ্গের ঠান্ডা আবহাওয়াতেই কেবল অর্কিডের চাষ সম্ভব, এ দেশে এরকম একটা ধারণা প্রচলিত আছে। কিন্তু এ ধারণা সর্বতোভাবে ঠিক নয়। ভারতের অন্যত্র, এমনকী দক্ষিণবঙ্গের উষ্ণ আবহাওয়াতেও ডেনড্রোবিয়াম অর্কিডের বাণিজ্যিক চাষ হওয়া সম্ভব। কৌশিকবাবু নিজের উদ্যোগে হাওড়া কৃষিবিজ্ঞান কেন্দ্রে পলিহাউসে ডেনড্রোবিয়াম, ভাণ্ডা, মোকারা অর্কিডের চাষ করেছেন। খুব ভালো

এরপর চোদ্দোর পাতায়



অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সংখ্যালঘু ছাত্রছাত্রীদের কেন্দ্রীয় ও রাজ্য সরকারি স্কলারশিপ

**দেশের সংখ্যালঘু ছাত্রছাত্রীদের স্কুল স্তর থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশোনার ক্ষেত্রে বৃত্তি দিচ্ছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার। আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের মেধাবী ছাত্রছাত্রীরা প্রথম শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশোনার জন্য পেতে পারেন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন বৃত্তি। কেন্দ্রীয় সরকারের সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকের তরফে প্রথম থেকে দশম শ্রেণির পড়ুয়াদের দেওয়া হয় 'প্রি-ম্যাট্রিক স্কলারশিপ', একাদশ শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশোনার জন্য দেওয়া হয় 'পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ' এবং কারিগরি বিষয়ে পড়াশোনার জন্য দেওয়া হয় মেরিট-কাম-মিনস স্কলারশিপ।

রাজ্য সরকারের সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের তরফেও প্রথম শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পঠনপাঠনের জন্য দেওয়া হয় 'ঐক্যশ্রী স্কলারশিপ'। কেন্দ্রীয় সরকারের মতোই শ্রেণি অনুসারে তিন ভাগে দেওয়া হয় স্কলারশিপ। তবে প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হয়।

সব ক্ষেত্রেই স্কলারশিপ প্রাপকদের পারিবারিক বার্ষিক আয় সরকার-নির্দিষ্ট সীমার মধ্যে থাকতে হয়। সবক'টি স্কলারশিপের জন্যই এখন অনলাইন আবেদন করা যাচ্ছে।

## কারা আবেদন করবেন

**ঐক্যশ্রী স্কলারশিপ**

পড়াশোনার বিভিন্ন স্তরে এই বৃত্তির জন্য আবেদনের ক্ষেত্রে শাখা ও নম্বর সংক্রান্ত কিছু নিয়ম রয়েছে। সেগুলি হল—

**প্রি-ম্যাট্রিক স্কলারশিপ:** প্রথম থেকে দশম শ্রেণিতে পড়াকালীন এই স্কলারশিপ পাওয়া যাবে। **পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ:** একাদশ শ্রেণি থেকে পি এইচ ডি স্তর পর্যন্ত পড়াশোনার সময় এই বৃত্তি পাওয়া যাবে।

**আবেদনের যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বৃত্তির পরিমাণ— **প্রি-ম্যাট্রিক স্কলারশিপ** ● প্রথম থেকে পঞ্চম শ্রেণির ক্ষেত্রে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছর ১,১০০ টাকা। ● ষষ্ঠ থেকে দশম শ্রেণির ক্ষেত্রে প্রতি বছর ৪,৪০০ টাকা। এছাড়া মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স প্রতি বছর ১,১০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৬,৬০০ টাকা)।

**পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ** ● একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছর ৭,৭০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছর ২,৫০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৪,২০০ টাকা)। ● টেকনিক্যাল ও ভোকেশনাল শাখায় একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ১১,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছরে ২,৫০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৪,২০০ টাকা)। ● স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ক্ষেত্রে স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছরপ্রতি ৩,৩০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছরে ৩,৩০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৬,৩০০ টাকা)। ● এম ফিল ও পি এইচ ডি স্তরের ক্ষেত্রে প্রতি বছর ৩,৩০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছর ৬,০০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ১৩,২০০ টাকা)।

সব ক্ষেত্রেই বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লক্ষ টাকার নীচে। প্রার্থীকে অবশ্যই রাজ্যের কোনও প্রতিষ্ঠানে পড়াশোনা করতে হবে।

**মেরিট-কাম-মিনস স্কলারশিপ:** যাঁরা কোনও পেশাদারি ও কারিগরি বিষয়, যেমন মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট, ল এবং চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা সমতুল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয় নিয়ে পড়ছেন তাঁরা এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন। এ রাজ্যের বাইরের নির্দিষ্ট কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করলেও স্কলারশিপের জন্য আবেদন করা যাবে।

বৃত্তির পরিমাণ— প্রতি বছর ২২,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি বছর ৫,৫০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ১১,০০০ টাকা)।

প্রার্থীকে অবশ্যই এ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লক্ষের নিচে।

## কীভাবে আবেদন করবেন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://wbmdfcscholarship.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর ইউজার আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি ব্যবহার করে সংশ্লিষ্ট ওয়েবসাইটে লগ-ইন করে আবেদনের ফর্ম যথাযথভাবে পূরণ করবেন।

অনলাইন আবেদনের সময় প্রার্থী কোন শাখায় আবেদন করছেন তা সঠিকভাবে উল্লেখ করবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাপ্লিকেশন নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনের প্রিন্ট আউটটি প্রার্থী যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করছেন সেখানে জমা দেবেন।

আবেদনের খুঁটিনাটি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ১৮০০-১২০-২১৩০।

**কেন্দ্রীয় সরকারের তরফে স্কুল ও বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত পাঠরত সংখ্যালঘু ছাত্রছাত্রীদের দেওয়া হয় এই তিনটি স্কলারশিপ—**

**প্রি-ম্যাট্রিক স্কলারশিপ:** প্রথম থেকে দশম শ্রেণিতে পাঠরত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ত্রিশ লাখ ছাত্রছাত্রীকে এই স্কলারশিপ দেওয়া হবে। সর্বশেষ পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীর বাবা-মা বা অভিভাবকের বার্ষিক আয় ১ লক্ষ টাকার বেশি হওয়া চলবে না।

বৃত্তির পরিমাণ— প্রতি বছর ষষ্ঠ থেকে দশম শ্রেণির পড়ুয়াদের অ্যাডমিশন ফি বাবদ দেওয়া হবে ৫০০ টাকা ও টিউশন ফি হিসেবে দেওয়া হবে ৩৫০ টাকা। এছাড়াও প্রতি মাসে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স হিসেবে দেওয়া হবে প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত ১০০ টাকা (ষষ্ঠ থেকে দশম শ্রেণিতে হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৬০০ টাকা)।

**পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ:** একাদশ-দ্বাদশ শ্রেণি থেকে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে পাঠরত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত পাঁচ লাখ ছাত্রছাত্রীকে দেওয়া হবে এই স্কলারশিপ। আই টি আই, ডিপ্লোমা, বি এড, এম ফিল ও পি এইচ ডি কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। সর্বশেষ পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করা যাবে। প্রার্থীর পারিবারিক বার্ষিক আয় ২ লক্ষ টাকার বেশি হলে চলবে না। প্রার্থীর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

বৃত্তির পরিমাণ— ● উচ্চমাধ্যমিক স্তরের ক্ষেত্রে প্রতি বছর ৭,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স প্রতি মাসে ২৩০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৩৮০ টাকা)। ● ভোকেশনাল ও টেকনিক্যাল শাখায় উচ্চমাধ্যমিক পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছর ১০,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স প্রতি মাসে ২৩০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৩৮০ টাকা)। ● স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ক্ষেত্রে প্রতি বছর ৩,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স (কারিগরি ও পেশাদারি কোর্স বাদে) প্রতি মাসে ৩০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ৫৭০ টাকা)। ● এম ফিল ও পি এইচ ডি কোর্সে পাঠরতরা মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ পাবেন প্রতি মাসে ৫৫০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে প্রতি মাসে ১,২০০ টাকা)।

**মেরিট-কাম-মিনস স্কলারশিপ:** স্বীকৃত কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে পেশাদারি ও কারিগরি বিষয়, যেমন মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট, ল, ফার্মাসি এবং চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা সমতুল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয় নিয়ে পড়লে এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন। ষাট হাজার ছাত্রছাত্রী এই স্কলারশিপের জন্য নির্বাচিত হবেন। প্রার্থীর পারিবারিক বার্ষিক আয় ২ লক্ষ টাকার বেশি হলে চলবে না। প্রার্থীর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

বৃত্তির পরিমাণ— প্রতি বছর ২০,০০০ টাকা। সঙ্গে মেইন্টেন্যান্স অ্যালাওয়েন্স বাবদ প্রতি মাসে ৫০০ টাকা (হস্টেলে থেকে পাঠরতদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

বিষয়ের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.minorityaffairs.gov.in

সব ক্ষেত্রেই প্রতি শিক্ষাবর্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ প্রি-ম্যাট্রিক স্কলারশিপের ক্ষেত্রে ১৫ অক্টোবর এবং বাকি স্কলারশিপের ক্ষেত্রে ৩১ অক্টোবর। আবেদনের পদ্ধতি-সহ স্কলারশিপসংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।






Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

অগস্ট মাসের প্রতিযোগিতায় বিজয়ী **বিশ্বনাথ বিশ্বাস** ও **তুহিন মণ্ডল**

**দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার**



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## প্রাকৃতিক জৈব পদ্ধতিতে পান চাষ

**বিশ্বনাথ বিশ্বাস,** নাতনা-পাট্টাবুকা, নদিয়া

**বিচারক:** বিগত ১৫ বছর ধরে বাংলা পান চাষ করছেন। এখানে খুব বিশদে পান চাষ সম্পর্কে জানিয়েছেন। আয়-ব্যয় এবং লাভের খরচও নিখুঁত ভাবে দিয়েছেন। এখানে ৫ কাঠা জমিতে ৩ বছর ধরে মোট উপার্জনের কথা লিখেছেন এবং জানিয়েছেন তিনি এই চাষে আগ্রহীদের তথ্য-পরামর্শ দিয়ে সাহায্য করতে চান। তাঁর এই মানসিকতা নিশ্চয়ই প্রশংসার যোগ্য।

আমি নদিয়া জেলার অন্তর্গত করিমপুর ১ নম্বর ব্লকের অধীন পাট্টাবুকা গ্রামের একজন কৃষক। বি-কম পাশ। বিগত পনেরো বছর ধরে প্রাকৃতিক জৈব পদ্ধতিতে বিভিন্ন ফসলের চাষ করে চলেছি। তার মধ্যে বিশেষভাবে উল্লেখ্য দীর্ঘমেয়াদি অর্থকরী ফসল পান চাষ। এ বিষয়ে আমার অভিজ্ঞতার কথা তুলে ধরছি।

### কেন এই চাষ

● উৎপাদন খরচ কম। ● একই জমিতে একবার পানের বরোজ তৈরি করে পানের লতার উপরি অংশের ডগা অথবা কাটিং রোপণ করলে সেই জমির বরোজ কমপক্ষে ১০-১৫ বছর বজায় থাকে। ● স্বল্প জমিতে চাষ করা যায়। ● কর্মসংস্থানে সহায়ক। ● বিপণনের সুবিধা (দেশীয় ও আন্তর্জাতিক বাজারে) ● সাথী ফসল, যেমন-পুঁই, পটল, করলা, লাউ, সিম, বরবটি, লঙ্কা, আদা, হলুদ, পেঁপে, চালকুমড়ো ও তুঁত ইত্যাদির সঙ্গে চাষ করা যায়।

### পান চাষের সময়

বসন্তকালে অর্থাৎ ফেব্রুয়ারি থেকে মার্চ, বর্ষাকালে অর্থাৎ জুন থেকে জুলাই ও হেমন্তকালে অর্থাৎ সেপ্টেম্বর থেকে অক্টোবর— এই তিনটি সময়ে পানের চারা লাগানো যায়।

### পান চাষের উপকরণসমূহ

জমি, জল (জলসেচ), বীজ বা কাটিং বা চারা, জৈব সার ও কীটনাশক, চুন, বাঁশ, খড়, পাটকাঠি, দড়ি, নারকোল ও সুপারি পাতা, স্প্রেয়ার মেশিন, ঝারি, নিড়ানি, কোদাল ও খন্তা ইত্যাদি। পানের চারা লাগানোর ৩-৪ মাস পর থেকে পানের পাতা তোলা যায়।

### চারা লাগানোর পদ্ধতি

খোলা আকাশের নীচে মাটি থেকে প্রায় ৬-৭ ফুট উপরে বাঁশ, খড়, পাটকাঠি ও নারকোল এবং খেজুর গাছের পাতা দিয়ে নির্মিত ঠান্ডা ছায়াযুক্ত চারদিক ঘেরা 'বরোজ'-এ পান চাষ করা হয়। পানের চারা বা লতা বা কাটিং সাধারণত সারিতে লাগানো হয়। এই সারিকে বলা হয় 'পিলি'। দু'টি সারির দূরত্ব সাধারণত ৪০-৪২ সেন্টিমিটার হয় এবং একই সারিতে প্রতিটি লতার কাটিং-এর মধ্যে ১০-১৫ সেন্টিমিটার দূরত্ব থাকে। প্রতিটি সারিতে (সারিগুলি জমির গঠন অনুযায়ী লম্বা করা যায়) ৮-১০ সেন্টিমিটার গভীর করে নালা কেটে পানের লতা বা কাটিংগুলি লাগানো যায়। ডগার মাপ হবে পানের লতার মাথার দিক থেকে ৬-৮টি গাঁট পর্যন্ত। প্রতি কাঠা জমির জন্য ৮০০-৯০০টি পানের চারা বা কাটিং প্রয়োজন।

### জলসেচ

পান বরোজের ভিতর স্যাঁতসেঁতে আবহাওয়া বজায় রাখতে যতটুকু জলের প্রয়োজন ঠিক ততটাই দেওয়া উচিত। কিন্তু গ্রীষ্মকালে প্রায় প্রতিদিনই প্রয়োজনমতো জল দিয়ে গাছের গোড়া ভিজিয়ে রাখতে হবে। তবে, অতিরিক্ত জলসেচ পান চাষের পক্ষে খুবই ক্ষতিকর। এতে পানের শিকড় পচা ও ঢলে পড়া রোগের প্রাদুর্ভাব ঘটতে পারে।

### সার প্রয়োগ

জৈব পদ্ধতিতেই পান চাষ করা সবচেয়ে ভালো। সেক্ষেত্রে বাদাম, নিম, তিল, সূর্যমুখী ইত্যাদি খইল প্রয়োগের পাশাপাশি ঘন ও তরল প্রাকৃতিক জৈব সার 'জীবামৃত' প্রয়োগ করতে হয়। সাধারণত জুন মাসের মাঝামাঝি থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত মাসে দু'বার ওই জৈব সার অথবা খইল (অথবা দু'টিই একসঙ্গে মিশিয়ে) প্রয়োগ করা বিশেষ জরুরি। সেইসঙ্গে সার প্রয়োগের ৭-১০ দিন পর কমপক্ষে দু'বার হালকা করে ঝুরঝুরে মাটি দিয়ে পানগাছের গোড়াগুলিকে ঢেকে দিতে হবে, যাতে তা জমি থেকে ৪-৫ ইঞ্চি উঁচু হয়।

### রোগ পোকা দমন

পানের লতা ও পাতা যাতে কোনওভাবেই রোগ ও পোকায় আক্রান্ত হতে না পারে তার জন্য প্রতিনিয়ত সতর্ক থাকতে হয়। এর জন্য চারপাশ পরিচ্ছন্ন রাখার পাশাপাশি জলনিকাশের ব্যবস্থা এবং প্রতি মাসে কমপক্ষে একবার প্রয়োজন অনুযায়ী (সর্বোচ্চ ৩-৪ বার) জৈব কীটনাশক যেমন, 'নিমাস্ত্র' (নিম জাতীয়) ও '১% বোর্দো মিশ্রণ' অথবা 'ট্রাইকোডামা ভিরিডি' প্রতি লিটার জলে ২-৪ গ্রাম ভালোভাবে মিশিয়ে স্প্রে করতে হবে।

### উৎপাদন

পশ্চিমবাংলার ৩০টি প্রজাতির পানের মধ্যে আমি 'বাংলা' প্রজাতির পানটি চাষ করি। একটি পানের লতা বা গাছ থেকে বছরে গড়ে প্রায় ৬০-৭০টি পান পাতা এবং এক বিঘা জমি থেকে বছরে প্রায় ১২-১৫ লক্ষ পান পাতা পাওয়া যেতে পারে।

### ৫ কাঠা জমিতে বাংলা পান চাষে লাভের হিসাব

যেহেতু এই পান চাষ একটি দীর্ঘমেয়াদি চাষ, সেজন্য একই সঙ্গে তিন বছরের আয়-ব্যয় ও লাভের হিসাব দেওয়া হল।

**পানের বরোজ তৈরির খরচ—**

| | | |
|---|---|---|
| বাঁশ | ৭,৫৭০ | টাঃ |
| জলসেচ (১টি টিউবওয়েল) | ৫,০০০ | " |
| পানের চারা/কাটিং ৪,৫০০টি | ২,২০০ | " |
| স্প্রেয়ার মেশিন ১টি | ২৫০ | " |
| ঝারি ১টি | ১৫০ | " |
| কোদাল ১টি | ২৫০ | " |
| খন্তা ১টি (শাবল) | ২০০ | " |
| নিড়ানি ১টি | ১৫০ | " |
| মাটির নান্দা ২টি | ৮০ | " |
| মোট | ১৫,৮৫০ | টাঃ |

**রক্ষণাবেক্ষণের খরচ—**

| | | |
|---|---|---|
| শ্রমিক ১০০ জন× ২০০ জনপ্রতি | ২০,০০০ | টাঃ |
| পাট কাঠি : বেড়া দেওয়া | ২,০০০ | ' ' |
| কালি | ৪,০০০ | " |
| দড়ি (কাতা ও সুতলি) | ৫০০ | " |
| খড় (ছাউনি ও লতা বাঁধা) | ২,৫০০ | " |
| জমির খাজনা (০.৫ কাঠা) | ২,০০০ | " |
| জৈব সার ও কীটনাশক | ২,০০০ | " |
| চুন | ১০০ | " |
| মোট | ৩৩,১০০ | টাঃ |

**মোট খরচ**— (১৫,৮৫০/-+৩৩,১০০/-) = ৪৮,৯৫০/- টাঃ

**মোট আয়—**

| বর্ষ | উৎপন্ন পানের সংখ্যা | গড় বাজার দর প্রতি হাজার | মোট বিক্রয়মূল্য টাকা |
|---|---|---|---|
| ১ম বর্ষ | ৩,০০,০০০/- | ১৬০ টাঃ | ৪৮,০০০/- |
| ২য় বর্ষ | ৩,৫০,০০০/- | ১৬০ টাঃ | ৫৬,০০০/- |
| ৩য় বর্ষ | ৪,০০,০০০/- | ১৬০ টাঃ | ৬৪,০০০/- |

**অর্থাৎ** প্রথম বছরে লোকসান ৯৫০ টাঃ, দ্বিতীয় বছরে লাভ (৫৬,০০০/—৩৩,১০০/-) ২২,৯০০/- এবং তৃতীয় বছরে লাভ (৬৪,০০০/—৩৩,১০০/-) ৩০,৯০০/-।

৩ বছরে মোট আয়— ৫২,৮৫০/-।

তিন বছরে ৫ কাঠা জমিতে বাংলা পান চাষ করে লভ্যাংশের পরিমাণ ৫২,৮৫০ টাকা। এই পান চাষে কেউ আগ্রহী হলে বিনামূল্যে পরামর্শের জন্য আমার সঙ্গে যোগাযোগ করতে পারেন এই মোবাইল নম্বরে: ৮৭৬৮৩-৬৫৮৬৬ (প্রত্যহ রাত ৯টার পর)



## বাদাম চাষ

**তুহিন মণ্ডল,** কলাগ্রাম-ইন্দাস, বাঁকুড়া

**বিচারক:** কলেজে পড়ার পাশাপাশি চাষাবাদও করেন। কয়েক বছর ধরে বাদাম চাষ করছেন। বাজারে বাদামের যথেষ্ট চাহিদা আছে। ফলনও কম সময়ে পাওয়া যায়। এখানে লাভের হিসাব মোটামুটি দিয়েছেন। ভবিষ্যতে চাষের জমির পরিমাণ বাড়ানোর পরিকল্পনা আছে বলে লিখেছেন।

আমি সাধারণ কৃষক পরিবারের সন্তান। কলেজের পড়াশোনার পাশাপাশি আমি চাষও করে থাকি। কয়েক বছর ধরে বাদাম চাষের সঙ্গে যুক্ত রয়েছি। আমার বিশেষ অভিজ্ঞতার কথা তুলে ধরার চেষ্টা করেছি।

বাদাম চাষে খরচ কম ও কম সময়ে ফলন পাওয়া যায়। বাদাম চাষ দু'টি সময়ে হয়।

**গ্রীষ্মকালীন চাষ:** গ্রীষ্মকালীন বাদাম চাষের জন্য প্রথমে জমি সেচ করতে হবে। বাদাম বীজগুলি বপন করতে হবে ফাল্গুন মাসে। ফলন পাওয়া যাবে জ্যৈষ্ঠ মাসের মাঝামাঝি।

**বর্ষাকালীন চাষ:** বর্ষাকালীন বাদাম চাষের জন্য সেচ করতে হবে না। বাদাম বীজগুলি বপন করতে হবে আষাঢ় মাসে। ফলন পাওয়া যাবে আশ্বিনের মাঝামাঝি।

বাদাম চাষের জন্য জমিটি সমান থাকতে হবে। দোঁয়াশ বা বেলেমাটিতে বাদাম চাষ খুব ভালো হয়।

বাজারে বাদামের ব্যাপক চাহিদা রয়েছে।

### চাষের উপকরণ

● উন্নত মানের হাইব্রিড বীজ বা দেশি বীজ ● লাঙ্গল ● মই ● সার ● গোবর ● কোদাল ● ঝুড়ি ● কীটনাশক ● স্প্রে মেশিন ইত্যাদি।

### চাষের পদ্ধতি

প্রথমে মাটিকে দু'বার কর্ষণ করে তার উপরে পুরনো শুকনো গোবর প্রয়োগ করে আরও একবার কর্ষণ করতে হবে। মই দিয়ে জমিটিকে সমানভাবে লেভেল করে নিতে হবে। বাদাম বীজগুলি বপনের আগে কীটনাশক দিয়ে শোধন করে নিতে হবে। উন্নত মানের হাইব্রিড কিংবা দেশি বাদাম বীজগুলি শোধনের পর সারিবদ্ধ ভাবে একটি থেকে আর-একটি চার ইঞ্চি দূরত্বে পুরো জমিটিতে সমানভাবে বসিয়ে দিতে হবে।

জমিতে বাদাম বসানোর পর জমির মধ্যে যে আগাছাগুলি বের হবে সেগুলিকে হাত দিয়ে ভালোভাবে পরিষ্কার করে দিতে হবে। গাছ বড় হওয়ার সঙ্গে জমিটিকে খুঁড়ে দিতে হবে। তারপর খুব সামান্য পরিমাণে ডি এ পি সার প্রয়োগ করে মাটি দিয়ে দিতে হবে। বেশি পরিমাণে ডি এ পি সার দিলে গাছ অতিরিক্ত বড় আকারের হয়ে যেতে পারে, তাতে বাদামের ফলন কম হতে পারে। বাদাম গাছে হলুদ রঙের ফুল ফুটলেই কিন্তু ওই ফুলকে তুলে ফেলা চলবে না। তখন বুঝতে হবে যে বাদাম গাছটির সঠিক বয়স হয়েছে।

বাদাম গাছ মরতে দেখা গেলে বাজার থেকে কীটনাশক কিনে স্প্রে করতে হবে। মাটি দেওয়ার এক থেকে দেড় মাস পর মাটির মধ্যে হালকা ফাটল দেখা যায়। যদি ফাটল বোঝা না যায় তাহলে গাছটিকে তুলে দেখতে হবে যে সঠিকভাবে প্রত্যেক দানা পুষ্ট হয়েছে কিনা। পুষ্ট দানাগুলি থেকে অঙ্কুর বের হচ্ছে কিনা সেদিকে বিশেষ ভাবে নজর দিতে হবে। কারণ বাদামে অঙ্কুর হওয়ার ভয় থাকে যদি সঠিক সময়ে ফসল না তোলা হয়।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | | |
|---|---|---|
| জমি কর্ষণ (ট্রাক্টর বাবদ খরচ) | ৫০০ | টাকা |
| **মোট খরচ** | ৫০০ | টাকা |

**কার্যকরী মূলধন**

| | | |
|---|---|---|
| বীজ (৯ কেজি/প্রতি কেজি ৮০ টাকা) | ৭২০ | টাকা |
| ডি এ পি (২ কেজি × ৩০ টাকা) | ৬০ | " |
| কীটনাশক | ২০০ | " |
| **মোট খরচ** | ৯৮০ | টাকা |

প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন
= ৫২০ + ৯৮০ = ১,৫০০ টাকা।

### লাভের হিসাব

১০ কাঠা জমিতে ৯ কেজি বীজ বপন করে ২ কুইন্টাল বাদাম পাওয়া যাবে। পাইকারি দর কেজিপ্রতি ৪৩ টাকা হলে মোট আয় ২ × ১০০ × ৪৩ = ৮,৬০০ টাকা।

সুতরাং মোট লাভ = ৮,৬০০-১,৫০০ = ৭,১০০ টাকা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

আগামী বছর আরও কিছু পরিমাণ জমিতে বাদাম চাষ করব বলে পরিকল্পনা করেছি।

বাদাম চাষ করতে আগ্রহী ব্যক্তিরা আমার সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮০১৬৪-২৭৭০০।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**অক্টোবর-এর প্রতিযোগিতার জন্য সেপ্টেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ অক্টোবর-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ব্যবসায়ী তরুণ-তরুণীদের জন্য ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ডস-২০১৯

**প্রথম প্রজন্মের ব্যবসায়ী তরুণ-তরুণীদের জন্য রয়েছে কেন্দ্রীয় সরকারের পুরস্কারের ব্যবস্থা। পুরস্কারের আর্থিক মূল্য ব্যক্তিগত ক্ষেত্রে ৫ লক্ষ এবং সংস্থার ক্ষেত্রে ১০ লক্ষ টাকা। ১ লক্ষ টাকার নীচে ব্যবসার পুঁজি যাঁদের, তাঁরাও আবেদন করতে পারেন। আবেদনের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর।**

**নিজস্ব প্রতিনিধি:** দেশে প্রয়োজনের তুলনায় চাকরি কম। এই পরিস্থিতিতে ব্যবসাও যে একটি ভালো কেরিয়ার, সে-ব্যাপারে দেশের শিক্ষিত যুবসমাজকে আস্থাবান করে তুলতে উদ্যোগী হয়েছে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন ও স্বনিযুক্তি মন্ত্রক (স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপ মিনিস্ট্রি)। বস্তুত একজন স্বনির্ভর তরুণ বা তরুণী ব্যবসার মাধ্যমে কেবল নিজের এবং নিজের পরিবারের আর্থিক সুরাহার বন্দোবস্ত করেন না, আরও অনেকের উপার্জনের ব্যবস্থা করে দিতে পারেন। কারণ ব্যবসায় অন্যের সহায়তা দরকার হয়। কর্মী নিয়োগ করতে হয়।

বড় শিল্প প্রযুক্তি-নির্ভর। সেখানে শ্রমিক কম, যন্ত্র বেশি। অন্যদিকে ছোট ও মাঝারি শিল্প কর্মীনিবিড়। তাই পৃথিবী জুড়ে কাজের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে ছোট ও মাঝারি ব্যবসার গুরুত্ব স্বীকৃত। কেন্দ্রীয় সরকারও দেশে কাজের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে একেবারে তৃণমূল স্তর থেকে ব্যবসা-মনস্কতা গড়ে তুলতে চাইছে। নানা কেন্দ্রীয় প্রকল্প এবং উৎসাহ প্রদানের ব্যবস্থা নিয়ে এগিয়ে এসেছে সরকার।




*গত বছরের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে*

## পুরস্কার

প্রথম প্রজন্মের অল্পবয়সি ব্যবসায়ীদের সাফল্যের ভিত্তিতে পুরস্কৃত করে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন ও স্বনিযুক্তি বিভাগ। ২০১৬ থেকে শুরু হয়েছে এই পুরস্কার। মূলত প্রথম প্রজন্মের ব্যবসায়ী তরুণ-তরুণীদের ব্যবসা বৃদ্ধিতে উৎসাহ দেওয়াই এই পুরস্কারের উদ্দেশ্য। দেশের যে-কোনও প্রান্ত থেকে স্বনির্ভর তরুণ-তরুণীরা পুরস্কারের জন্য বিবেচিত হতে আবেদন করতে পারেন। পুরস্কারের নাম 'ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ড'।

**মূলত প্রথম প্রজন্মের ব্যবসায়ী তরুণ-তরুণীদের ব্যবসা বৃদ্ধিতে উৎসাহ দেওয়াই এই পুরস্কারের উদ্দেশ্য। দেশের যে-কোনও প্রান্ত থেকে স্বনির্ভর তরুণ-তরুণীরা পুরস্কারের জন্য বিবেচিত হতে আবেদন করতে পারেন। ব্যক্তিগত ক্ষেত্রে পুরস্কারের অর্থমূল্য ৫ লক্ষ টাকা। প্রতিষ্ঠানের ক্ষেত্রে পুরস্কারের অর্থমূল্য ১০ লক্ষ টাকা।**

২৭ অগস্ট কলকাতায় এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের যৌথ উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় বাংলার স্বনিযুক্ত তরুণ-তরুণীদের এই পুরস্কার কর্মসূচিতে অংশ নেওয়ার জন্য আবেদন জানানো হয়। ২০১৯-এর পুরস্কারের জন্য এখনই আবেদন করা যাচ্ছে।

## নিয়মকানুন

পুরস্কার দেওয়া হয় দু'টি ক্যাটেগরিতে— (১) এন্টারপ্রাইজ অ্যাওয়ার্ড (২) ইকো-সিস্টেম বিল্ডার অ্যাওয়ার্ড। এন্টারপ্রাইজ অ্যাওয়ার্ড ক্যাটেগরিতে আবেদন করতে পারেন নির্দিষ্ট বিভিন্ন ক্ষেত্রের ব্যবসায়ীরা।

**নির্দিষ্ট ব্যবসাক্ষেত্রের তালিকা:** (১) বস্ত্র বয়ন (টেক্সটাইল), বস্ত্র-সংক্রান্ত বিভিন্ন সামগ্রী, চর্ম ও চর্মজাত সামগ্রী। (২) কৃষি, খাদ্য প্রক্রিয়াকরণ, বনজ সামগ্রী, সবজি উৎপাদন, সবজিজাত ফ্যাট উৎপাদন, খাদ্য তৈরি, কৃষি-প্রযুক্তি। (৩) রাসায়নিক সামগ্রী উৎপাদন, ওষুধ প্রস্তুত, জৈব সামগ্রী তৈরি। (৪) রিটেল ব্যবসা। (৫) পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন, ওয়েস্ট ম্যানেজমেন্ট। (৬) হস্তশিল্প। (৭) স্বাস্থ্য-পরিষেবা। (৮) পর্যটন পরিষেবা, আতিথেয়তা পরিষেবা। (৯) লজিস্টিক্স, ট্রান্সপোর্ট, ই-কমার্স ও অন্যান্য পরিষেবামূলক ব্যবসা।

**আর্থিক মূল্য:** ১ লক্ষ টাকা পর্যন্ত বিনিয়োগকৃত ব্যবসার জন্য রয়েছে ৯টি পুরস্কার। ১ লক্ষ থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত মূলধনের ব্যবসার জন্য রয়েছে ৯টি পুরস্কার। ১০ লক্ষ থেকে ১ কোটি পর্যন্ত মূলধনের ব্যবসার জন্য রয়েছে ৯টি পুরস্কার।

**বিশেষ পুরস্কার:** মহিলা, তফসিলি জাতি ও উপজাতির পুরুষ ও মহিলা, দৈহিক প্রতিবন্ধী পুরুষ-মহিলা এবং কঠিন ক্ষেত্রে (ডিফিকাল্ট এরিয়া) স্বনিযুক্তরা স্পেশ্যাল ক্যাটেগরির পুরস্কারের জন্য আবেদনের যোগ্য। উপরোক্ত আর্থিক পুঁজির প্রতিটি বিভাগের জন্য পুরস্কারের সংখ্যা ৪টি। অর্থাৎ মোট ৩টি আর্থিক বিভাগের জন্য মোট পুরস্কার ১২টি।

**ইকো-সিস্টেম বিল্ডার অ্যাওয়ার্ড:** এক্ষেত্রে আবেদনের যোগ্য স্বনিযুক্তির প্রসারের লক্ষে কর্মরত প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি ইনকুবেশন সেন্টার; স্বনিযুক্তির প্রসারের লক্ষ্যে কর্মরত সরকারি-বেসরকারি মেন্টর এবং প্রোমোটার (রুর‍্যাল প্রডিউসার গ্রুপ এন্টারপ্রাইজ)।

## বাছাই প্রক্রিয়া

প্রাথমিক বাছাই হবে আবেদনপত্রে দেওয়া তথ্যের ভিত্তিতে। আবেদনকারী কোন ক্ষেত্রে কেমন কাজ করছেন, তাঁর কাজ আশপাশের মানুষের কতটা উপকার করছে, ব্যবসার ধারাটি সমাজের কতটা উপকারে আসছে, প্রার্থী ব্যবসায় কতটা আন্তরিক— এসবই বিবেচিত হবে। শেষ ধাপে সমাজের নানা ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে গড়া বিচারকমণ্ডলী প্রার্থীর যোগ্যতা বিচার করবেন। প্রয়োজনে বিশেষজ্ঞরা সরেজমিনে ব্যবসা পরিদর্শনে আসবেন।

## পুরস্কারের অর্থমূল্য

ব্যক্তিগত ক্ষেত্রে পুরস্কারের অর্থমূল্য ৫ লক্ষ টাকা। প্রতিষ্ঠানের ক্ষেত্রে পুরস্কারের অর্থমূল্য ১০ লক্ষ টাকা। সঙ্গে থাকবে ট্রফি ও সার্টিফিকেট। দক্ষতা উন্নয়ন ও স্বনিযুক্তি মন্ত্রকের তরফে জানানো হয়েছে, এবছর নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে দিল্লিতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে নির্বাচিতদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

## আবেদনের পদ্ধতি

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.neas.gov.in ১০ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে হবে। নাম, ই-মেল অ্যাড্রেস, মোবাইল ফোন নম্বর দিয়ে প্রথমে রেজিস্টার করতে হবে। তারপর পরবর্তী ধাপের আবেদনে বিশদ তথ্য জানাতে হবে। সহায়তার জন্য প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০১২০৪২০০৪৫০। ওয়েবসাইটে 'লাইভ চ্যাট'-এর ব্যবস্থাও আছে। সহায়তা পেতে পারেন এই ব্যবস্থার মাধ্যমেও।

---



## দুজন ছেলেকে কাজ দিতে পেরেছি, আমার স্বপ্ন সফল হয়েছে

**উৎপল দাস**

*'ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ড-২০১৮'-র অন্যতম পুরস্কার বিজয়ী*

সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চল পাথরপ্রতিমা ব্লকের 'জি' প্লটে আমার বাড়ি। মূল ভূখণ্ড থেকে আমার গ্রামে যেতে হলে আগে মোটরবোট বা ভুটভুটিতে দু'ঘণ্টা সময় লাগবে নদীপথে। তারপর ভ্যান রিকশায় যাত্রা আরও কয়েক কিলোমিটার। আমাদের এলাকায় নদী-সমুদ্রে মাছ ধরা প্রচুর মানুষের পেশা। জীবিকার প্রয়োজনে আমিও সে-কাজে যোগ দিয়েছিলাম। ৮-৯ বছর গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়েছি। ইতিমধ্যে আমার বিয়ে হয়েছে। জীবনের ঝুঁকি নিয়ে মাছ ধরতে যাই। কিন্তু সংসার চলে কায়ক্লেশে। এরই মধ্যে নিজেও মাছ ধরতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ি। প্রাণে রক্ষা পাই কোনওমতে। এসব কারণেই বিকল্প জীবিকার কথা ভাবতে শুরু করেছিলাম। আমি উচ্চমাধ্যমিক পাশ। কিন্তু কী করব, কোনও দিশা পাচ্ছিলাম না।

এই পরিস্থিতিতে ২০১৭-য় আমার এলাকার 'স্টার্ট-আপ ভিলেজ এন্টারপ্রেনারশিপ প্রোগ্রাম'-এর অফিসে যোগাযোগ করলাম। এটি কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প। গ্রামাঞ্চলের পিছিয়ে থাকা মানুষকে স্বনির্ভরতা অর্জনে সহায়তা করে। এখানেই আলাপ হয় এই প্রকল্পের কমন রিসোর্স পার্সন সৌরভ দাসের সঙ্গে। আমি তখন কম্পিউটারের কিছুই জানি না। সৌরভবাবুই হাত ধরে আমাকে কম্পিউটারের প্রাথমিক পাঠ দিলেন। আমরা ভেবে দেখলাম, গ্রামের মানুষজনের কাজের সুবিধার জন্য কম্পিউটারভিত্তিক পরিষেবার একটা ছোট ব্যবসা করা যেতে পারে। স্টার্ট-আপ ভিলেজ এন্টারপ্রেনারশিপ প্রকল্প থেকে কিছু অর্থসাহায্যও পাওয়া গেল। শুরু হল একটি কমন সার্ভিস সেন্টারের যাত্রা। চাকরির দরখাস্ত পূরণ, রেলের টিকিট বুকিং— এইসব কাজ করি তখন। আশপাশে এরকম কোনও সার্ভিস সেন্টার ছিল না। ফলে দূর থেকেও লোক আসতে শুরু করল।

ইতিমধ্যে 'ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ড (২০১৮)'-এর জন্য আবেদনপত্র চাওয়া হয়েছিল। সৌরভবাবু সব পূরণ করে পাঠিয়ে দিয়েছিলেন। পুরস্কার পাব বলে আশা করিনি। হঠাৎই পুরস্কার কমিটির এক সদস্য এলেন ব্যবসা দেখতে। বঙ্গোপসাগরের তীরে আমার গ্রামে তখন বিদ্যুৎই পৌঁছয়নি। সৌর বিদ্যুৎকে ইনভার্টারের মাধ্যমে এসি বিদ্যুতে পরিণত করে কম্পিউটার চালাতে হতো। সেই কম্পিউটারের মাধ্যমে আঞ্চলিক মানুষজনের নানাভাবে উপকারও হচ্ছিল। এটাই হয়তো আমার পুরস্কার প্রাপ্তির কারণ।

২০১৮-র ৪ জানুয়ারি দিল্লিতে যাই পুরস্কার নিতে। সৌরভবাবুও সঙ্গে ছিলেন। পুরস্কার বাবদ পাই ৫ লক্ষ টাকা, ট্রফি ও সার্টিফিকেট। আমি প্রত্যন্ত গ্রামের ছেলে। অত বড় ঝলমলে মঞ্চে উঠে পুরস্কার নিতে বুক কেঁপে উঠেছিল।

পুরস্কারের অর্থে আমার সার্ভিস সেন্টারের উন্নতি হয়েছে। এখন মোট তিনটি কম্পিউটারে কাজ হয়। আধার কার্ড তৈরির কাজ করছি। কেন্দ্রীয় সরকারের সর্বশিক্ষা প্রকল্পে আমাদের সার্ভিস সেন্টারে কম্পিউটার শেখানো হয়। ছাত্রছাত্রীদের কোনও খরচ লাগে না। আমি টাকা পাই সরকারি প্রকল্প থেকে। সম্প্রতি এইচ ডি এফ সি ব্যাঙ্ক থেকে কিছু কাজ পেয়েছি। সঙ্গে অন্যান্য সার্ভিস তো আছেই। কাজের পরিধি বেড়েছে। দুজন ছেলেকে কাজ দিতে পেরেছি। তাঁরা বেতন পায়। ব্যবসাটা আমার কাছে এখন অত্যন্ত ভালোবাসার জায়গা, আমার সন্তানের মতো।

---

কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা
পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
সেপ্টেম্বর ২০১৯ সংখ্যায়
রেলে ১ লক্ষ গ্রুপ 'ডি'
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
পিএসসি-র মাধ্যমে
মিসলেনিয়াস প্রিলিমিনারি
ক্লার্কশিপ প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
এছাড়াও
রাজ্যে আই সি ডি এস সুপারভাইজর
কেন্দ্রীয় সরকারে গ্রুপ 'সি'
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
ও আরও অনেক কিছু
ফুরোবার আগেই সংগ্রহ করুন

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# গুরুত্বপূর্ণ হয়ে উঠছে খাদ্যবিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা





**দেশের খাদ্যের বাজারের ৩২ শতাংশই প্রক্রিয়াজাত খাদ্য। প্রক্রিয়াজাত খাদ্যের বাজার আরও বাড়বে। চাহিদা বাড়বে ফুড সায়েন্স ও টেকনোলজির পেশাদারদেরও। ফুড সায়েন্স ও টেকনোলজির বি এসসি ও এম এসসি ডিগ্রি পড়া যাচ্ছে মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে। বিষয়ের সম্ভাবনা নিয়ে কথা বললেন বিশিষ্ট খাদ্যবিজ্ঞানী ও বিশ্ববিদ্যালয়ে ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের প্রধান উৎপল রায়চৌধুরী।**

**নিজস্ব প্রতিনিধি:** তেজপাতা আমাদের খুব পরিচিত একটি মশলা। হেঁসেলে মজুত সর্বদাই। একইসঙ্গে তা নানা গুণের আধারও। ক্যান্সার প্রতিরোধক। মধুমেহ তথা ডায়াবেটিস, ছত্রাকঘটিত সংক্রমণ মোকাবিলায় কার্যকর। রান্নার কোনও পদে তেজপাতা পেলে আমরা সেটা তুলে ফেলে দিই। কিছুটা নির্যাস রান্নায় মেশে মাত্র। তাহলে উপায়? তেজপাতা শুকিয়ে গুঁড়ো করে নিতে পারলে রান্নায় মিশিয়ে সরাসরি এই ভেষজ মশলাটি খাওয়া যায়। তেজপাতার গুঁড়োর সঙ্গে আরও দুয়েকটি মশলা মিশিয়ে চমৎকার বেভারেজ বা পানীয়ও তৈরি হতে পারে। তেজপাতার যাবতীয় গুণাগুণ অবিকৃত থাকায় এই পানীয় হবে আরও স্বাস্থ্যকর। রোগ প্রতিরোধে অনেক বেশি কার্যকর।

সরষে থেকে তেল তৈরি হয়। কিন্তু তেল গরম করলেই সরষের উপকারি গুণাগুণ বহুলাংশে কমে যায়। বিকল্প হিসেবে ব্যবহৃত হতে পারে সরষের গুঁড়ো। সরষের বীজ শ্বাসপ্রশ্বাস জনিত সমস্যা, বাত, মাইগ্রেন, আর্থারাইটিস, এমনকী ক্যান্সার প্রতিরোধে দারুণ কার্যকর বলে প্রমাণিত।

নিদ্রাহীনতা, উচ্চ কোলেস্টেরল, ডায়াবেটিস মোকাবিলায় পোস্ত দারুণ কার্যকর। পোস্তর মিশেলে নানা পদ আমরা আয়েস করে খাই। খালি পেটে সামান্য পোস্ত কিন্তু খুবই উপকারি। তা বলে ঘুম থেকে উঠে নিয়মিত পোস্ত খাওয়া সম্ভব নাকি? উপায় আছে। পোস্ত দিয়ে উপাদেয় বিস্কুট, কুকিজ তৈরি হতে পারে।

উপরে তিনটি উদাহরণ দেওয়া হয়েছে। যা নেই, কিন্তু হতে পারে। এরকম হাজারও নতুন খাদ্য তৈরি হতে পারে ফুড সায়েন্স বা খাদ্যবিজ্ঞানকে হাতিয়ার করে।

## রান্না, নাকি খাদ্যবিজ্ঞান

যে-কোনও খাদ্য তৈরির সঙ্গে যুক্ত থাকে একটা পরম্পরা, অভ্যাস, রুচি। এই সবের মিশেলে উদ্ভূত যে রন্ধনশৈলী, তাতে একটা বড় অবদান থাকে অভিজ্ঞতারও। একটা নির্দিষ্ট পদ রান্নায় কতটা লবণ ব্যবহার করতে হবে অভিজ্ঞতার মাধ্যমেই কেবল তা জানা সম্ভব। সামুদ্রিক মাছে মিষ্টি জলের মাছের তুলনায় লবণের পরিমাণ বেশি থাকে। এই তথ্যটা সম্পর্কে অবহিত থাকলে সামুদ্রিক মাছের রান্নায় তুলনামূলক ভাবে কম লবণ পড়বে। চিকিৎসক রান্নায় কম সরষের তেল ব্যবহারের নিদান দিলেও, স্যালাডে অল্প সরষের তেল মেশানোয় নিষেধাজ্ঞা সাধারণত থাকে না। সরষের তেল পুড়লে তার খাদ্যগুণ কমে, অল্প পরিমাণে কাঁচা খেলে তা স্বাস্থ্যকর।

এসব দেখেই অনেকে বলেন, খাবার তৈরির ভিত্তিটাই হল রসায়ন। ওই রসায়ন জানা থাকলে স্বাদু অথচ পুষ্টিকর খাবার তৈরি এবং খাদ্য প্রক্রিয়াকরণের পথ সুগম হয়।

## উদ্ভাবনার নানা দিক

পরিচিত, সহজলভ্য উপকরণ দিয়েই তৈরি করা যায় নতুন নতুন খাবারের পদ। কলকাতায় রোল কাউন্টারের ছড়াছড়ি। কিন্তু মাশরুম রোল পাওয়া যায় না। নিরামিষাশীদের জন্য সয়াবিন দিয়ে চমৎকার কাটলেটও তৈরি হতে পারে। বিনা তেলে তৈরি হতে পারে চানাচুর।

বিশিষ্ট খাদ্যবিজ্ঞানী এবং মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড সায়েন্স ও টেকনোলজি বিভাগের প্রধান উৎপল রায়চৌধুরী জানালেন, বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বয়ে খাদ্যের জগতে নতুন নতুন আবিষ্কার ঘটানো যায়। উদাহরণ হিসেবে তিনি বলেন, অর্জুন গাছের ছাল, ব্রাহ্মী শাক ও গাজরের মিশেল ঘটিয়ে দারুণ স্বাস্থ্যকর বাতাসা তৈরি করা যায়। কারিপাতা ও তুলসিপাতা দিয়ে তৈরি হতে পারে মুখরোচক ও স্বাস্থ্যের পক্ষে উপকারী পাঁপড়। তিনি বলেন, ছোট ছোট উদ্যোগেই এইসব খাদ্য তৈরি করা সম্ভব। আরেকটু বড় উদ্যোগ নিতে পারলে আরও অনেক কাজ করার আছে। সবজি, মাছ, মাংস, সব উপকরণ দিয়েই অজস্র ধরনের খাদ্য তৈরির সুযোগ রয়েছে।

## সুযোগের সদ্ব্যবহার

দেশ জুড়ে উৎপাদিত হয় নানা ধরনের শস্য, সবজি, ফল। চাষের জন্য খরচ হয়, প্রচুর শ্রম দিতে হয়। অনেক সময় ঘাম ঝরিয়ে উৎপাদিত সেই ফসল নষ্টও হয়। ভারত সরকারের হিসেব অনুসারে, বছরে নয় নয় করে ৫০ হাজার কোটি টাকার শস্য, সবজি, ফল ইত্যাদি নষ্ট হয় প্রক্রিয়াকরণের অভাবে। অধ্যাপক রায়চৌধুরী জানান, যেখানে নির্দিষ্ট কোনও ফসল প্রচুর পরিমাণে উৎপাদিত হচ্ছে, সেখানেই যদি প্রক্রিয়াকরণের একটা কেন্দ্র তৈরি করা যায়, তাহলে সমস্যার অনেকটাই সুরাহা হয়। একটা ছোট শিল্প ইউনিট কাঁচামাল পাবে কম দরে। চাষিও খানিকটা ক্ষতিপূরণ করে নিতে পারবেন।

অর্থাৎ উৎপাদনের ইউনিটটি হতে হবে গ্রামে, যেখানে মূল কাঁচামালটি উৎপাদিত হয়। তাতে ছোট ও মাঝারি খাদ্য প্রক্রিয়াকরণ ইউনিটের খরচও সাশ্রয় হবে। জমি থেকে ফসল সরাসরি চলে আসবে উৎপাদন ইউনিটে। কাঁচামালের পরিবহণ খরচ তেমন থাকবে না। অধ্যাপক রায়চৌধুরী উদাহরণ দিলেন, বাংলার ব্ল্যাক বেঙ্গল ভ্যারাইটির ছাগলের মাংসের দারুণ সুখ্যাতি। সুন্দরবন, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়ায় খামার তৈরি করে এই ছাগল পালন করা যেতে পারে। সেইসঙ্গে একটা স্লটার হাউস গড়া গেলে ভালো গুণমানের মাংস উৎপাদন করা যাবে। ছাগল পালন না করেও কাজটা করা যায় স্লটার হাউসের আশপাশের গ্রামগুলি থেকে ছাগল সংগ্রহ করে।

**পরিচিত, সহজলভ্য উপকরণ দিয়েই তৈরি করা যায় নতুন নতুন খাবারের পদ। কলকাতায় রোল কাউন্টারের ছড়াছড়ি। কিন্তু মাশরুম রোল পাওয়া যায় না। নিরামিষাশীদের জন্য সয়াবিন দিয়ে চমৎকার কাটলেটও তৈরি হতে পারে। বিনা তেলে তৈরি হতে পারে চানাচুর।**

## খাদ্যবিজ্ঞান নিয়ে পড়াশোনা

ফুড সায়েন্স ও টেকনোলজির বি এসসি এবং এম এসসি ডিগ্রি কোর্স পড়া যাচ্ছে মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে।

উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি, বটানি, জুলজি, ফিজিওলজি ইত্যাদির মধ্যে কোনও একটি বিষয় নিয়ে পড়ে থাকলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

কেমিস্ট্রি, বটানি, জুলজি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজির অনার্স গ্র্যাজুয়েটরা এম এসসি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

পড়ানো হয় বিশ্ববিদ্যালয়ের হরিণঘাটা ক্যাম্পাসে (সিমহাট, হরিণঘাটা, নদিয়া-৭৪১ ২৪৯)। হস্টেলের ব্যবস্থা আছে। উভয় কোর্সের ক্ষেত্রেই হস্টেলে থেকে সেমেস্টারপিছু পড়াশোনার খরচ ৩০ হাজার টাকা।

## চাকরি-স্বনিযুক্তির সম্ভাবনা

চাকরির সুযোগ রয়েছে খাদ্য প্রস্তুতকারী শিল্পে। খাবারে নতুনত্ব আনা তথা প্রোডাক্ট ডেভেলপমেন্ট, কোয়ালিটি কন্ট্রোল, গবেষণা বিভাগে কাজের সুযোগ আছে। পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের চাকরির সুযোগ স্বাভাবিকভাবেই বেশি। অধ্যাপক রায়চৌধুরী জানান, কেন্দ্রীয় সরকার কৃষিপণ্য উৎপাদনের জায়গাতেই খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পসংস্থা গড়ে তোলার উপর জোর দিচ্ছে। নতুন শিল্পসংস্থাগুলিতে ফুড সায়েন্সের ডিগ্রিধারীদের চাহিদা হবে। নতুন নতুন খাদ্যপণ্য উদ্ভাবনের ক্ষেত্রে তাঁদের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। এর পাশাপাশি ছোট ও মাঝারি ইউনিট গড়ে নতুন ধরনের খাদ্য উৎপাদনের ব্যবসা করার সুযোগও রয়েছে বলে জানান অধ্যাপক রায়চৌধুরী। সেক্ষেত্রে সরকারি ঋণ প্রকল্প থেকে অর্থের ব্যবস্থাও হতে পারে।

দুই কোর্সেই ভর্তির প্রক্রিয়া চলছে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbut.ac.in

প্রয়োজনে বিভাগীয় প্রধান অধ্যাপক উৎপল রায়চৌধুরীর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩০৩-২৯৪০৮ ■


স্বর্ণাক্ষরের সব বই
সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে
৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প
২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর
২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস
ঋষিকুমার


কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের
বকবকম ₹ ১৫
পূর্ণেন্দু পত্রীর
আমার ছেলেবেলা ₹ ১৮
পবিত্র সরকারের ₹ ১৫
কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর

তুতুল ৩য় মুদ্রণ ₹ ৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹ ৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ স্টার মার্ক, লর্ড সিনহা রোড, সিটি সেন্টার, সাউথ সিটি, মনি স্কোয়্যার। স্টোরি, এলগিন রোড, দমদম, দুর্গাপুর। কথাশিল্প, কলেজ স্ট্রিট। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
■ বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

অনলাইন কিনতে হলে ই-মেল করুন: swarnakshar.books@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বিনোদন জগতে পা রাখার আগে প্রয়োজন প্রশিক্ষণ

*নয়ের পাতার পর*



ওয়ার্কশপের। ফিল্ম এবং টেলিভিশন শিল্পের সঙ্গে জড়িত অভিজ্ঞ ব্যক্তিদের সান্নিধ্যে ছাত্রছাত্রীরা তৈরি করেন নাটক, শর্ট ফিল্ম, তথ্যচিত্র-সহ নানান গ্রুপ প্রোজেক্ট।

## কাজের সুযোগ

সমীরবাবু কর্মক্ষেত্র-কে জানালেন, ডেভেলপমেন্ট কমিউনিকেশনের কোর্স করে ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছেন বিভিন্ন স্বেচ্ছাসেবামূলক প্রতিষ্ঠান, যেমন লিভার ফাউন্ডেশন, ইউনেসকোয়। এছাড়াও বিভিন্ন সরকারি প্রকল্পে, বিভিন্ন সংস্থার রিসার্চ ও অ্যানালিটিক্যাল বিভাগেও চাকরি হয়েছে শিক্ষার্থীদের। তাঁর কথায়, নিত্যনতুন প্রযুক্তির সুবাদে সিনেমা এবং টেলিভিশন মাধ্যম ছাড়াও ডিজিটাল দুনিয়ায় কাজের সুযোগ বেড়েছে অনেক বেশি পরিমাণে। সেজন্য, ফিল্ম ও টেলিভিশন-সংক্রান্ত কোর্সগুলি নিয়ে যাঁরা পড়ছেন তাঁদের সামনে ডিজিটাল মাধ্যমে কাজের প্রচুর সুযোগ রয়েছে। সিনেমা, টেলিভিশন, ডিজিটাল এবং ইলেক্ট্রনিক মিডিয়া, ডিজিটাল প্রোডাকশন বা ফিল্ম প্রোডাকশন হাউসে, বিজ্ঞাপনের জগতে, ডিজিটাল মার্কেটিং ইন্ডাস্ট্রিতেও চাহিদা রয়েছে দক্ষ কর্মীর।

## কারা পড়বেন

যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। তবে সাউন্ড ডিজাইন কোর্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। ডেভেলপমেন্ট কমিউনিকেশনের ক্ষেত্রে স্নাতকস্তরে মাস কমিউনিকেশন বা সোশ্যাল সায়েন্স বা ইকনমিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকলে অগ্রাধিকার। ডিরেকশন কোর্সের ক্ষেত্রে কমিউনিকেশন স্কিল বিষয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**বয়স**: ৩০-৯-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

**পড়ার মোট খরচ**: ৬২,০০০ টাকা। ৪টি কিস্তিতে ফি দিতে হবে। এছাড়া কশান মানি বাবদ দিতে হবে ডেভেলপমেন্ট কমিউনিকেশন বিষয়ের ক্ষেত্রে ২,০০০ টাকা এবং অন্যান্য কোর্সের ক্ষেত্রে ৫,০০০ টাকা।

## প্রার্থী নির্বাচন পদ্ধতি

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে। পেপার ওয়ানে থাকবে এসে রাইটিং (১০০ নম্বর)। পেপার টুয়ে প্রশ্ন হবে উপরোক্ত পাঁচটি বিষয়ের মধ্যে প্রার্থীর পছন্দ করা যে-কোনও একটি বিষয়ে (২০০ নম্বর)। সময়সীমা পেপার ওয়ানের ক্ষেত্রে ২ ঘণ্টা এবং পেপার টুয়ের ক্ষেত্রে ৩ ঘণ্টা। পরীক্ষার দিনক্ষণ এখনও জানানো হয়নি।

## কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদে ৩০০ টাকার বিনিময়ে আবেদনপত্র-সহ প্রসপেক্টাস যে-কোনও কাজের দিন (শনি ও রবিবার বাদে) সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সংগ্রহ করতে পারেন প্রতিষ্ঠানের অফিস থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: Roopkala Kendro, Block-GM, Sector-V, Salt Lake City, Kolkata-700 091.

এছাড়া আবেদনের বয়ান ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.kendroonline.org আবেদনপত্র ডাউনলোড করে থাকলে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ৩০০ টাকার ডিমান্ড ড্রাফটটি 'Roopkala Kendro'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সাবজেক্ট কোডটি লিখে দেবেন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন এই সব নথি**— ✓ডিমান্ড ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর পাসপোর্ট মাপের ২ কপি স্বপ্রত্যয়িত ফটো। ফটোদু'টি দরখাস্ত এবং অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ২০ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director & CEO, Roopkala Kendro, Block-GM, Sector-V, Salt Lake City, Kolkata-700 091.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩৩-২৩৫৭ ৫৭৪৩।

# স্কলারশিপের খোঁজখবর

## মারুবেনি ইন্ডিয়া মেরিটোরিয়াস স্কলারশিপ ২০১৯-২০

স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে মারুবেনি ইন্ডিয়া মেরিটোরিয়াস স্কলারশিপ। স্কলারশিপ বাবদ দেওয়া হবে এককালীন ৪০,০০০-৫০,০০০ টাকা। মোট স্কলারশিপের ৫০ শতাংশ ছাত্রীদের জন্য সংরক্ষিত হবে। অন্য কোনও স্কলারশিপ পেলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে স্কলারশিপের পরিমান বছর প্রতি ৬,০০০ টাকার বেশি হওয়া চলবে না।

**আবেদনের যোগ্যতা**: ২০১৮-১৯ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিকে অন্তত ৭৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত হতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নীচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/MIM5 আবেদনের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর।

## বেগম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ স্কিম ফর মাইনরিটিজ গার্লস ২০১৯-২০

নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত সংখ্যালঘু ছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে মৌলানা আজাদ এডুকেশন ফাউন্ডেশন। কেন্দ্রের মিনিস্ট্রি অব মাইনরিটি অ্যাফেয়ার্সের সঙ্গে যৌথ উদ্যোগে দেওয়া হবে এই স্কলারশিপ।

**আবেদনের যোগ্যতা**: শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লাখ টাকা।

**স্কলারশিপের পরিমাণ**: নবম ও দশম শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে প্রতি মাসে ৫,০০০ টাকা এবং একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে প্রতি মাসে ৬,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/MAN1 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## সেন্ট্রাল সেক্টর স্কিম অব স্কলারশিপ ফর কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি স্টুডেন্টস

দেশ জুড়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ এবং উচ্চশিক্ষায় আগ্রহী ৮২,০০০ মেধাবী ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের উচ্চশিক্ষা দপ্তর। স্কলারশিপের নাম: 'সেন্ট্রাল সেক্টর স্কিম অব স্কলারশিপ ফর কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি স্টুডেন্টস'। মহিলাদের জন্য ৫০ শতাংশ স্কলারশিপ সংরক্ষিত থাকবে। স্কলারশিপের মেয়াদ সর্বোচ্চ পাঁচ বছর। প্রতি শিক্ষাবর্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে।

**আবেদনের যোগ্যতা**: মোট অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করে থাকতে হবে এবং তার পর ইউ জি সি বা এ আই সি টি ই বা মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া বা ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়া স্বীকৃত কোনও রেগুলার কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

প্রার্থীর পারিবারিক বার্ষিক আয় আট লক্ষ টাকার বেশি হলে চলবে না।

**স্কলারশিপের পরিমাণ**: স্নাতক কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ১০,০০০ টাকা (তিন বছরের জন্য), স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ২০,০০০ টাকা (দুই বছরের জন্য)। পাঁচ বছরের ইন্টিগ্রেটেড কোর্সের ক্ষেত্রে চতুর্থ ও পঞ্চম বর্ষে স্কলারশিপ বাবদ দেওয়া হবে প্রতি বছরে ২০,০০০ টাকা। বি টেক, বি ই বা ৪ বছর মেয়াদের কোর্সের ক্ষেত্রে স্নাতক স্তর পর্যন্তই স্কলারশিপ দেওয়া হবে।

প্রার্থীর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে। স্কলারশিপের অর্থ সরাসরি প্রার্থীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা পড়বে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। আবেদনের পদ্ধতি-সহ স্কলারশিপ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দক্ষিণবঙ্গে ডেনড্রোবিয়াম

*নয়ের পাতার পর*



ফলনও পাওয়া গেছে বলে জানালেন তিনি। তবে তাঁর বক্তব্য, 'বাণিজ্যিক লক্ষ্যে অর্কিডের চাষ করতে চাইলে ডেনড্রোবিয়াম অর্কিড চাষের কথাই বলব। এর ফুলের বড় বাজার রয়েছে দেশের মধ্যেই। ফুল ফোটেও তুলনামূলক ভাবে তাড়াতাড়ি।'

ডেনড্রোবিয়াম অর্কিডের বাণিজ্যিক চাষের জন্য ২০০ বর্গমিটার জায়গার দরকার। চাষ করতে হয় পলিহাউস বা নেট শেড হাউসের ছায়া-ছায়া পরিবেশে। গাছ থাকবে নারকেলের ছোবড়ার পাত্রে। এরকম ছোবড়ার পাত্র বাজারে কিনতে পাওয়া যায়। পাত্রগুলো থাকবে বেঞ্চের উপর, আর নীচে জলের ব্যবস্থা রাখতে হবে শেডের মধ্যে আর্দ্রতা তৈরির জন্য। ২০০ বর্গমিটার জায়গায় ২,০০০ গাছ লাগানো যাবে। ৭-৮ মাস বয়সের চাষযোগ্য গাছ আসে থাইল্যান্ড থেকে। স্বীকৃত এজেন্টের মাধ্যমে গাছ আনানো যায়। শিলিগুড়ির নর্থ বেঙ্গল ফ্লোরিটেক এ রাজ্যের একটি স্বীকৃত চাষযোগ্য অর্কিড আমদানিকারী সংস্থা। আমদানি করা প্রতিটি গাছের দাম ৪৫-৫০ টাকা।

ডঃ নাগ জানান, চাষের প্রথম বছর ২০০ বর্গমিটার জায়গা থেকে ৪ থেকে ৫ হাজার ফুল পাওয়া যাবে। দ্বিতীয় বছর ফুলের সংখ্যা অনেকটা বাড়বে। অন্তত ১০ হাজার ফুল পাওয়া যাবে।

**ডেনড্রোবিয়াম অর্কিডের বাণিজ্যিক চাষের জন্য ২০০ বর্গমিটার জায়গার দরকার। চাষ করতে হয় পলিহাউস বা নেট শেড হাউসের ছায়া-ছায়া পরিবেশে। গাছ থাকবে নারকেলের ছোবড়ার পাত্রে। এরকম ছোবড়ার পাত্র বাজারে কিনতে পাওয়া যায়। পাত্রগুলো থাকবে বেঞ্চের উপর, আর নীচে জলের ব্যবস্থা রাখতে হবে শেডের মধ্যে আর্দ্রতা তৈরির জন্য। ডঃ নাগ জানালেন, সম্ভব হলে অর্কিডের সঙ্গে জারবেরার চাষও করা যেতে পারে। সেক্ষেত্রে গোটা প্রকল্পটি আরও লাভজনক হবে। জারবেরার ফুল পাওয়া যায় খুবই দ্রুত।**

বর্তমানে পাইকারি বাজারে প্রতিটি ফুলের দাম কমবেশি ১২ টাকা। অর্থাৎ ১ হাজার ফুলপ্রতি আয় ১২ হাজার টাকা। প্রতিটি গাছ থেকে ৭-৮ বছর ফুলের ভালো ফলন পাওয়া যায়।

বাণিজ্যিক লক্ষ্যে এগোতে হলে বিনিয়োগের প্রশ্ন আসেই। ডঃ নাগ জানালেন, পলিহাউস তৈরি-সহ ২০০ বর্গমিটার জায়গায় ডেনড্রোবিয়াম অর্কিড চাষের জন্য সব মিলিয়ে ৩ লক্ষ টাকা বিনিয়োগের প্রয়োজন। রাজ্য সরকারের হর্টিকালচার বিভাগ বা কেন্দ্রীয় সরকারের হর্টিকালচার মিশন থেকে মোট প্রকল্প ব্যয়ের ৫০ শতাংশ ভর্তুকি হিসেবে পাওয়ার সুযোগ রয়েছে।

ডঃ নাগ জানালেন, সম্ভব হলে অর্কিডের সঙ্গে জারবেরার চাষও করা যেতে পারে। সেক্ষেত্রে গোটা প্রকল্পটি আরও লাভজনক হবে। জারবেরার ফুল পাওয়া যায় খুবই দ্রুত। চাষ করতে হবে পলিহাউসেই। অন্তত ৫৬০ বর্গমিটার আয়তনের পলিহাউসে ৩,২০০ গাছ লাগানো যাবে। একটানা আড়াই থেকে ৩ বছর প্রতিটি গাছ থেকে বছরে ৩২ থেকে ৩৬টি ফুল পাওয়া যাবে। পাইকারি বাজারে প্রতিটি ফুলের দাম ৪ টাকা। অর্কিড-জারবেরা প্রকল্পের জন্য পরিকাঠামো তৈরি ও আনুষঙ্গিক খরচ সাড়ে ৭ লক্ষ টাকা। এক্ষেত্রেও ৫০ শতাংশ সরকারি ভর্তুকি পাওয়া যেতে পারে।

জমির ব্যবস্থা থাকলে ভালো, নয়তো জমি লিজ নিয়েও তিন-চারজন মিলে কাজটা করতে পারেন, জানালেন ডঃ নাগ। তাঁর কথায়, ভর্তুকির ব্যবস্থা হলে মোট বিনিয়োগের পরিমাণ এমনিতেই পঞ্চাশ শতাংশ কমে গেল। বিনিয়োগের বাকি অংশটা তিন-চারজন মিলে ভাগ করে নিতে পারেন। অর্কিড ও জারবেরা, দুই ফুলেরই প্রবল চাহিদা রয়েছে রপ্তানির বাজারেও।

আগ্রহীরা তথ্য-পরামর্শের জন্য পূর্ব মেদিনীপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রে ডঃ কৌশিক নাগের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: কৃষিবিজ্ঞান কেন্দ্র, পূর্ব মেদিনীপুর, মুলাখোপ, নন্দকুমার, পূর্ব মেদিনীপুর। ডঃ কৌশিক নাগের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরেও: ৯৮৩০৪-৭৮১৫১।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# অধ্যাপনার পেশার সোপান ‘নেট’

**কলেজে অধ্যাপনার ক্ষেত্রে নেট বা সেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক। ডিসেম্বর মাসের নেট পরীক্ষার জন্য আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হতে চলেছে ৯ সেপ্টেম্বর থেকে। আগ্রহীদের জন্য থাকল এই পরীক্ষা-সংক্রান্ত নিয়মকানুনের খুঁটিনাটি।**



**নিজস্ব প্রতিনিধি:** দেশের সরকারি ও বেসরকারি কলেজগুলিতে সারা বছর ধরেই অধ্যাপক নিয়োগ করা হয়। অধ্যাপনার পাশাপাশি মৌলিক বিষয়ে গবেষণারও বিপুল সুযোগ রয়েছে। তবে বহু প্রতিষ্ঠানেই চাহিদার তুলনায় দক্ষ শিক্ষক-শিক্ষিকার জোগান কম। ঘাটতি মেটাতে এই বছরেরই জুনে, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন দেশের সব কলেজ, ইউনিভার্সিটি ও ডিমড ইউনিভার্সিটিগুলিকে আগামী ছয় মাসের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক অধ্যাপক নিয়োগের জন্য আবেদন জানিয়েছে। অধ্যপনার এই পেশায় আসার প্রথম ধাপ হল নেট বা সেট পরীক্ষা। স্নাতকোত্তর স্তরে পড়াশোনার পরেই পরীক্ষায় বসার প্রস্তুতি নিতে পারেন।

## নেট ও সেট কী

কলেজে ও বিশ্ববিদ্যালয়ে স্থায়ীভাবে পড়ানোর ক্ষেত্রে অবশ্যই পাশ করতে হয় ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (নেট) বা স্টেট এলিজিবিলিটি টেস্ট (সেট)।

নেট পরীক্ষায় পাশ করলে দেশের যে-কোনও কলেজ-বিশ্ববিদ্যালয়ে লেকচারশিপের সুযোগ আছে। হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয় এবং বিজ্ঞান শাখায় অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগের ক্ষেত্রে যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা এটি। এছাড়াও গবেষণায় আগ্রহীদের উৎসাহ প্রদানের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্রছাত্রীদের দেওয়া হয় জুনিয়র রিসার্চ ফেলোশিপ। জাতীয় স্তরে আয়োজিত এই পরীক্ষা নেওয়া হয় বছরে দু'বার।

এতদিন নেট পরীক্ষা নিত কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন, যৌথভাবে। তবে এ বছরের ডিসেম্বর থেকে এই পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)।

সেট পরীক্ষায় উত্তীর্ণ হলে পশ্চিমবঙ্গের কলেজ-বিশ্ববিদ্যালয়গুলিতে অধ্যাপনার সুযোগ পাওয়া যায়। পরীক্ষাটি পরিচালনা করে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন। পরীক্ষা নেওয়া হয় বছরে একবার।

শুধু সরকারিই নয় বিভিন্ন বেসরকারি কলেজ-বিশ্ববিদ্যালয়ও শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে এই সব পরীক্ষার ফল গ্রাহ্য করে। তবে মনে রাখবেন, এই পরীক্ষায় উত্তীর্ণ হলেই চাকরি নিশ্চিত নয়। এটি শুধু পড়ানোর যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা। প্রার্থীর সার্বিক শিক্ষাগত যোগ্যতা, নেট বা সেট পরীক্ষায় প্রাপ্ত স্কোর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হয়।

**ইউ জি সি-নেট পরীক্ষা নেওয়া হয় এইসব বিষয়ে:** ● ইকনমিক্স ● পলিটিক্যাল সায়েন্স ● ফিলজফি ● সাইকোলজি ● সোশিওলজি ● হিস্ট্রি ● অ্যানথ্রপলজি ● কমার্স ● এডুকেশন ● সোশ্যাল ওয়ার্ক ● ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ● হোম সায়েন্স ● পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ● পপুলেশন স্টাডিজ ● মিউজিক ● ম্যানেজমেন্ট ● মৈথিলি ● বাংলা ● হিন্দি ● সংস্কৃত ● উর্দু ● আরবি ● ইংলিশ ● লিঙ্গুইস্টিক্স ● চাইনিজ ● ডোগড়ি ● নেপালি ● ফ্রেঞ্চ ● স্প্যানিশ ● রাশিয়ান ● পার্সিয়ান ● জার্মান ● জাপানিজ ● অ্যাডাল্ট এডুকেশন/কন্টিনিউয়িং এডুকেশন/ অ্যান্ড্রাগগি/ নন-ফর্মাল এডুকেশন ● ফিজিক্যাল এডুকেশন ● আরব কালচার অ্যান্ড ইসলামিক স্টাডিজ ● ইন্ডিয়ান কালচার ● লেবার ওয়েলফেয়ার/পার্সোনেল ম্যানেজমেন্ট/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস/লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ● ল ● লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স ● বুদ্ধিস্ট জৈন গান্ধিয়ান অ্যান্ড পিস স্টাডিজ ● কম্পারেটিভ স্টাডি অব রিলিজিয়নস ● মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম ● পারফর্মিং আর্ট-ডান্স/ড্রামা/থিয়েটার ● মিউজিওলজি অ্যান্ড কনজারভেশন ● আর্কিওলজি ● ক্রিমিনোলজি ● ট্রাইবাল অ্যান্ড রিজিওনাল ল্যাঙ্গুয়েজ/ লিটারেচার ● ফোক লিটারেচার ● কম্পারেটিভ লিটারেচার ● সংস্কৃত ট্র্যাডিশনাল সাবজেক্ট (জ্যোতিষ, সিদ্ধান্ত জ্যোতিষ, ন্যায় ব্যাকরণ, ব্যাকরণ, মীমাংসা, নব্য ন্যায়, সাংখ্য যোগ, তুলনাত্মক দর্শন, শুক্ল যজুর্বেদ, মধ্যবেদান্ত, ধর্ম শাস্ত্র, সাহিত্য, পুরাণ ইতিহাস, অগম, অদ্বৈত বেদান্ত-সহ) ● উইমেন স্টাডিজ ● ভিশুয়াল আর্ট (ড্রইং অ্যান্ড পেন্টিং/ স্কাল্পচার/ গ্রাফিক্স/ অ্যাপ্লায়েড আর্ট/ হিস্ট্রি অব আর্ট-সহ) ● জিওগ্রাফি ● সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ ● ফরেনসিক সায়েন্স ● পালি ● কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস ● ইলেক্ট্রনিক সায়েন্স ● এনভায়রনমেন্টাল সায়েন্সেস ● পলিটিক্স-সহ ইন্টারন্যাশনাল রিলেশনস/ ডিফেন্স-সহ ইন্টারন্যাশনাল স্টাডিজ/স্ট্র্যাটেজিক স্টাডিজ, ওয়েস্ট এশিয়ান স্টাডিজ, সাউথ ইস্ট এশিয়ান স্টাডিজ, আফ্রিকান স্টাডিজ, সাউথ এশিয়ান স্টাডিজ, সোভিয়েত স্টাডিজ, আমেরিকান স্টাডিজ ● প্রাকৃত ● হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ ● ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ● বোড়ো ● সাঁওতালি ● যোগ।

**সি এস আই আর-ইউ জি সি নেট পরীক্ষা নেওয়া হয় এইসব বিষয়ে:** ● কেমিক্যাল সায়েন্সেস ● আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস ● লাইফ সায়েন্সেস ● ম্যাথমেটিক্যাল সায়েন্সেস ● ফিজিক্যাল সায়েন্সেস।

## পরীক্ষার ধরনধারণ

২০১৯-এ বিজ্ঞান শাখার ক্ষেত্রে সি এস আই আর-ইউ জি সি নেট পরীক্ষা নেওয়া হবে ১৫ ডিসেম্বর এবং অন্যান্য শাখার ক্ষেত্রে পরীক্ষা নেওয়া হবে ২ থেকে ৬ ডিসেম্বরের মধ্যে। পরীক্ষাকেন্দ্র সাধারণত পশ্চিমবঙ্গের এই সব শহরে থাকে: আসানসোল, বর্ধমান, দার্জিলিং, দুর্গাপুর, হলদিয়া, হুগলি, হাওড়া, কল্যাণী, খড়্গপুর, শিলিগুড়ি ও কলকাতা।

হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ের ক্ষেত্রে দুই পেপারের কম্পিউটারভিত্তিক পরীক্ষা নেওয়া হয় আলাদা আলাদা শিফটে, একই দিনে। উভয় পেপারেই প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস-এর দক্ষতা যাচাই করা হয়। পেপার-টু-এর প্রশ্ন হয় সংশ্লিষ্ট বিষয় থেকে। ১০০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা।

প্রতিটি পেপারেই প্রার্থীকে ন্যূনতম যোগ্যতামান পেতে হয়। সাধারণ জাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে উভয় পেপারেই পেতে হয় ন্যূনতম ৪০ নম্বর এবং সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৩৫ নম্বর। কোনও পেপারেই নেগেটিভ মার্কিং থাকে না।

এর আগে সি এস আই আর-ইউ জি সি নেট পরীক্ষা খাতায়কলমে নেওয়া হলেও এবার থেকে কম্পিউটারভিত্তিক পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার ধরন-সংক্রান্ত তথ্যের জন্য ৯ সেপ্টেম্বর থেকে দেখুন এই ওয়েবসাইট: www.nta.nic.in

## আবেদনের যোগ্যতা

**বিজ্ঞান শাখার ক্ষেত্রে:** কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারী, বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয়ক্ষেত্রেই তফসিলি, দৈহিক ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। মনে রাখবেন, তাঁরা শুধু জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্যই নির্বাচিত হবেন।

**অন্যান্য শাখার ক্ষেত্রে:** হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

উইমেন স্টাডিজ বিষয়ের জন্য পরীক্ষায় বসতে পারেন হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ) এবং সোশ্যাল সায়েন্সেস বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা। পপুলেশন স্টাডিজ বিষয়ে পরীক্ষা দিতে পারেন ভূগোল (পপুলেশন স্টাডিজে স্পেশ্যালাইজেশন-সহ) অথবা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্সে মাস্টার ডিগ্রিধারীরা।

একজন প্রার্থী একইসঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিকভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**বয়স**

জুনিয়র রিসার্চ ফেলোশিপের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখে বয়স হতে হয় ৩০ বছরের মধ্যে। সি এস আই আর-ইউ জি সি নেট পরীক্ষার ক্ষেত্রে, ২০১৯-এর ফেব্রুয়ারি মাসে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়সের উর্ধ্বসীমা ধার্য করা হয়েছিল ২৮ বছর। উভয় ক্ষেত্রেই মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, ও বি সি এবং ট্রান্সজেন্ডার ক্যাটেগরিভুক্তরা বয়সে ৫ বছরের ছাড় পান।

লেকচারশিপের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা থাকে না।

## কীভাবে আবেদন করবেন

নেট পরীক্ষার জন্য অনলাইন আবেদন করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৯ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত।

৯ নভেম্বর থেকে নেট পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। সেট পরীক্ষা-সংক্রান্ত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.wbcsc.org.in

---

✓নেট পরীক্ষার জন্য অনলাইন আবেদন করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.nic.in

✓অনলাইন দরখাস্ত করা যাবে ৯ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত।

✓৯ নভেম্বর থেকে নেট পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে।

✓আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

✓সেট পরীক্ষা-সংক্রান্ত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.wbcsc.org.in

---

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞা ন বি জ্ঞা ন

## জানার জানালা

### বিপদ ঘনাচ্ছে বটলনোজ ডলফিনদের



মানুষের অতিরিক্ত সাহচর্য নিউজিল্যান্ডের বটলনোজ ডলফিনদের অস্তিত্বের সঙ্কটের মূল কারণ হয়ে দাঁড়ানোয় এই প্রজাতির ডলফিনদের সঙ্গে পর্যটকদের সাঁতারে নিষেধাজ্ঞা জারি করল নিউজিল্যান্ড সরকার। উত্তর নিউজিল্যান্ডের বে অফ আইল্যান্ডস অঞ্চলের মূল আকর্ষণই হল বটলনোজ ডলফিন। ডলফিনের এই প্রজাতিটি সমুদ্রতটের খুব কাছে এসে সাঁতার কাটতে ভালোবাসে। আর তাদের সঙ্গে সাঁতার কাটতে ভালোবাসেন পর্যটকেরা। অসংখ্য পর্যটন সংস্থাও এই ধরনের ট্যুর পরিচালনা করে। নিউজিল্যান্ডের সংরক্ষণ গবেষণা দপ্তরের বক্তব্য, এত বেশি পরিমাণে মানুষের সংস্পর্শে আসার ফলে ডলফিনদের আচরণ ও খাদ্যাভ্যাসে প্রভাব পড়েছে। যা এই প্রজাতির সংখ্যাহ্রাসের কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারি পরিসংখ্যান থেকে জানা যাচ্ছে, ১৯৯০ সাল থেকে এই এলাকায় ডলফিনের সংখ্যা ৬৬ শতাংশ কমেছে। এখন হাতেগোনা ১৯টির মতো ডলফিন নিয়মিত সমুদ্রতটের কাছে আসে

### জ্বলছে আমাজন



পৃথিবীর সবথেকে বড় ক্রান্তীয় অরণ্য আমাজনের একটা বড় অংশ বিধ্বংসী আগুনের গ্রাসে পড়ল। শুধু তা-ই নয়, গত আট মাসে ৭৩ হাজারেরও বেশি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এখানে। পৃথিবীর ফুসফুস বলে অভিহিত করা হয় আমাজনকে। সারা দুনিয়ার ২০ শতাংশ অক্সিজেন এই বৃষ্টি অরণ্য থেকেই আসে। প্রায় ৫৫ লক্ষ বর্গকিলোমিটার এলাকাজুড়ে বিস্তৃত এই অরণ্য। প্রায় ৬,৯০০ কিলোমিটার দীর্ঘ নদী আমাজনকে ঘিরে বিস্তৃত রয়েছে এই দুর্ভেদ্য জঙ্গল। দক্ষিণ আমেরিকার ৪০ শতাংশ এলাকা জুড়ে বিস্তৃত এই অরণ্য। ব্রাজিলের প্রায় ৬০ শতাংশই এই গভীর অরণ্যের অধীনে। ব্রাজিল ছাড়াও বলিভিয়া, কলম্বিয়া, ইকুয়েডর, ফ্রেঞ্চ গায়ানা, গায়ানা, পেরু, সুরিনাম এবং ভেনেজুয়েলা— এই ৯টি দেশজুড়ে ছড়িয়ে আছে আমাজনের জঙ্গল। চলতি বছরেই বলসোনারো ব্রাজিলের প্রেসিডেন্ট হওয়ার পরে ব্রাজিলে জঙ্গল ধ্বংসের ঘটনা কয়েক গুণ বেড়ে গিয়েছে। অনেক দেশই সরাসরি বলসোনারোকে দায়ী করেছে এই ঘটনার জন্য। ফরাসি প্রেসিডেন্ট এমান্যুয়েল মাকরঁ টুইট করেন,'আমাদের আশ্রয় জ্বলছে। এই পৃথিবীর ফুসফুস যা একাই ২০ শতাংশ অক্সিজেনের উৎস, তা আগুনে পুড়ে ছারখার হচ্ছে।'

### জলবায়ু পরিবর্তনে বদলাচ্ছে জমির চরিত্র



রাষ্ট্রপুঞ্জের 'ইন্টারগভর্নমেন্টাল প্যানেল ফর ক্লাইমেট চেঞ্জ' (আইপিসিসি) তাদের একটি সাম্প্রতিক রিপোর্টে জানিয়েছে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রত্যক্ষ প্রভাবে বদলে যাচ্ছে জমির চরিত্র। তাদের সতর্কবার্তা, অবিলম্বে একজোট হয়ে সক্রিয় না-হলে অদূর ভবিষ্যতেই মানবসভ্যতা সঙ্কটের মুখে পড়বে। বিশ্বের প্রথম সারির পরিবেশ বিজ্ঞানীদের নিয়ে গঠিত আইপিসিসি-র রিপোর্টে বলা হয়েছে, জলবায়ু পরিবর্তনের জেরে জমির উৎপাদন ক্ষমতা দ্রুতগতিতে কমছে। এর ফলে বাড়ছে খরার প্রকোপ। উষ্ণায়নের জেরে সমুদ্রের জলতল বৃদ্ধি পেয়ে গ্রাস করছে কৃষি জমি। আইপিসিসি রিপোর্ট আরও জানাচ্ছে, ক্রান্তীয় এমনকী মেরু অঞ্চলের বরফ গলে সমুদ্রতলের উচ্চতাবৃদ্ধির কারণে আগামী কয়েক বছরের মধ্যেই বহু মানুষের গৃহহারা হওয়ার আশঙ্কা রয়েছে। বিশেষত, ছোট ছোট দ্বীপরাষ্ট্রগুলির অস্তিত্ব বিপন্ন হয়ে পড়তে পারে।



● কোন প্রখ্যাত সাহিত্যিক অনিলা দেবী ছদ্মনামে লিখেছেন?
**উত্তর:** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

● কোন কোষ অঙ্গাণু আত্মঘাতী থলি নামে পরিচিত?
**উত্তর:** লাইসোজোম

● পৃথিবীর বৃহত্তম বদ্বীপ কোনটি?
**উত্তর:** গাঙ্গেয়

● কোন নদীর তীরে কোটা শহরটি অবস্থিত?
**উত্তর:** চম্বল

● নর্মদা নদীর উৎপত্তি কোথায়?
**উত্তর:** অমরকন্টক মালভূমি

● কার্বলিক অ্যাসিডের রাসায়নিক নাম কী?
**উত্তর:** ফেনল

● বাংলার আদিনা মসজিদ কে নির্মাণ করেন?
**উত্তর:** সিকান্দার শাহ

● কোন দু'টি ধাতুর সমন্বয়ে ব্রোঞ্জ আবিষ্কৃত হয়?
**উত্তর:** তামা ও টিনের সমন্বয়ে



● রায়গড় দুর্গে কার রাজ্যাভিষেক হয়েছিল?
**উত্তর:** শিবাজির

● রামসার সম্মেলন কীসের সঙ্গে যুক্ত?
**উত্তর:** জলাভূমি সংরক্ষণ

● ইউরিয়ার রাসায়নিক নাম কী?
**উত্তর:** কার্বামাইড

● অপালা, লোপামুদ্রা, গার্গী— এই তিন বিদুষী মহিলা কোন যুগে ছিলেন?
**উত্তর:** বৈদিক যুগে

● বুদ্ধচরিত কার দ্বারা রচিত?
**উত্তর:** অশ্বঘোষ

● দু'টি ভিন্নধর্মী গ্যামেটের মিলনকে কী বলে?
**উত্তর:** উগ্যামী

● ফিফা বিশ্বকাপ ২০১৮- তে ফাইনালে কে সেরা খেলোয়াড়ের শিরোপা পেয়েছিলেন?
**উত্তর:** আতোঁয়া গ্রিজম্যান

● বৈদ্যুতিক বাতির মধ্যে কোন নিষ্ক্রিয় গ্যাস থাকে?
**উত্তর:** আর্গন

● সংবিধান অনুযায়ী আমাদের দেশ হল:
**উত্তর:** প্রজাতন্ত্র ভারত



● ক্যাকটাসের পাতা কাঁটায় রূপান্তরিত হয়:
**উত্তর:** বাষ্পমোচন রোধ করার জন্য

● 'ধান জ্যোৎস্না' উপন্যাসটির লেখক কে?
**উত্তর:** আফসার আহমেদ

● 'ডি আর ডি ও' পুরো কথাটি কী?
**উত্তর:** ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন

● ভারতীয় রেনেসাঁসের ভোরের শুকতারা কাকে বলা হয়?
**উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুর

● কোন আইন দ্বারা রানি ভিক্টোরিয়া ভারতের সম্রাজ্ঞী হন?
**উত্তর:** রয়্যাল টাইটেলস অ্যাক্ট ১৮৭৬

● স্থির উষ্ণতায় যদি চাপ কমে যায়, তবে কোনও নির্দিষ্ট পরিমাণ গ্যাসের আয়তন:
**উত্তর:** বেড়ে যায়

● যে প্রক্রিয়ায় রাইবোজোম উল্লেখযোগ্য ভূমিকা পালন করে তা হল:
**উত্তর:** প্রোটিন সংশ্লেষ

● ভারতে বৈদেশিক মুদ্রার তহবিল রক্ষা করে কে?
**উত্তর:** রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া

● দলশূন্য ফুলগুলির পরাগ সংযোগ মূলত কীসের সাহায্যে হয়?
**উত্তর:** বায়ু দ্বারা



● ভারতের নিজস্ব প্রযুক্তিতে তৈরি প্রথম ক্ষেপণাস্ত্রটির নাম কী?
**উত্তর:** পৃথ্বী

## হী রে র টু ক রো

### মেধাবী ছাত্রের লড়াইকে স্বীকৃতি দিতে রাস্তা



জলপাইগুড়ির এক জনপদ দশদরগার মেধাবী ছাত্র সৌরভ সরকার। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকস্তরে জীববিদ্যায় পেয়েছেন স্বর্ণপদক। নিজের হাতে পারিবারিক মুদির দোকান সামলে পুরোদমে পড়াশোনা চালিয়ে গেছেন তিনি। সম্প্রতি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ-ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন দ্বারা পরিচালিত নেট পরীক্ষায় করেছেন ভালো ফল। তাঁর এই কষ্টার্জিত সাফল্যকে সম্মান জানাতে অভিনব পন্থা নিয়েছে জলপাইগুড়ি জেলা পরিষদ। মেধাবী ছাত্রের বাড়ির সামনে দুশো মিটার কাঁচা রাস্তা পাকা করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে পরিষদ। ওই কাঁচা রাস্তাই গিয়ে মিশেছে জাতীয় সড়কে। জেলা পরিষদের মতে, মেধাবী ও সফল সৌরভকে ফুল-মালা-উপহার দিয়ে স্বীকৃতি জানানোর চেয়ে রাস্তা পাকা করার এই সিদ্ধান্ত তাঁর মতো আরও অনেক ছাত্রছাত্রীকে ভালো পড়াশোনা করতে উৎসাহ জোগাবে। এগিয়ে দেবে সাফল্যের চওড়া সড়কের দিকে।

### ইচ্ছাশক্তির জোরে সফল স্বপ্ন



সেন্ট জেভিয়ার্স কলেজ থেকে ইকনমিক্সে স্নাতক এবং ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রিধারী মেয়েটি চাকরি ছাড়ার সিদ্ধান্ত নেওয়ার পর, তাঁর উর্ধ্বতন কর্তৃপক্ষ জিজ্ঞেস করেছিলেন, 'যে চাকরিতে ৪ লক্ষ পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৯০ জন সুযোগ পায়, সেই পরীক্ষার জন্য এত ভালো চাকরিটা ছেড়ে দেওয়ার ঝুঁকি নেবে?' শ্বেতা আগরওয়াল তাঁকে জানিয়ে এসেছিলেন, তিনি ৯০ জনের মধ্যেই থাকবেন।

ইউ পি এস সি-র সিভিল সার্ভিস পরীক্ষায় প্রথমবার সুযোগ হয়নি, দ্বিতীয় বার র‍্যাঙ্ক ছিল ৪৯৭, তৃতীয় বার ১২৭। ১০ নম্বর কম থাকায় আই পি এস ট্রেনিংয়ে ডাক পড়েছিল। কিন্তু শ্বেতার জেদ, আই এ এস-ই হবেন। সুতরাং ফের পরীক্ষায় বসা। ২০১৫-য় মিলল ১৯তম স্থান। বাংলা থেকে বিগত এক দশকের মধ্যে সেরা রেজাল্ট। কিন্তু এত দূর আসতে শ্বেতাকে কেবল প্রাক্তন চাকরি-কর্তৃপক্ষের সন্দেহের বিরুদ্ধেই নয়, লড়তে হয়েছে এক অন্য সামাজিক লড়াইও।

হুগলির ভদ্রেশ্বরের মধ্যবিত্ত সংস্কারবদ্ধ মাড়োয়ারি যৌথ পরিবারে শ্বেতার বাবা-মায়ের কোনও পুত্রসন্তান না থাকা ছিল এক ধরনের মানসিক চাপ। পরিবারে মেয়েদের শিক্ষাকে প্রয়োজনীয়ই মনে করা হতো না। শ্বেতা সেই পরিবার থেকে প্রথম স্নাতক। এক এক করে বোনেদের বিয়ে হয়ে গেলেও, শ্বেতা তাঁর বাবাকে জানিয়েছিলেন, তিনি পড়তে চান। বাধা দেননি শ্বেতার বাবা। মুদির দোকান তাঁর। সীমিত আর্থিক সামর্থ্যের মধ্যেও মেয়ের স্বপ্নকে সাকার করার লড়াই চালিয়ে গিয়েছেন।

শ্বেতা আগরওয়াল এই মুহূর্তে বীরভূমের রামপুরহাটের সাব ডিভিশনাল অফিসার (এস ডি ও)।

● আমির খসরু কার সভাকবি ছিলেন?
**উত্তর:** আলাউদ্দিন খলজি

● কার কাছ থেকে ইস্ট-ইন্ডিয়া কোম্পানি দেওয়ানি লাভ করেছিল?
**উত্তর:** দ্বিতীয় শাহ আলম

● পশ্চিমবঙ্গে ল্যাটেরাইটিক মৃত্তিকা কোথায় পাওয়া যায়?
**উত্তর:** বাঁকুড়া

● ৪০ বছর পূর্তি বর্ষকে কী বলা হয়?
**উত্তর:** রুবি জয়ন্তী

● কলোসিয়াম কী?
**উত্তর:** রোমের বিখ্যাত থিয়েটার হল

● ভারতের কোন কেন্দ্রশাসিত অঞ্চলটি আয়তনে সবচেয়ে ছোট?
**উত্তর:** লাক্ষাদ্বীপ ও মিনিকয় দ্বীপপুঞ্জ

● ভারতের প্রথম নভশ্চর রাকেশ শর্মা কত সালে মহাকাশে পাড়ি দিয়েছিলেন?
**উত্তর:** ১৯৮৪ সালে।

● ভারতের সহযোগিতায় ভুটানে যে জলবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠেছে সেটি কী নামে পরিচিত?
**উত্তর:** চুখা

● গ্যালেনা কীসের আকরিক?
**উত্তর:** লেড-এর

● উকাই সেচ প্রকল্প কোন রাজ্যে অবস্থিত?
**উত্তর:** গুজরাট

● স্ট্র্যাটোস্ফিয়ার ও মেসোস্ফিয়ারের সীমানাকে কী বলা হয়?
**উত্তর:** ট্রপোপজ



● লোকতাক হ্রদ কোন রাজ্যে অবস্থিত?
**উত্তর:** মণিপুর

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## প্রচলিত পথে স্নাতক হয়ে বসে না থেকে অন্যরকম কিছু পড়ো



**কৌস্তভ সান্যাল**
*প্রাক্তন ম্যানেজার-হিউম্যান রিসোর্স*
*শ্যাম সেল লিমিটেড*
*(দেশের অন্যতম বৃহৎ লোহা ও স্টিল উৎপাদনকারী সংস্থা)*

সারা পৃথিবী জুড়েই এখন সার্ভিস সেক্টর বা পরিষেবা ক্ষেত্রের রমরমা চলেছে। তার মানে এই নয় অর্থনীতির বাকি দুই ক্ষেত্র— এগ্রিকালচার বা ইন্ডাস্ট্রিতে কাজের সুযোগ নেই। তবে উন্নয়নের একেক পর্বে একেক ধরনের আর্থিক ক্ষেত্রের আধিপত্য দেখা যায়। একটা উদাহরণ দেওয়া যাক। এখন আর আগের মতো বিশেষত শহরাঞ্চলে ছুতোর বা কামারের দেখা পাওয়া যায় না। ব্যস্ত নাগরিক জীবনে খুঁজে লোক জোগাড় করার সময়ও থাকে না। তাই বলে গৃহস্থালির প্রয়োজন তো আর কমেনি। এখন অনেক অনলাইন অ্যাপস আছে যেখানে জানান দিলেই প্রয়োজনীয় কাজের জন্য লোক বাড়ি চলে আসে। ঠিক এখানেই অপরিহার্য হয়ে উঠছে পরিষেবা। বিবিধ যোগ্যতায় পরিষেবা শিল্পে যোগ দেওয়া যায়। কর্মীর চাহিদাও রয়েছে।

পাশাপাশি প্যাকেজিং, হোসিয়ারি, জুট ইন্ডাস্ট্রির মতো অনেক জায়গাই রয়েছে যেখানে কাজের সুযোগ আছে। এর মধ্যে প্যাকেজিং ইন্ডাস্ট্রির বাজার এখন খুব ভালো। প্লাস্টিক বিরোধী সচেতনতা বাড়ার ফলে পাটশিল্প আবার মাথা তুলে দাঁড়াচ্ছে। সরকারি পৃষ্ঠপোষকতাও এ ক্ষেত্রে যথেষ্ট। তবে শিল্পে কাজ করতে চাইলে প্রযুক্তিগত কিছু শিক্ষারও প্রয়োজন।

চাকরির খোঁজ করার আগে দরকার হল, নিজের উৎসাহে বিভিন্ন কাজ সম্পর্কে তথ্য জোগাড় করে নিজের কাজের ক্ষেত্রটি বেছে নেওয়া।

### প্রচলিত শিক্ষার বাইরে খোঁজ নাও

যারা খুব বেশি উচ্চশিক্ষা নিতে পারোনি বা উচ্চশিক্ষায় যেতে চাইছ না, তারা পড়াশোনার ক্ষেত্রেও জেনারেল স্ট্রিমের বাইরে বেরিয়ে আসতে পারো। প্রচলিত পথে স্নাতক হয়ে বসে না থেকে সে ক্ষেত্রে অন্যরকম কিছু পড়ো। সরকারি, বেসরকারি উদ্যোগে বিবিধ কর্মমুখী কোর্স পড়ানো হয়। সেগুলি করে নিজের দক্ষতা বাড়িয়ে নিয়ে পছন্দমতো কাজের জন্য নিজেকে প্রস্তুত করতে পারো।

> **যারা খুব বেশি উচ্চশিক্ষা নিতে পারোনি বা উচ্চশিক্ষায় যেতে চাইছ না, তারা পড়াশোনার ক্ষেত্রেও জেনারেল স্ট্রিমের বাইরে বেরিয়ে আসতে পারো। প্রচলিত পথে স্নাতক হয়ে বসে না থেকে সে ক্ষেত্রে অন্যরকম কিছু পড়ো। সরকারি, বেসরকারি উদ্যোগে বিবিধ কর্মমুখী কোর্স পড়ানো হয়। সেগুলি করে নিজের দক্ষতা বাড়িয়ে নিয়ে পছন্দমতো কাজের জন্য নিজেকে প্রস্তুত করতে পারো।**

### মানসিক জড়তা কাটিয়ে উঠতে হবে

চাকরি পাওয়ার জন্য কিছু ক্ষেত্রে মানসিকতা পাল্টানোও খুব জরুরি। অনেক সময় দেখেছি, বাবা কোনও একটি নির্দিষ্ট কাজ করতেন বলে, ছেলের সেই কাজটি করতে আগ্রহ নেই। এ রকম গোঁ ধরে বসে থাকার চেয়ে কাজে ঢুকে পড়ো। বহুশ্রমের কাজে আমাদের বড় অনীহা। এই মানসিকতাটা বদলাতে পারলেই অনেক সম্ভাবনার দরজা খুলে ফেলতে পারবে। কাজ পাওয়ার পর উন্নতির লড়াই তো তোমার নিজের। সেখানে সাফল্যের কোনও সীমানা নেই।

### কাজের জায়গায় লড়াইটাই জরুরি

একটি অভিজ্ঞতার কথা বলি। আমি তখন একটি প্যাকেজিং সংস্থায় কাজ করি। ইন্টারভিউয়ের মাধ্যমে একটি মেয়েকে আমরা নিয়োগ করেছিলাম। মেয়েরা সাধারণত কম্পিউটারে বসে কাজ পছন্দ করে। কিন্তু সে ইন্টারভিউয়ে বলেছিল, প্রোডাকশন ম্যানেজার হতে চায়। এদিকে তার পছন্দের ক্ষেত্রে পুরুষদেরই আধিপত্য। কিন্তু সে তা নিয়ে ভাবিত নয়। তার যুক্তি ছিল, কম্পিউটারে বসে কাজ করলে তো প্যাকেজিংয়ের কিছুই শেখা হবে না, তাহলে লক্ষ্যপূরণ হবে কী করে? তার এই শেখার ইচ্ছে খুব ভালো লেগেছিল। বাস্তবে প্রোডাকশন বিভাগেই ছেলেদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে খুব সুন্দর কাজ শিখে নিল সে। পরবর্তীকালে চাকরিতে উন্নতিও করেছিল খুব। এই লড়াইটাই মানুষকে এগিয়ে নিয়ে যায়।

নিজের চোখে দেখা এইসব অভিজ্ঞতা থেকে বলতে পারি, কাজের জায়গায় লড়াইটাই জরুরি। বাকি আর সব এখানে গৌণ।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

**GOLDMAN CONSULTANTS**
Company: GOLDMAN CONSULTANTS
Position Title: Back Office Executive/Manager
Experience, Location: Fresher, Kolkata
Profile: Walk In Interview for Back Office Executive/Manager. Education- Any Graduate. Experience- Freshers Only. Interview Location- Goldman Consultants, HA-58, Sector-3, Near No-13 Tank, Salt Lake, Kolkata. Mobile No-9339556600 / 8777247751 / 033-23354445. Email Id- gmcjobs90@hotmail.com
To apply for this job, log on to www.shine.com

**GLOBAL INDIA CONSULTANTS**
Company: Global India Consultants
Position Title: Team Leader/Branch Head
Experience, Location: 1-5 Years Experienced, Kolkata
Profile: We need Commis-1, Commis-2, Commis-3, Waiter/Waitress, Kitchen Stewards & other staffs for a 7 star hotel (The ST. Regis) in Doha, Qatar. Interview is in Kolkata. Interested candiadate may contact with the below details. Mob- 7980743443, 8582871230. Email- hr4zodiactoursntravels@gmail.com
To apply for this job, log on to www.shine.com

**Accord Information Services**
Company: Accord Information Services
Position Title: customer care executive
Experience, Location: 0-1, Kolkata
Profile: We are hiring in your location for multiple companies. Designation- Customer care excutive. Qualification- graduation Mini 6 months experience, with experience letter.
To apply for this job, log on to www.shine.com and search using **10205332** as keyword.

**OneTech BPO**
Company: OneTech BPO
Position Title: Customer Care Executive
Experience, Location: 0 to 1 Yr, Kolkata
Profile: We are hiring for candidates for CCE Openings. Bpo Inbound no target voice process. We are hiring fresher candidates for Day shift Domestic/INTERNATIONAL. 6 days working, fixed off, Day shift.
To apply for this job, log on to www.shine.com and search using **9942249** as keyword.

**Shashi Solution services**
Company: Shashi Solution services
Position Title: Sales Manager
Experience, Location: 1-6 Yrs, Kolkata
Profile: We have very urgent opening for Unit Manager/BDM/AM. Exp- 1 to 12 Year. Role- Agency Channel (Agent Handling) Qualification- Any Graduate. Basic Requirements: Should have Excellent Communication Skills.Experience in Sales.
To apply for this job, log on to www.shine.com and search using **9425606** as keyword.

**Ascensive Educare Pvt. Ltd**
Company: Ascensive Educare Pvt. Ltd
Position Title: Marketing Executive
Experience, Location: 0-1years, Kolkata
Profile: Huge opening for Marketing executive. Candidates must be smart & good in Hindi & english. Lucrative salary for that post. Immediate joining. No age bar for the right candidate. Educational qualification : Must be Higher Secondary Pass.
To apply for this job, log on to www.shine.com and search using **10187712** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates
shine.com
Great careers start here

দ্রুত ফুরিয়ে যাচ্ছে




সঙ্গে বিনামূল্যে
অমরেন্দ্র চক্রবর্তীর
দেড় ঘণ্টার DVD
জর্ডন-ইজরায়েল

পুজোর ভ্রমণ গাইড
২০১৯

পুজোয় বেড়ানোর কিংবদন্তি গাইডবুক

ভারত ভ্রমণের সচিত্র বিবরণ। সঙ্গে সহজ বিদেশভ্রমণ। আগাগোড়া সব সাম্প্রতিক তথ্য। সঙ্গে অন্তরঙ্গ ভ্রমণ-পরামর্শ। আর বিশ্বমানের ছবি। পুজোয় বেড়ানোর কিংবদন্তি ভ্রমণগাইড।

পত্রিকাস্টলে ও সংবাদপত্র-বিক্রেতার কাছে পাওয়া যাচ্ছে। দাম ১০০ টাকা।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কবে ভোপালের যুদ্ধ হয়েছিল?
(a) 1738 সালে (b) 1739 সালে (c) 1740 সালে (d) 1741 সালে
2. নীচের কোন ঐতিহাসিক বিদ্যাসাগরকে 'traditional modernizer' বলে আখ্যা দিয়েছেন?
(a) ডঃ বিপান চন্দ্র (b) ডঃ অমলেশ ত্রিপাঠী (c) ডঃ রমেশচন্দ্র মজুমদার (d) পণ্ডিত শিবনাথ শাস্ত্রী
3. নীচের মধ্যে কে পিন্ডারি দস্যুদের নির্মূল করেন?
(a) লর্ড হেস্টিংস (b) লর্ড লিটন (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড ডালহৌসি
4. স্মিথ কাকে আখ্যা দিয়েছেন 'Power behind the throne?
(a) জাহাঙ্গিরকে (b) নুরজাহানকে (c) আকবরকে (d) কোনওটিই নয়
5. মক্তাব কী?
(a) প্রাথমিক শিক্ষার কেন্দ্র (b) উচ্চশিক্ষার কেন্দ্র (c) হিন্দুদের শিক্ষাকেন্দ্র (d) কোনওটিই নয়
6. কত সালে গঠিত হয় 'দাক্ষিণাত্য বিদ্রোহ কমিশন'?
(a) 1875 সালে (b) 1876 সালে (c) 1878 সালে (d) 1880 সালে
7. কত সালে 'ভবানীমন্দির' নামে একটি বিপ্লবী আদর্শমূলক গ্রন্থ রচিত হয়?
(a) 1905 সালে (b) 1907 সালে (c) 1911 সালে (d) 1919 সালে
8. কোথায় প্রতিষ্ঠিত হয় 'পরমহংস সমাজ'?
(a) পাঞ্জাবে (b) মহারাষ্ট্রে (c) উত্তরপ্রদেশে (d) বিহারে
9. নীচের মধ্যে কে 'অবজারভেশন' নামক পুস্তিকা লিখেছিলেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড লিটন (c) চার্লস গ্রান্ট (d) কেউই নন
10. নীচের কোনটি ভুল?
(a) 1839 সালে 'তত্ত্ববোধিনী সভা' প্রতিষ্ঠিত হয় (b) 1905 রেল বোর্ড গঠিত হয় (c) ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি প্রতিষ্ঠিত হয় 1919 সালে (d) 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার সম্পাদক হলেন শিশিরকুমার ঘোষ
11. কোথায় নাগেরহোল জাতীয় উদ্যান অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) উত্তরপ্রদেশ (d) রাজস্থান
12. কোন নদীর ওপর কানাডা বাঁধ গড়ে উঠেছে?
(a) কৃষ্ণা (b) নর্মদা (c) ভাগীরথী (d) ময়ূরাক্ষী
13. পৃথিবীর দীর্ঘতম বাঁধ হীরাকুঁদ কোন রাজ্যে রয়েছে?
(a) উত্তরপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) ওড়িশা (d) রাজস্থান
14. পশ্চিমবঙ্গের জেলাগুলির মধ্যে কোনটিতে মানব উন্নয়ন সূচক সবচেয়ে কম?
(a) বীরভূম (b) মুর্শিদাবাদ (c) মালদা (d) পুরুলিয়া
15. নর্মদা নদী কোন ভূমিরূপের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে?
(a) বদ্বীপ (b) ভঙ্গিল পর্বত (c) চ্যুতি (d) লেগুন
16. রাজস্থানের মরুস্থলীর চলমান বালিয়াড়িকে বলে:
(a) রোহি (b) ধান্দ (c) থ্রিয়ান (d) কোনওটিই নয়
17. ছোটনাগপুরের মালভূমি কোন শিলা দ্বারা গঠিত?
(a) পাললিক শিলা (b) লাভা প্রবাহ (c) পলিমাটি (d) প্রাচীন আগ্নেয় ও রূপান্তরিত শিলা
18. কোন নদীর উপনদী তাওয়া?
(a) নর্মদা (b) কাবেরী (c) মহানদী (d) গোদাবরী
19. সমাজতান্ত্রিক এবং ধর্মনিরপেক্ষ এই শব্দদু'টি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় অন্তর্ভুক্ত হয়েছিল:
(a) 44তম সংশোধনীর দ্বারা (b) 42তম সংশোধনীর দ্বারা (c) 27তম সংশোধনীর দ্বারা (d) 36তম সংশোধনীর দ্বারা
20. ভারতীয় সেচের দ্বিতীয় বৃহত্তম উৎস হল:
(a) জলাশয় (b) সাগর ও মহাসাগর (c) কূপ ও নলকূপ (d) খাল
21. রাজ্যসভায় কে সভাপতিত্ব করেন?
(a) স্পিকার (b) রাষ্ট্রপতি (c) উপরাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী
22. নীচের কোনটি ভুল?
(a) সংবিধানের 23-24 ধারায় শোষণের বিরুদ্ধে অধিকারের কথা বলা হয়েছে (b) বর্তমানে সম্পত্তির অধিকার হল আইনগত অধিকার (c) শাসনতন্ত্রের চূড়ান্ত ব্যাখ্যাকর্তা সুপ্রিম কোর্ট (d) হাইকোর্টের বিচারপতিদের অবসরের বয়স 65 বছর
23. লক্ষ্মণ সেনের আমলে কোন মুসলমান আক্রমণকারী বাংলা জয় করেছিলেন?
(a) ইলতুৎমিস (b) বখতিয়ার খিলজি (c) মহম্মদ ঘোরি (d) কুতুবউদ্দিন আইবক
24. ধোলাই করার সোডা কোনটির চলতি নাম?
(a) সোডিয়াম হাইড্রোক্সাইড (b) ক্যালশিয়াম কার্বনেট (c) সোডিয়াম কার্বনেট (d) সোডিয়াম বাই কার্বনেট
25. তেজস্ক্রিয় ভাঙনের সময় তড়িৎ চুম্বকীয় তরঙ্গ বিকিরিত হয় তা হল:
(a) আলট্রা ভায়োলেট (b) ইনফ্রায়েড রশ্মি (c) $\gamma$-রশ্মি (d) X-রশ্মি
26. পারমাণবিক চুল্লিতে সংঘটিত বিক্রিয়া হল:
(a) Fusion (b) Fission (c) isomerisation (d) কোনওটিই নয়
27. অর্থবিল উত্থাপিত হতে পারে:
(a) কেবলমাত্র রাজ্যসভায় (b) কেবলমাত্র লোকসভায় (c) পার্লামেন্টের যে-কোনও কক্ষে (d) কোনওটিই নয়
28. T-20 ক্রিকেটে প্রথম কোন ভারতীয় ব্যাটসম্যান আট হাজার রান অতিক্রম করেছেন?
(a) বিরাট কোহলি (b) মহেন্দ্র সিং ধোনি (c) সুরেশ রায়না (d) রোহিত শর্মা
29. সম্প্রতি পাবুক নামক ঘূর্ণিঝড় আঘাত করেছিল:
(a) ফিলিপাইনসে (b) থাইল্যান্ডে (c) মায়ানমারে (d) বাংলাদেশে
30. BIMSTEC কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 6 জুন, 1997 (b) 7 জুন, 1997 (c) 8 জুন, 1997 (d) 9 জুন 1997
31. কোন দেশে 2022 সালে G-20 শীর্ষ সম্মেলন হবে?
(a) রাশিয়া (b) চিন (c) শ্রীলঙ্কা (d) ভারত
32. 'No Spin' বইটি কার লেখা?
(a) মাইকেল ক্লার্ক (b) চেতন ভগত (c) শেন ওয়ার্ন (d) সেমুর হার্স
33. 'The Idea of Justice' বইটি কে লিখেছেন?
(a) রাকেশ জৈন (b) নবীন চাওলা (c) অমর্ত্য সেন (d) শশী থারুর
34. কোন কলা পাতায় প্রস্তুত খাদ্য উদ্ভিদদেহে পরিবহণ করে?
(a) মূল (b) ট্রাকিয়া (c) ফ্লোয়েম (d) জাইলেম
35. অলিভার টুইস্ট চরিত্রটির সৃষ্টিকর্তা কে?
(a) পি বি শেলি (b) চার্লস ডিকেন্স (c) বায়রন (d) কোনওটিই নয়
36. ভারতের পরিকল্পনা কমিশনের সভাপতি হলেন:
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার
37. নীচের মধ্যে কোনটি শমিত লবণ?
(a) Ca $(HCO_3)_2$ (b) $P_2(OH)NO_3$ (c) $CaCl_2$ (d) $KSHO_4$
38. ফিনলফথ্যালিন ক্ষার দ্রবণের সংস্পর্শে এলে কোন বর্ণ ধারণ করে?
(a) কমলা (b) গোলাপি (c) হলুদ (d) বর্ণহীন
39. কোন নাটকের একটি অন্যতম চরিত্র হল 'শাইলক'?
(a) দ্য মার্চেন্ট অফ ভেনিস (b) টুয়েলফথ নাইট (c) দ্য টেমপেস্ট (d) ম্যাকবেথ
40. মানব হৃৎপিণ্ডের প্রাকৃতিক পেসমেকারটি হল:
(a) AV নোড (b) SA নোড (c) মায়োকার্ডিয়াম (d) কোনওটিই নয়

**Direction (41 to 45):** *Select the appropriate prepositions to fill in the blanks.*

41. He is blind ___ one eye.
(a) of (b) to (c) in (d) on
42. He died _____ the effects of over-eating.
(a) by (b) in (c) to (d) from
43. Rita is proficient ______ music.
(a) of (b) in (c) on (d) with
44. I prevailed ______ him to join this office.
(a) over (b) on (c) to (d) in
45. Ram should ____ for a rainy day.
(a) put something by (b) put down (c) put out (d) put into

**Direction (46 to 47)** *Choose correct meaning of the underlined idiom/phrase of the sentence.*

46. We did not really want that particular hotel, but it was a case of Hobson's choice.
(a) economical (b) taking what is available or nothing at all (c) teacher's choice (d) None of these
47. He tried by all means, by hook or by crook to win the case.
(a) By money (b) By mussle power (c) By fair means or foul (d) None of these
48. 'At daggers drawn' means:
(a) On bad terms with (b) Friendly (c) Unknown (d) None of these
49. 'Hold fire' means:
(a) Magnify (b) Prevent fire (c) To delay doing something (d) Catch fire

**Direction (50 and 51):** *Select the word closest to the meaning of the words.*

50. Mar
a) Spoil (b) Reality (c) Dull (d) Requisite
51. Cheerful
(a) Poor (b) Envy (c) Happy (d) Foe

*Choose the correct form of the verb from the options given to fill in the blank.*

52. After reaching the station we found that the train ____.
(a) had left (b) has left (c) is leaving (d) was leaving

*Choose the one which can be substituted for the given words.*

53. Patricide means:
(a) murder of a king (b) murder of one's own father (c) murder of one's own mother (d) None of these
54. A preparation for killing insects is:
(a) Rodent (b) Humus (c) Insecticide (d) Parasite
55. A person of outgoing nature is known as a/an:
(a) Megalomaniac (b) Philanthropist (c) Extrovert (d) Stoic
56. A person on the verge of death of an illness is:
(a) seriously ill (b) sporadically ill (c) terminally ill (d) None of these
57. An endocrinologist deals with:
(a) Heart (b) Epidemics (c) Glands (d) Teeth

এরপর উনিশের পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের যৌগগুলির মধ্যে কোনটি জলে বেশি দ্রবণীয়?
(a) Sr $(OH)_2$ (b) $Ca(OH)_2$ (c) $Ba(OH)_2$ (d) $Mg(OH)_2$
2. নীচের কোনটি উপচুম্বকীয়?
(a) $F_2$ (b) $H_2$ (c) $O_2$ (d) $N_2$
3. নীচের কোনটি পিরিমিডিন বেস নয়?
(a) সাইটোসিস (b) থাইসিন (c) ইউরাসিল (d) গুয়ানিন
4. কোনও পদার্থের পারমাণবিক সংখ্যা 15 হলে তার সর্ববহিঃস্থ কক্ষের ইলেকট্রন সংখ্যা কত?
(a) 7 (b) 5 (c) 3 (d) 1
5. ক্লোরিনের আইসোটোপ হল:
(a) 4টি (b) 2টি (c) 3টি (d) নেই
6. নীচের যৌগগুলির মধ্যে কোনটি আয়োডোফর্ম বিক্রিয়ায় সাড়া দেয় না?
(a) 2-বিউটানল (b) 1-প্রোপানল (c) ইথানল (d) 2-প্রোপানল
7. ডিগবাজি চলন যার মধ্যে দেখা যায়:
(a) অ্যামিবা (b) হাইড্রা (c) স্পঞ্জ (d) জোঁক
8. ধোয়ী কোন রাজার সভাকবি ছিলেন?
(a) শশাঙ্ক (b) লক্ষ্মণ সেন (c) বিজয় সেন (d) প্রথম দেবপাল
9. নাথু লা পাস-এর অবস্থান:
(a) নেপাল হিমালয় (b) সিকিম হিমালয় (c) ভুটান হিমালয় (d) কুমায়ুন হিমালয়
10. ধাতু নিষ্কাশনে সর্বাধিক ব্যবহৃত বিজারক পদার্থ হল:
(a) ওয়াটার গ্যাস (b) কাঠকয়লা (c) হাইড্রোজেন (d) কোক
11. বাল্টিক কাপ নীচের কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বন্দুক চালনা (b) দাবা (c) পোলো (d) সাঁতার
12. 'War and Peace' গ্রন্থটির রচয়িতা কে?
(a) কুলদীপ নায়ার (b) বার্নার্ড শ (c) লিও টলস্টয় (d) চার্লস ডিকেন্স
13. কোন নদীর ওপর ধুঁয়াধার জলপ্রপাত অবস্থিত?
(a) নর্মদা (b) কৃষ্ণা (c) কাবেরী (d) গোদাবরী
14. 'শকারি' উপাধি গ্রহণ করেছিলেন:
(a) শশাঙ্ক (b) প্রথম চন্দ্রগুপ্ত (c) বিন্দুসার (d) দ্বিতীয় চন্দ্রগুপ্ত
15. পাচিত খাদ্যের শোষণ হয়:
(a) কোলনে (b) পাকস্থলীতে (c) ক্ষুদ্রান্ত্রে (d) বৃহদন্ত্রে
16. কোভালম সমুদ্রসৈকত কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্রে (b) কেরলে (c) গুজরাটে (d) তামিলনাড়ুতে
17. মন্ডল কমিশন তার প্রতিবেদন কবে পেশ করে?
(a) 1980 সালে (b) 1983 সালে (c) 1979 সালে (d) 1976 সালে
18. বায়ুমণ্ডলের কোন স্তরে উল্কাপিণ্ড পুড়ে ছাই হয়?
(a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) থার্মোস্ফিয়ার
19. নীচের কোনটি অসম্পৃক্ত হাইড্রোকার্বন?
(a) $C_2H_4$ (b) $C_3H_8$ (c) $C_2H_6$ (d) $CH_4$
20. পুলিকট হ্রদের অবস্থান:
(a) কর্নাটক (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) কেরল
21. প্রথম সাধারণ নির্বাচন কবে হয়েছিল?
(a) 1950 (b) 1954 (c) 1947 (d) 1952
22. দৃশ্যমান বর্ণালীর কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?
(a) বেগুনি (b) হলুদ (c) লাল (d) নীল
23. মুদ্রার অবমূল্যায়নের ফলে:
(a) আমদানি বৃদ্ধি পায় (b) রপ্তানি বৃদ্ধি পায় (c) আমদানি ও রপ্তানি বৃদ্ধি পায় (d) ব্যাঙ্কিং উন্নয়ন ঘটে
24. রাষ্ট্রকূট বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) দন্তীদুর্গ (b) তৃতীয় গোবিন্দ (c) তৃতীয় ইন্দ্র (d) অমোঘবর্ষ
25. আঞ্চলিক উপদেষ্টা পরিষদগুলি গঠিত হয়েছে:
(a) রাষ্ট্রপতি কর্তৃক জারি করা অর্ডিন্যান্স দ্বারা (b) 42তম সংবিধান সংশোধনীর দ্বারা (c) সংসদীয় আইনের দ্বারা (d) সংবিধানের দ্বারা
26. হলায়ুধ কার মন্ত্রী ছিলেন?
(a) ধর্মপাল (b) বল্লাল সেন (c) শশাঙ্ক (d) লক্ষ্মণ সেন
27. ওপেক (OPEC)-এর সদর দপ্তর কোথায়?
(a) কুয়েত (b) আবুধাবি (c) ভিয়েনা (d) রিয়াধ
28. মেসোপটেমিয়ার বর্তমান নাম কী?
(a) তুরস্ক (b) মিশর (c) ইরাক (d) ইরান
29. সার্বিক গ্রহীতা রক্তের গ্রুপটি হল:
(a) A (b) O (c) B (d) AB
30. কাথিয়াওয়াড় উপদ্বীপ কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্র (b) কেরল (c) গুজরাট (d) রাজস্থান
31. অ্যাভোগাড্রো সংখ্যার মান হল:
(a) $6.01 \times 10^{23}$ (b) $6.02 \times 10^{24}$ (c) $6.02 \times 10^{23}$ (d) $5.02 \times 10^{23}$
32. বলয় পরীক্ষা কোন অ্যাসিডের উপস্থিতি নিশ্চিত করে?
(a) HCl (b) $H_2SO_4$ (c) $HNO_3$ (d) HBr
33. অজন্তা গুহা কোথায় অবস্থিত?
(a) কেরল (b) ওড়িশা (c) মহারাষ্ট্র (d) অন্ধ্রপ্রদেশ
34. National School of Drama কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1960 সালে (b) 1958 সালে (c) 1961 সালে (d) 1959 সালে
35. কলকাতায় মেট্রোরেল পরিষেবা চালু হয়:
(a) 1975 সালে (b) 1979 সালে (c) 1984 সালে (d) 1981 সালে
36. মুদ্রাস্ফীতিতে সবচেয়ে লাভবান হন:

এরপর উনিশের পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

58. A stoic person can:
(a) Enable (b) Excite (c) Endure (d) None of these
59. Do as directed
He said, 'I drink water'. (Change the mode of Narration)
(a) He said that he drinks water (b) He said that he drunk water (c) He said that I drunk water (d) None of these
60. The stream was ____ by the waterfall.
(a) filled (b) fulled (c) fed (d) fed up
61. ____ fault is easy.
(a) To begin (b) To find (c) To read (d) To bury
62. _____ is worth ambition.
(a) To reign (b) To cry (c) To repent (d) None of these
63. I was obliged to go (Change the voice of the verb)
(a) Someone obliged me to go (b) Circumstance obliged me to go (c) Circumstances obliged me to go (d) None of these
64. Put up a tent (Change the voice of the verb)
(a) Let a tent be put up (b) Have a tent put up (c) Let a tent put up (d) None of these
65. He ____ sit for six hours listening to the wireless.
(a) would (b) can (c) will (d) could
66. The darkness covered the whole countryside.
(a) silence (b) shadowiness (c) noise (d) stillness
67. Ram and his friends ___ arrived here.
(a) will (b) has (c) have (d) is
68. 'Made up his mind' means:
(a) Forget (b) Resolved (c) Remembered (d) None of these
69. An epicurean is one who:
(a) loves (b) enjoys pleasure (c) endures (d) None of these
70. He _____ for a long time.
(a) has known (b) is known (c) have known (d) None of these
71. কোনও ব্যক্তির পারিশ্রমিক 15% হ্রাস পাওয়ায় ওই ব্যক্তির বর্তমান পারিশ্রমিক 25 টাকা। হ্রাসের পূর্বে ওই ব্যক্তির পারিশ্রমিক কত ছিল?
(a) $33\frac{1}{3}$ টাকা (b) $29\frac{7}{17}$ টাকা (c) 35 টাকা (d) 40 টাকা
72. কোনও ব্যক্তির পারিশ্রমিক 20% বৃদ্ধি পাওয়ায় ওই ব্যক্তির বর্তমান পারিশ্রমিক 20 টাকা। বৃদ্ধির পূর্বে ওই ব্যক্তির পারিশ্রমিক কত ছিল?
(a) $16\frac{2}{3}$ টাকা (b) 33 টাকা (c) 35 টাকা (d) $33\frac{1}{3}$ টাকা
73. রাম 5 টাকায় 7টি দ্রব্য ক্রয় করে 7 টাকায় 5টি দ্রব্য বিক্রি করলে কত লাভ/ক্ষতি হয়?
(a) 44% (b) 45% (c) 48% (d) 96%
74. রাম একটি বাক্স 120 টাকায় বিক্রয় করায় 25% ক্ষতি হয়। বাক্সটির ক্রয়মূল্য কত?
(a) 150 টাকা (b) 140 টাকা (c) 160 টাকা (d) 170 টাকা
75. 7টি আপেলের ক্রয়মূল্য 5টি আমের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভের হার কত?
(a) $33\frac{1}{3}$ % (b) $16\frac{2}{3}$ % (c) 30% (d) 40%
76. সীতা একটি ছাতা 10% লাভ বিক্রয় করে। আরও 25 টাকা বেশি মূল্যে ছাতাটি বিক্রয় করলে 20% লাভ হত। ছাতাটির ক্রয়মূল্য কত?
(a) 290 (b) 150 (c) 400 (d) 300
77. রাম শ্যামের থেকে 10% বেশি পায়, ফলে শ্যাম রামের থেকে x% কম পায়। তাহলে x-এর মান কত?
(a) $10\frac{1}{11}$ (b) $15\frac{1}{11}$ (c) $12\frac{1}{11}$ (d) $9\frac{1}{11}$
78. যদি কোনও সংখ্যার শতকরা 40 ভাগের সঙ্গে 24 যোগ করে ওই সংখ্যাটিকেই পাওয়া যায়, তাহলে সংখ্যাটি হল:
(a) 50 (b) 30 (c) 60 (d) 40
79. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 14 : 16 (b) 12 : 16 (c) 25 : 16 (d) 10 : 15
80. রাম একটি বই 15% ক্ষতিতে বিক্রয় করে। বইটি 5 টাকা বেশি মূল্যে বিক্রয় করলে 20% লাভ হত। বইটির বিক্রয়মূল্য কত?
(a) 14 টাকা (b) $12\frac{1}{7}$ টাকা (c) $13\frac{1}{7}$ টাকা (d)15 টাকা
81. রীতা একটি খেলনা গাড়ি 5% লাভে বিক্রয় করে। যদি 10 টাকা বেশি মূল্যে বইটি বিক্রয় হত তাহলে 7% লাভ হত। বইটির ক্রয়মূল্য কত?
(a) 450 টাকা (b) 500 টাকা (c) 550 টাকা (d) 600 টাকা
82. দু'টি সংখ্যার গ.সা.গু. 32 ও ল.সা.গু. 1760 , একটি সংখ্যা 160 হলে অপরটি কত?
(a) 350 (b) 358 (c) 352 (d) 452
83. বর্তমানে রাম : শ্যাম ও যদুর বয়সের সমষ্টি 80 বছর হলে, 3 বছর আগে তাদের বয়সের সমষ্টি কত ছিল?
(a) 51 বছর (b) 81 বছর (c) 91 বছর (d) 71 বছর
84. একটি সংখ্যা দ্বিতীয় একটি সংখ্যার দ্বিগুণ, দ্বিতীয় সংখ্যাটি তৃতীয় সংখ্যাটির দ্বিগুণ। তিনটি সংখ্যার সমষ্টি 84 হলে, ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
(a) 13 (b) 25 (c) 24 (d) 12
85. কোনও বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 10% বৃদ্ধি পেলে, ক্ষেত্রফল কত হারে বৃদ্ধি পাবে?
(a) 21% (b) 25% (c) 32% (d) 10%
86. একটি আয়তাকার প্রাঙ্গণের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 1 এবং ক্ষেত্রফল 192 বর্গমিটার। প্রাঙ্গণটির দৈর্ঘ্য ও প্রস্থ কত?
(a) 20 মিটার 8 মিটার (b) 50 মিটার, 15 মিটার (c) 24 মিটার, 8 মিটার (d) 48 মিটার, 26 মিটার
87. 15টি আমের ক্রয়মূল্য 12টি পেয়ারার বিক্রয়মূল্যের সমান হলে, লাভের শতকরা হার হবে:
(a) 25% (b) 35% (c) 45% (d) 15%
88. 30 এর শতকরা কত ভাগ 27 ?
(a) 75% (b) 65% (c) 90% (d) 55%
89. রাম একটি কাজ 10 দিনে এবং শ্যাম একা 15 দিনে করতে পারে। তবে রাম ও শ্যাম একত্রে কাজটি কতদিনে করবে?
(a) 12 দিনে (b) 10 দিনে (c) 8 দিনে (d) 15 দিনে
90. (180% of ?) ÷ 2 = 504
(a) 760 (b) 660 (c) 560 (d) 460
91. 3300 টাকা x, y ও z এর মধ্যে এমনভাবে ভাগ করা হয় যে, x : y = 3 : 4 এবং y : z = 4 : 4, এমন অনুপাতে ভাগ করলে x পায়:
(a) 800 টাকা (b) 700 টাকা (c) 900 টাকা (d) 1000 টাকা
92. দু'টি সংখ্যার অনুপাত 5 : 3 এবং বৃহত্তর সংখ্যা ক্ষুদ্রতর সংখ্যা অপেক্ষা 27 বেশি হলে, সংখ্যা দু'টির যোগফল কত?
(a) 115 (b) 112 (c) 108 (d) 150
93. একটি খালি পাত্রে 800 লিটার তেল ঢালার পর পাত্রটি 20% খালি আছে। তবে পাত্রটি পূর্ণ করতে তেল ঢালতে হবে:
(a) 180 লিটার (b) 200 লিটার (c) 150 লিটার (d) 250 লিটার
94. প্রতি যাত্রায় 200 টাকা করে বাস থেকে আয় হয়, 50% ভাড়া বাড়ানোর সঙ্গে সঙ্গে যাত্রীসংখ্যা 30% কমে গেল। বর্তমানে প্রতি যাত্রার আয়:
(a) 175 টাকা (b) 200 টাকা (c) 110 টাকা (d) 425 টাকা
95. 20টি আপেলের ক্রয়মূল্য 15টি আমের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভের হার কত?
(a) $16\frac{2}{3}$ % (b) $33\frac{1}{3}$ % (c) $12\frac{2}{3}$ % (d) 16%
96. রাম 8% লাভে একটি ক্যামেরা বিক্রয় করে। আরও 25 টাকা বেশি মূল্যে ক্যামেরাটি বিক্রয় করলে 12% লাভ হত। ক্যামেরাটির ক্রয়মূল্য কত?
(a) 500 টাকা (b) 650 টাকা (c) 625 টাকা (d) 725 টাকা
97. নিম্নলিখিতদের মধ্যে কে ফরাসিদের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) টিপু সুলতান (b) হায়দার আলি (c) মিরকাশিম (d) কোনওটিই নয়
98. 'বুদ্ধের সমকালীন' বিখ্যাত চিকিৎসক ছিলেন:
(a) জীবক (b) চরক (c) কৌটিল্য (d) নচিকেতা
99. 120 মিটার লম্বা রেলের প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা এক ব্যক্তি লক্ষ করলেন যে, ট্রেনটি তাকে 5 সেকেন্ডে এবং সমগ্র স্টেশনটি 15 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য হবে:
(a) 30 মিটার (b) 60 মিটার (c) 80 মিটার (d) 90 মিটার
100. রাম এবং রিন্টুর বয়সের পার্থক্য 12 বছর। তাদের বয়সের অনুপাত 3 : 5। রিন্টুর বর্তমান বয়স কত?
(a) 40 বছর (b) 50 বছর (c) 30 বছর (d) 45 বছর

#### উত্তর

1(a), 2(b), 3(a), 4(a), 5(b), 6(b), 7(a), 8(b), 9(d), 10(d), 11(b), 12(d), 13(c), 14(c), 15(c), 16(c), 17(d), 18(a), 19(b), 20(d), 21(c), 22(d), 23(b), 24(c), 25(c), 26(b), 27(b), 28(c), 29(b), 30(a), 31(d), 32(c), 33(c), 34(c), 35(b), 36(c), 37(c), 38(b), 39(a), 40(b), 41(a), 42(d), 43(b), 44(b), 45(a), 46(b), 47(c), 48(a), 49(c), 50(a), 51(c), 52(a), 53(b), 54(c), 55(c), 56(c), 57(c), 58(c), 59(a), 60(a), 61(b), 62(a), 63(c), 64(b), 65(a), 66(b), 67(c), 68(b), 69(b), 70(a), 71(b), 72(a), 73(d), 74(c), 75(d), 76(a), 77(d), 78(d), 79(c), 80(b), 81(b), 82(c), 83(d), 84(d), 85(a), 86(c), 87(a), 88(c), 89(b), 90(c), 91(c), 92(c), 93(b), 94(d), 95(b), 96(c), 97(a), 98(a), 99(b), 100(c).

#### সমাধান

71(b): প্রকৃত পারিশ্রমিক $=\left(\frac{25}{100-15}\times100\right)=\frac{25}{85}\times 100 = 29\frac{7}{17}$ টাকা।

72(a): প্রকৃত পারিশ্রমিক $=\frac{20}{100+20}\times 100=\frac{20}{120}\times 100=\frac{50}{3}=16\frac{2}{3}$ টাকা।

73(d): লাভ/ক্ষতি $=\left(\frac{7^2-5^2}{5^2}\times100\right)\% =\frac{49-25}{25}\times 100\% =\frac{24}{25}\times 100 = 96\%$.

74(c): ক্রয়মূল্য $= 120\times\frac{100}{100-25}$ টাকা $= 120\times\frac{100}{75}$ টাকা = 160 টাকা।

75(d): শতকরা লাভের হার $=\left(\frac{7-5}{5}\times100\right)\% = 40\%$

76(a): ছাতাটির ক্রয়মূল্য $=\left(\frac{25}{20-10}\times100\right)$ টাকা $=\frac{25}{10}\times 100$ টাকা = 250 টাকা।

77(d): রাম 110 হলে শ্যাম 10 কম
রাম 100 হলে শ্যাম $\frac{10}{110}\times 100$ কম $= 9\frac{1}{11}$ কম।

78(d): 40% এর সঙ্গে 60% যোগ করলে 100% হয়
∴ সংখ্যাটির 60% হয় 24, অর্থাৎ সংখাটি $\frac{24}{60}\% = 40$.

79(c): ক্ষেত্রফলের অনুপাত $\frac{\pi r_2^2}{\pi r_2}=\frac{25}{16}$ = 25 : 16.

80(b): বইটির বিক্রয়মূল্য $=\frac{(100-15)\times5}{15+20}=\frac{85\times5}{35}=12\frac{1}{7}$ টাকা।

81(b): বইটির বিক্রয়মূল্য $=\left(\frac{10}{7-5}\times100\right)$ = 500 টাকা।

82(c): প্রশ্নানুসারে, x × 160 = 32 × 1760 [ অপর সংখ্যা = x]
$\therefore x=\frac{32\times1760}{160}=352$.

83(d): 3 বছর আগে তাদের বয়সের সমষ্টি = (80 – 3 × 3) = 71 বছর 84(d): 4x + 2x + x = 84 [x = ধরা হল]
বা, 7x = 84 বা, x = 12 ∴ ক্ষুদ্রতম সংখ্যা = 12.

85(a): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $=\left[10+10+\frac{10\times10}{100}\right]=21\%$.

86(c): 3x × x = 192 [x = ধরে নেওয়া হয়েছে ]
বা, x = 8 ∴ প্রাঙ্গণটির দৈর্ঘ্য = 3 × 8 মিটার = 24 মিটার
প্রাঙ্গণটির প্রস্থ = 8 মিটার।

87(a): 12টিতে লাভ 3টি, 100 টিতে লাভ $\frac{3}{12}\times 100$ = 25টি = 25%.

88(c): $\left(\frac{27\times100}{30}\right)\% = 90\%$.

89(b): প্রশ্নানুসারে $\frac{10\times15}{15+10}=10$ দিনে।

90(c): $\left(\frac{180}{100}\times x\right)\div2=504 \therefore \frac{180x}{200}=504 \therefore x=560$.

91(c): ⇒ x : y = 3 : 4 এবং y : z = 4 : 4 ∴ A : B : C = 3 : 4 : 4
∴ x পায় $= 3300\times\frac{3}{3+4+4}$ = 900 টাকা।

92(c): সংখ্যা দু'টির যোগফল $=\frac{(5+3)\times27}{5-3}=\frac{8\times27}{2}=108$.

93(b): তেল ঢালতে হবে $=\frac{800\times20}{(100-20)}=\frac{800\times20}{80}$ = 200 লিটার।

94(d): বর্তমানে প্রতি যাত্রার আয় $=\frac{(200+50)\,(200-30)}{100}$
$=\frac{250\times170}{100}$ = 25 × 17 = 425 টাকা।

95(b): শতকরা লাভের হার $=\frac{20-15}{15}\times 100=\frac{5}{15}\times 100=33\frac{1}{3}\%$.

96(c): ক্যামেরাটির ক্রয়মূল্য $=\frac{25}{12-8}\times 100=\frac{25}{4}\times 100$ = 625 টাকা।

99(b): ট্রেনটির দৈর্ঘ্য $=\frac{120}{10}\times 5$ = 60 মিটার।

100(c): প্রশ্নানুসারে: 5x – 3x = 12
x = 6 ∴ রিন্টুর বয়স হল = 5 × 6 = 30 বছর।

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

(a) ব্যবসায়ী (b) ঋণগ্রহীতা (c) কর্পোরেট সংস্থার চাকুরিজীবী (d) সরকারি চাকুরিজীবী
37. গোলকুন্ডা ফোর্ট কোন রাজ্যে অবস্থিত?
(a) বিহার (b) উত্তরপ্রদেশ (c) কর্নাটক (d) অন্ধ্রপ্রদেশ
38. ভারতবর্ষে White Revolution-এর জনক কে?
(a) নরম্যান বোরলগ (b) ড: হীরালাল চৌধুরি (c) ড: ভার্গিস কুরিয়েন (d) এঁদের কেউ নন
39. নীচের কোন রোগটি ব্যাক্টেরিয়া দ্বারা সৃষ্টি হয় না?
(a) ডিপথেরিয়া (b) কলেরা (c) টাইফয়েড (d) ইনফ্লুয়েঞ্জা
40. ONGC-এর প্রধান কার্যালয় কোথায়?
(a) ডিগবয় (b) দিল্লি (c) দেরাদুন (d) মুম্বই
41. 'A Brief History of Time' গ্রন্থটি কার লেখা?
(a) ভি এস নইপল (b) স্টিফেন হকিন্স (c) থমাস পিনচন (d) উইলিয়াম জোনস
42. কস্টিক পটাশ হল:
(a) পটাশিয়াম ক্লোরাইড (b) পটাশিয়াম নাইট্রেট (c) পটাশিয়াম সালফেট (d) পটাশিয়াম হাইড্রক্সাইড
43. সেন্ট্রাল বোর্ড অব ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস-এর নতুন চেয়ারম্যান হলেন:
(a) অজিত শেঠ (b) পি কে সিনহা (c) বি কে চতুর্বেদী (d) প্রণব কুমার দাস
44. কোন ক্রিকেটার সম্প্রতি আই সি সি ক্রিকেট হল অব ফেম-এ উন্নীত হয়েছেন?
(a) রাহুল দ্রাবিড় (b) শচিন তেন্ডুলকর (c) সৌরভ গাঙ্গুলি (d) ভি ভি এস লক্ষ্মণ
45. 2018 মেন'স হকি চ্যাম্পিয়নশিপ জিতল কোন দেশ?
(a) ভারত (b) অস্ট্রেলিয়া (c) বেলজিয়াম (d) আর্জেন্টিনা
46. 18তম সাংহাই কো-অপারেশন সামিট কোথায় আয়োজিত হয়েছিল?
(a) কিঙ্গদাও (b) মস্কো (c) আসতানা (d) ইয়েকাতেরিনবার্গ
47. বিখ্যাত টেনিস খেলোয়াড় মারিয়া বুয়েনো 78 বছর বয়সে সম্প্রতি মারা গেলেন। তিনি কোন দেশের?
(a) স্পেন (b) জার্মানি (c) ব্রাজিল (d) আমেরিকা
48. কোন রেলস্টেশনের সম্প্রতি নামকরণ হয়েছে দীনদয়াল উপাধ্যায় রেলস্টেশন?
(a) আলওয়ার (b) মথুরা (c) ভগপত (d) মুঘলসরাই
49. নীচের কোন সম্মেলনে ফিনানশিয়াল স্টেবিলিটি বোর্ড গঠিত হয়?
(a) ASEAN (b) BRICS (c) G-20 (d) G-7
50. নীচের কোন দিনটি 'বিশ্ব দুগ্ধ দিবস'?
(a) 1জুন (b) 29 মে (c) 31 মে (d) 30 মে

*এরপর কুড়ির পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

51. A এবং B একত্রে একটি কাজ 30 দিনে শেষ করে। A একা কাজটি 50 দিনে শেষ করে। 10 দিন কাজ করার পর A চলে যায়। B কতদিনে বাকি কাজ শেষ করে?
(a) 60 দিনে (b) 40 দিনে (c) 50 দিনে (d) 45 দিনে

52. X একটি কাজের $\frac{1}{3}$ অংশ 5 দিনে এবং Y ওই কাজটির $\frac{2}{5}$ অংশ 10 দিনে করতে পারে। A ও B একত্রে সম্পূর্ণ কাজটি কতদিনে করবে?
(a) $9\frac{3}{8}$ দিনে (b) $9\frac{1}{8}$ দিনে (c) $9\frac{4}{7}$ দিনে (d) $9\frac{3}{7}$ দিনে

53. কিছু সংখ্যক লোক 13 দিনে একটি কাজ করে। যদি আরও 6 জন লোক যোগ না দেয়, তবে কাজটি 15 দিনে শেষ করে। প্রথমে লোকসংখ্যা কত ছিল?
(a) 35 (b) 45 (c) 30 (d) 40

54. এক ব্যক্তি 5% সুদের হারে 8000 টাকা ধার করে ওই টাকায় একটি বাড়ি নির্মাণ করেন। বাড়িটি তারপর মাসিক 100 টাকা হিসেবে ভাড়া দেন। ওই ভাড়ার টাকা জমিয়ে তিনি কত বছরে সুদে-আসলে তাঁর দেনা পরিশোধ করতে পারবেন?
(a) 10 বছর (b) 11 বছর (c) 8 বছর (d) 9 বছর

55. দুটি মিশ্রণে অ্যাসিড ও জলের অনুপাত 4 : 5 এবং 5 : 6। এই মিশ্রণদুটির কোনটিতে জলের ভাগ বেশি?
(a) প্রথম মিশ্রণে (b) দ্বিতীয় মিশ্রণে (c) দুটোতেই সমান (d) কোনওটিই নয়

56. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 12। প্রথম ও তৃতীয় সংখ্যার যোগফল দ্বিতীয় সংখ্যার চেয়ে 50 বেশি। সংখ্যা তিনটির যোগফল কত?
(a) 120 (b) 130 (c) 110 (d) 140

57. 10% চক্রবৃদ্ধি সুদের হারে 30,000 টাকা কত বছরে চক্রবৃদ্ধিমূলে 39,930 টাকা হবে?
(a) 3 বছর (b) 2 বছর (c) $3\frac{1}{2}$ বছর (d) 4 বছর

58. $9 < 2x + 3 < 15$ এবং x-এর মান পূর্ণবর্গ স্বাভাবিক সংখ্যা হলে x = ?
(a) x = 25 (b) x = 9 (c) x = 16 (d) x = 4

59. $\left(\sqrt{5}+\sqrt{2}\right)+\sqrt{7}=\frac{1}{7}\left(\sqrt{35}+a\right)$ হলে, a = ?
(a) $\sqrt{14}$ (b) 14 (c) ± 14 (d) –14

60. একটি বলয়াকৃতি লোহার পাতের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 18cm ও 32 cm। বলয়টিতে কত বর্গসেমি পাত আছে?
(a) 450 $cm^2$ (b) 505 $cm^2$ (c) 540 $cm^2$ (d) 550 $cm^2$

61. $x = 2+\sqrt{3}$, $y = 2-\sqrt{3}$ হলে $3x^2 - 5xy + 3xy^2 = ?$
(a) 35 (b) 37 (c) 41 (d) 33

62. রাম 12,000 টাকা নিয়ে একটি ব্যবসা আরম্ভ করল। কিছুদিন পর হরি 15,000 টাকা নিয়ে ওই ব্যবসায় যোগ দিল। হরি যোগ দেওয়ার 8 মাসের পরে উভয়ের লভ্যাংশ হিসেবে লভ্যাংশ পেল। রাম কত মাস পূর্বে ব্যবসা শুরু করেছিল?
(a) 3 মাস (b) $2\frac{1}{2}$ মাস (c) $3\frac{1}{2}$ মাস (d) 2 মাস

63. একটি নৌকা স্রোতের অনুকূলে এপার থেকে ওপারে যেতে ও স্রোতের প্রতিকূলে ওপার থেকে এপারে আসতে মোট 3 ঘণ্টা সময় নেয়। যদি স্থির জলে নৌকার বেগ 9 কিমি/ঘণ্টা এবং স্রোতের বেগ 3 কিমি/ঘণ্টা হয়, তবে এপার ও ওপারের দূরত্ব কত?
(a) 20 কিমি (b) 12 কিমি (c) 22 কিমি (d) 15 কিমি

64. কিছু মানুষ একটি কাজ 60 দিনে শেষ করে। যদি আরও 8 জন মানুষকে যুক্ত করা যায় তবে ওই কাজটি 50 দিনে শেষ হয়। এই কাজে প্রকৃতপক্ষে কতজন মানুষ ছিল?
(a) 45 জন (b) 35 জন (c) 40 জন (d) 38 জন

65. বর্গাকার ভূমিবিশিষ্ট একটি পিরামিডের ভূমির পরিসীমা 32 সেমি। তির্যক উচ্চতা 5 সেমি। উচ্চতা কত?
(a) 5cm (b) 9cm (c) 6cm (d) 3cm

66. $\left(\sqrt{5}+\sqrt{3}\right)$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল $2\sqrt{5}$ হবে?
(a) $\sqrt{15}$ (b) $\sqrt{5}-\sqrt{3}$ (c) $\sqrt{5}$ (d) $\sqrt{3}$

67. দু'টি নল দ্বারা একটি চৌবাচ্চা 20 মিনিটে ও 30 মিনিটে পূর্ণ হয়। দু'টি নল একসঙ্গে খোলার কতক্ষণ পর প্রথম নল বন্ধ করলে চৌবাচ্চাটি মোট 15 মিনিটে পূর্ণ হবে?
(a) 10 মিনিট (b) 12 মিনিট (c) 9 মিনিট (d) 11 মিনিট

68. এক বই বিক্রেতা 5% লাভে একটি বই বিক্রয় করে। আরও 17 টাকা বেশি মূল্যে বইটি বিক্রয় করলে 15% লাভ হত। বইটির ক্রয়মূল্য কত?
(a) 170 টাকা (b) 180 টাকা (c) 150 টাকা (d) 140 টাকা

69. 24টি দ্রব্যের ক্রয়মূল্য 18টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভের হার কত?
(a) $33\frac{2}{3}$% (b) $33\frac{1}{3}$% (c) 25% (d) 24%

70. কোন ক্ষুদ্রতম সংখ্যা থেকে 4000 বিয়োগ করলে বিয়োগফল 7, 11, 13 দ্বারা বিভাজ্য হবে?
(a) 5001 (b) 5501 (c) 4101 (d) 4501

71. এক ব্যক্তি 300 টাকায় একটি দ্রব্য কিনে সেটি 375 টাকায় বিক্রি করেন। তার শতকরা লাভ কত?
(a) 10% (b) 25% (c) 15% (d) 5%

72. একটি দ্রব্যের বিক্রয়মূল্য 80 টাকা বৃদ্ধি পাওয়ায়, বিক্রেতার 7% ক্ষতির পরিবর্তে 13% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 600 টাকা (b) 500 টাকা (c) 800 টাকা (d) 400 টাকা

73. কোনও ব্যক্তির ফিক্সড ডিপোজিটে সুদের হার 10% থেকে বেড়ে হল 12%। এর ফলে ওই ব্যক্তির আয় বাড়ল বছরে 50 টাকা। তিনি কত টাকা ফিক্সড ডিপোজিট করেছেন?
(a) 5000 টাকা (b) 2500 টাকা (c) 2200 টাকা (d) 2000 টাকা

74. কোনও টাকার 2 বছরের জটিল সুদ 60.60 টাকা এবং সরল সুদ 60 টাকা হলে, সুদের হার কত?
(a) 4% (b) 6% (c) 3% (d) 2%

75. 1 মিটার প্রান্তবিশিষ্ট একটি লোহার ঘনককে গলিয়ে 25 সেমি প্রান্তবিশিষ্ট ক'টি ঘনক তৈরি করা যাবে?
(a) 64টি (b) 54টি (c) 74টি (d) 60টি

76. কোনও ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু'টির দৈর্ঘ্য 12 মিটার ও 8 মিটার। ক্ষেত্রফল 45 বর্গমিটার। সমান্তরাল বাহু'টির মধ্যে লম্ব-দূরত্ব কত?
(a) 5.5 সেমি (b) 4.5 সেমি (c) 5 সেমি (d) 5.4 সেমি

77. 2kg 250gm, 0.72 কুইন্টালের কত শতাংশ?
(a) $3\frac{1}{7}$% (b) $3\frac{2}{8}$% (c) $3\frac{1}{8}$% (d) $3\frac{4}{7}$%

78. একটি বইয়ের মূল্য 160 টাকা। বইটি 128 টাকায় বিক্রি করলে শতকরা ছাড়ের হার কত?
(a) 25% (b) 21% (c) 30% (d) 20%

79. 6 মিটার 72 সেন্টিমিটার দীর্ঘ লোহার পাত ও 9 মিটার 60 সেন্টিমিটার দৈর্ঘ্যের একটি তামার পাত থেকে কেটে নেওয়া একই মাপের সবচেয়ে বড় টুকরোর দৈর্ঘ্য কত হবে?
(a) 136 সেমি (b) 156 সেমি (c) 96 সেমি (d) 106 সেমি

80. একটি সুষম চতুস্তলের প্রতিটি ধারের দৈর্ঘ্য 6 সেমি। তার সমগ্রতলের ক্ষেত্রফল কত বর্গসেমি?
(a) $36\sqrt{3}$ (b) $40\sqrt{3}$ (c) $72\sqrt{3}$ (d) $36\sqrt{7}$

81. যদি L = X, M = ÷ ; P = + এবং Q = – হয় তবে
16 P 24 M 8 Q 6 M 2 L 3 = ?
(a) 10 (b) $-\frac{1}{6}$ (c) $\frac{13}{6}$ (d) 12

82. যদি A = +; B = – ; C = x হয় তবে (10 C 4) A (4 C 4)B 6 = ?
(a) 60 (b) 56 (c) 50 (d) 46

83. '?' চিহ্নিত স্থানে সংখ্যাটি কী বসবে?




(a) 82 (b) 42 (c) 62 (d) 32

**নির্দেশ (84 to 87)**: *অমিল বিকল্প খুঁজে নিয়ে লিখুন।*

84. (a) EUFV (b) CRDT (c) GWHX (d) SUTV
85. (a) Swan (b) Peacock (c) Koel (d) Crow
86. (a) 12 (b) 23 (c) 51 (d) 43
87. (a) Leopard (b) Tiger (c) Cow (d) Cheetah

**নির্দেশ (88 to 91)**: *শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*

88. 1, 2, 3, 6, 9, 18, ?, 54
(a) 27 (b) 81 (c) 18 (d) 36
89. 1, 5, 11, 19, 29, ?
(a) 39 (b) 45 (c) 47 (d) 41
90. 2, 5, 11, 23, 47, ?
(a) 52 (b) 95 (c) 49 (d) 74
91. 64, 32, 16, 8, ?
(a) 1 (b) 0 (c) 2 (d) 4

**নির্দেশ (94 to 97)**: *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন।*

92. aa __ aaa __ aaaa __ aaaa __ b.
(a) bbba (b) baaa (c) bbaa (d) bbbb
93. abca__bcaab__ca__bbc__a.
(a) abac (b) abba (c) ccaa (d) bbaa

**নির্দেশ (94 to 97)**: *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন।*

94. Preface : Book : : Overture : ?
(a) Symphony (b) Opera (c) Ballad (d) Novel
95. Excercise : Obesity : : Water : ?
(a) Alcohol (b) Purity (c) Thirst (d) Drink
96. HNP : JLR : : DLP : ?
(a) CDP (b) CLP (c) PHE (d) FJR
97. একটি নির্দিষ্ট কোডে TEACHER-কে যদি VGCEJGT লেখা হয়, তবে CHILDREN-কে কী লেখা হবে?
(a) EJKNFHTP (b) EJKNFGTO (c) KJKNEGTP (d) EJKNFTGP
98. যদি একটি নির্দিষ্ট কোডে HUMIDITY-কে লেখা হয় UHIMIDYT, তবে POLITICS-কে কী লেখা হবে?
(a) OPLITISC (b) OPILITCS (c) OPILITSC (d) POILTISC
99. কৈলাশ উত্তরদিকে মুখ করে দাঁড়িয়ে আছে। ডানদিকে ফিরে সে 25 মিটার গেল। তারপর বাঁদিকে ঘুরে 30 মিটার গেল। তারপর 25 মিটার ডানদিকে গেল। তারপর সে ডানদিকে গেল এবং 55 মিটার গেল। শেষমেশ ডানদিকে ফিরে 40 মিটার আরও গেল। তাহলে শুরুর স্থান থেকে সে কোনদিকে অবস্থান করছে?
(a) দক্ষিণ-পশ্চিম (b) দক্ষিণ (c) উত্তর-পশ্চিম (d) দক্ষিণ-পূর্ব
100. নীচের কোনটি খেলা, ক্রিকেট ও হকির মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

### উত্তর

1(b), 2(a), 3(d), 4(b), 5(b), 6(b), 7(b), 8(b), 9(b), 10(d), 11(d), 12(c), 13(a), 14(d), 15(c), 16(b), 17(a), 18(c), 19(a), 20(c), 21(d), 22(c), 23(b), 24(a), 25(a), 26(d), 27(c), 28(c), 29(d), 30(c), 31(c), 32(c), 33(c), 34(d), 35(c), 36(b), 37(d), 38(c), 39(d), 40(b), 41(b), 42(d), 43(d), 44(a), 45(b), 46(a), 47(c), 48(d), 49(c), 50(a), 51(a), 52(a), 53(b), 54(a), 55(a), 56(a), 57(a), 58(d), 59(a), 60(d), 61(b), 62(d), 63(b), 64(c), 65(d), 66(b), 67(a), 68(a), 69(b), 70(a), 71(b), 72(d), 73(b), 74(d), 75(a), 76(b), 77(c), 78(d), 79(c), 80(a), 81(a), 82(c), 83(b), 84(b), 85(a), 86(c), 87(c), 88(a), 89(d), 90(b), 91(d), 92(a), 93(a), 94(b), 95(c), 96(d), 97(d), 98(c), 99(d), 100(b).

### সমাধান

51(a): A + B (30 দিন) = (5)
A (50 দিন) = (3), 30 ও 50-এর ল.সা.গু. = 150
মোট কাজ = 150 ∴ B একদিনে কাজ করে = (5 – 3) = 2

| | A | B |
|---|---|---|
| দিন | 10 | $\frac{120}{2} = 60$ |
| কাজ | 10 × 3 = 30 | বাকি = (150 – 30) = 120 |

∴ B 60 দিনে করে।

52(a): x, $\frac{1}{3}$ অংশ করে 5 দিনে ∴ x, 1 অংশ করে = $\left(5\times\frac{3}{1}\right) = 15$ দিনে
y, $\frac{2}{5}$ অংশ করে 10 দিনে ∴ y 1 অংশ করে = $\left(10\times\frac{5}{2}\right) = 25$ দিনে
∴ x ও y একত্রে কাজটি করে = $\frac{15\times25}{15+25} = \frac{15\times25}{40} = \frac{75}{8} = 9\frac{3}{8}$ দিনে।

53(b):

| দিন | লোক |
|---|---|
| 13 | (15) |
| 15 | (13) |

2 = 6 জন কম
প্রথমে লোকসংখ্যা = $\frac{6}{2}\times15 = 45$ জন।

54(a): 8000 টাকা প্রতি বছরের সুদ = $\frac{5\times8000}{100} = 400$/-
মাসিক 100 টাকা ভাড়া হলে বছরে আয় = 100 × 12 = 1200 টাকা
প্রতি বছর সুদ বাদ দিয়ে আসল শোধ হবে = (1200 – 400) = 800 টাকা
∴ 8000 টাকা শোধ হবে = $\frac{8000}{800} = 10$ বছরে।

55(a):

| | অ্যাসিড | : | জল | | অ্যাসিড | : | জল |
|---|---|---|---|---|---|---|---|
| প্রথম মিশ্রণ ⇒ | 4 | : | 5 × 5 | = | 20 | : | 25 |
| দ্বিতীয় মিশ্রণ ⇒ | 5 | : | 6 × 4 | = | 20 | : | 24 |

উভয়ক্ষেত্রে অ্যাসিড সমান করতে হবে। প্রথম মিশ্রণে জলের ভাগ বেশি।

56(a): প্রথম : দ্বিতীয় : তৃতীয়
5 : 7 : 12
(প্রথম + তৃতীয়) – দ্বিতীয় = (5 + 12) – 7 = 10.
প্রথম + দ্বিতীয় + তৃতীয় = (5 + 7 + 12) = 24
∴ তিনটি সংখ্যার যোগফল = $\frac{24}{10}\times50 = 120$.

57(a): চক্রবৃদ্ধি সুদ = 39930 – 30000 = 9930 টাকা
∴ সরল সুদ = (9930 – 930) = 9000 টাকা
[সর্বদা চক্রবৃদ্ধি সুদ থেকে খুচরো টাকা বাদ দিলেই সরল সুদ পাওয়া যায়]
30000 টাকার প্রতি বছরের সুদ = $\frac{10}{100}\times30000 = 3000$ টাকা
∴ সময় = $\frac{9000}{3000} = 3$ বছর।

58(d): $9 < 2x + 3 < 15, 9 - 3 < 2x < 15 - 3, 6 < 2x < 12$
$\frac{6}{2} < x < \frac{12}{2}, 3 < x < 6$ ∴ x = 4, 5.

59(a): $\left(\sqrt{5}+\sqrt{2}\right)\div\sqrt{7}=\frac{1}{7}\left(\sqrt{35}+a\right)$, $\left(\frac{\sqrt{5}+\sqrt{2}}{\sqrt{7}}\right)\times7=\sqrt{35}+a$
∴ $\sqrt{35}+\sqrt{14}=\sqrt{35}+a$ ∴ $a=\sqrt{14}$.

60(d): ভিতরের ও বাইরের ব্যাস = 18 সেমি ও 32 সেমি হলে, ব্যাসার্ধ = $\frac{18}{2}$ সেমি ও $\frac{32}{2}$ সেমি = 9 সেমি ও 16 সেমি
∴ বলয়টিতে পাতের ক্ষেত্রফল = $\pi(16^2 - 9^2) = \frac{22}{7}\times(16+9)(16-9)$
$= \frac{22}{7}\times25\times7 = 550$ বর্গসেমি।

61(b): $x = (2+\sqrt{3}) / y(2-\sqrt{3})$, $x + y = 2+\sqrt{3}+2-\sqrt{3} = 4$
$xy = (2+\sqrt{3})(2-\sqrt{3}) = (2)^2 - (\sqrt{3})^2 = 4 - 3 = 1$
∴ $3x^2 - 5xy + 3y^2$, $3(x^2+y^2) - 5xy = 3\{(x+y)^2 - 2xy\} - 5xy$
$= 3\{(4)^2 - 2\times1\} - 5\times1 = 3(16-2) - 5 = 3\times14 - 5 = 42 - 5 = 37$.

62(d): রাম : হরি
মূলধন ⇒ 12000 : 15000
⇒ 12 : 15
⇒ 4 : 5 রাম ব্যবসা করে = $\frac{5\times8}{4} = 10$ মাস
∴ (12 – 10) = 2 মাস পর রাম ব্যবসায় যোগ দেয়।

63(b): [ সূত্র: নৌকার গতিবেগ : স্রোতের গতিবেগ = 3 : 1 হলে অনুকূলের সময় : প্রতিকূলের সময় = 1 : 2 হবে ]
∴ এখানে মোট 3 ঘণ্টা সময় আছে
অনুকূলে 1 ঘণ্টায় যায় এবং প্রতিকূলে 2 ঘণ্টায় ফিরে আসে
∴ অনুকূলের গতিবেগ = (9 + 3) = 12 কিমি/ঘণ্টা
∴ দূরত্ব = (1 × 12) = 12 কিমি।

64(c):

| দিন | লোক |
|---|---|
| 6 | (5) × 8 = 40 জন |
| 5 | (6) |

1 = 8 জন বেশি
∴ প্রথমে ছিল = (5 × 8) = 40 জন।

*এরপর একুশের পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*কুড়ির পাতার পর*

65(d): ভূমির পরিসীমা = 32 $\therefore$ বাহু $= \frac{32}{4} = 8$ সেমি




$\therefore$ উচ্চতা $x = \sqrt{5^2 - 4^2} = \sqrt{9} = 3$ সেমি।

66(b): $2\sqrt{5} - (\sqrt{5} + \sqrt{3}) = 2\sqrt{5} - \sqrt{5} - \sqrt{3} = \sqrt{5} - \sqrt{3}$.

67(a): প্রথম নল একক ভাবে পূর্ণ করে 20 মিনিটে
দ্বিতীয় নল একক ভাবে পূর্ণ করে 30 মিনিটে
$\therefore$ প্রথম নল কিছুক্ষণ পর বন্ধ করলেও চৌবাচ্চাটি 15 মিনিটে পূর্ণ হয়
$\therefore$ দ্বিতীয় নল 15 মিনিটে পূর্ণ করে $= \frac{1 \times 15}{30} = \frac{1}{2}$ অংশ, বাকি $\left(1 - \frac{1}{2}\right) = \frac{1}{2}$ অংশ পূর্ণ করে প্রথম নল $\therefore$ প্রথম নল বন্ধ হয় $= \left(20 \times \frac{1}{2}\right) = 10$ মিনিটে।

68(a): লাভের হার বৃদ্ধি $= (15 - 5) = 10\%$
$\therefore$ বইটির ক্রয়মূল্য $= \left(\frac{100 \times 17}{10}\right) = 170$ টাকা।

69(b): 24টি দ্রব্যের ক্রয়মূল্য 18টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হলে,
লাভ হয় $= (24 - 18) = 6$টি দ্রব্যের মূল্য $\therefore$ লাভের হার $= \left(\frac{16}{18} \times 100\right) = 33\frac{1}{3}\%$.

70(a): 7, 11, 13 -এর ল.সা.গু. = 1001 $\therefore$ 1001 সংখ্যাটি 7, 11 এবং 13 দ্বারা বিভাজ্য। $\therefore$ নির্ণেয় সংখ্যাটি $= (4000 + 1001) = 5001$.

71(b): লাভ $= (375 - 300) = 75$ টাকা
$\therefore$ লাভের হার $= \left(\frac{75 \times 100}{300}\right) = 25\%$.

72(d): বিক্রয়মূল্য 80 টাকা বৃদ্ধিতে 7% ক্ষতির পরিবর্তে লাভ হয় = 13%
$\therefore (7 + 13)\% = 20\% = 80$ টাকা $\therefore$ ক্রয়মূল্য $= \left(\frac{80 \times 100}{20}\right) = 400$ টাকা।

73(b): সুদ বৃদ্ধির হার $= (12 - 10)\% = 2\%$ $\therefore 2\% = 50$ টাকা
$\therefore$ ফিক্সড ডিপোজিট $= \left(\frac{50 \times 100}{2}\right) = 2500$ টাকা।

74(d): জটিল সুদ ও সরল সুদের পার্থক্য $= (60.60 - 60) = 0.60$ টাকা
2 বছরের সরল সুদ 60 টাকা হলে, প্রতি বছর সরল সুদ $= \frac{60}{2} = 30$ টাকা
$\therefore$ সুদের হার $= \frac{0.60 \times 100}{30} = 2\%$.

75(a): [সূত্র: 'a' বাহুবিশিষ্ট লোহার ঘনককে গলিয়ে 'b' বাহুবিশিষ্ট লোহার ঘনক তৈরি হলে ছোট ঘনক সংখ্যা $\left(\frac{a}{b}\right)^3$ ]
$\therefore$ ছোট ঘনকসংখ্যা $= \left(\frac{100}{25}\right)^3 = 4^3 = 64$ টি [$\because$ 1 মিটার = 100 সেমি ]

76(b): সূত্র: ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল × লম্ব দূরত্ব)
$\therefore \frac{1}{2}(12 + 8)$ লম্ব দূরত্ব $= 45$ $\therefore$ লম্ব দূরত্ব $= \frac{45 \times 2}{20} = 4.5$ সেন্টিমিটার।

77(c): 2 কিলোগ্রাম 250 গ্রাম = 2.25 কিলোগ্রাম, 0.72 কুইন্টাল = 72 কিলোগ্রাম
$\therefore$ কুইন্টালের শতাংশ $= \frac{2.25 \times 100}{72} = \frac{225}{72} = \frac{25}{8} = 3\frac{1}{8}\%$.

78(d): ছাড় $= 160 - 128 = 32$ টাকা $\therefore$ ছাড়ের হার $= \frac{32 \times 100}{160} = 20\%$.

79(c): 6 মিটার 72 সেন্টিমিটার = 672 সেন্টিমিটার
9 মিটার 60 সেন্টিমিটার = 960 সেন্টিমিটার
বড় টুকরোর দৈর্ঘ্য = 960 ও 672-এর গ.সা.গু. 96 সেন্টিমিটার।

80(a): সূত্র: [সুষম চতুস্তলের সমগ্রতলের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} \times$ বাহু$^2 \times 4$]
$\therefore$ সমগ্রতলের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} \times 6^2 \times 4 = \frac{\sqrt{3}}{4} \times 36 \times 4 = 36\sqrt{3}$ বর্গসেমি।

81(a): 16 P 24 M 8 Q 6 M 2 L 3
চিহ্ন পরিবর্তনের পর $16 + 24 \div 8 - 6 \div 2 \times 3 = 16 + 3 - 3 \times 3$
$= 19 - 9 = 10$.

82(c): (10 C 4) A (4 C 4) B 6
চিহ্ন পরিবর্তনের পর $(10 \times 4) + (4 \times 4) - 6 = 40 + 16 - 6 = 56 - 6 = 50$.

83(b):




$\Rightarrow \sqrt{841} + \sqrt{784} + \sqrt{729}$
$\Rightarrow 29 + 28 + 27 = 84$




$\Rightarrow \sqrt{225} + \sqrt{196} + \sqrt{169}$
$\Rightarrow 15 + 14 + 13 \Rightarrow$ [42]

84(b):




85(a): বাকিগুলি সব পাখি।

86(c): $12 \Rightarrow 1 + 2 = 3$ (বিজোড়) $2 + 3 = 5$ (বিজোড়) $5 + 1 = 6$ (জোড়) $4 + 3 = 7$ (বিজোড়)

87(c): Cow ⇒ গৃহপালিত পশু।

88(a): 1 2 3 6 9 18 [27] 54
×2 ×$\frac{3}{2}$ ×2 ×$\frac{3}{2}$ ×2 ×$\frac{3}{2}$ ×2

89(d): 1 5 11 19 29 [41]
+4 +6 +8 +10 +12

90(b): 2 5 11 23 47 95
+3 +6 +12 +24 +48

91(d): 64 32 16 8 4
÷2 ÷2 ÷2 ÷2

92(a): aa_b_/aaa_b_/aaaa_b_/aaaa_a_b.
$\therefore$ 'bbba'

93(a): abc/a_a_bc/aab_b_c/a_a_bbc_c_/a.
$\therefore$ 'abac'

96(d):
H N P D L P
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
J L R [F J R]

97(d):
T E A C H E R
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
V G C E J G T

C H J L D R E N
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
[E J K N F T G P]

98(c): HU / MI / DI / TY
UH / IM/ ID / YT
PO / LI / TI / CS
[OP / IL / IT / SC]

99(d):




*প্রস্তুত করেছেন: **চঞ্চল ঘোষ***

Are you looking for a platform of DESCRIPTIVE PRACTICE ?

Join DESCRIPTIVE GUIDE

Only one such a platform for Descriptive Practice where you can practice on Daily TOpics . You will get feedback by seniors as well as Admins. To join Descriptive Guide contact EKDN Admin in Telegram by searching "@ekdn_admin"

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ৯৩৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান, চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **শিট মেটাল ওয়ার্কার** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টেলর (জি)** ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স** ৫৯টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এয়ার কন্ডিশনিং** ৩৯টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **মেকানিক ডিজেল** ৭৩টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৬)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **পেইন্টার (জি)** ৩৪টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **পাওয়ার ইলেক্ট্রিশিয়ান** ১৯৮টি (সাধারণ ১১৭, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৪৩)। এর মধ্যে ৬টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান, চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **ইনস্ট্রুমেন্ট মেকানিক** ২৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান, চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রোপ্লেটার** ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান, কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **ফাউন্ড্রি ম্যান** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান, কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **পাইপ ফিটার** ৫৬টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১২)। এর মধ্যে ২টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী, প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান, চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **শিপরাইট (উড)** ৬৩টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান, কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **প্যাটার্ন মেকার** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

২ বছরের ট্রেনিং হবে এই সমস্ত ট্রেডে (বন্ধনীতে আসন সংখ্যা): **শিটরাইট (স্টিল)** ৩৪টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান, কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **রিগার** ৪১টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান, চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। টেলরের ক্ষেত্রে সিউয়িং টেকনোলজি ও ড্রেস মেকিং, পাওয়ার ইলেক্ট্রিশিয়ানের ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান, প্যাটার্ন মেকারের ক্ষেত্রে কার্পেন্টার ও প্যাটার্ন মেকার এবং শিপরাইট (স্টিল)-এর ক্ষেত্রে ফিটার ট্রেড গ্রাহ্য হবে। রিগার ও ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। আই টি আই সার্টিফিকেট না থাকলেও চলবে।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৯ থেকে ৩১-৩-২০০৬ তারিখের মধ্যে। তফসিলিরা ৫ বছর এবং প্রতিরক্ষা কর্মীদের সন্তানেরা ২ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫০ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্ততপক্ষে ৪৫ কেজি হতে হবে। দৃষ্টিশক্তি: এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বরে, মুম্বইয়ে। দু'ঘণ্টার পরীক্ষায় জেনারেল সায়েন্স, জেনারেল নলেজ ও ম্যাথমেটিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ বা স্কিল টেস্টের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhartiseva.com অনলাইন দরখাস্ত করা যাবে ৯ সেপ্টেম্বর থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), সচিত্র পরিচয়পত্র (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), আধার কার্ড (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র পি ডি এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

# মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে আরও ২৯৯

*প্রথম পাতার পর*

সন্তানদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক ফিটার** ৪৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানদের জন্য সংরক্ষিত। **জায়রো ফিটার** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **র‍্যাডার ফিটার** ২৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **রেডিও ফিটার** ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **সোনার ফিটার** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **ওয়েপন ফিটার** ৩১টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **সিভিল ওয়ার্কস/ম্যাসন** ৩২টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত। **আই সি ই ফিটার ক্রেন** ৪৪টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **শিপ ফিটার** ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মীদের সন্তান বা কর্মরত জওয়ান ও অফিসারদের সন্তান বা চাকুরিরত অবস্থায় নিহত সমরকর্মীদের সন্তানের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট।

বয়লার মেকারের ক্ষেত্রে ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ও ফিটার, গ্যাস টার্বাইন ফিটারের ক্ষেত্রে মেকানিক ডিজেল, মেশিনারি কন্ট্রোল ফিটারের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক, কম্পিউটার ফিটারের ক্ষেত্রে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি ভি, মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রনিক কমিউনিকেশন সিস্টেম, ইলেক্ট্রনিক ফিটারের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক, জায়রো ফিটারের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স, র‍্যাডার ফিটারের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি ভি, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেম, রেডিও ফিটারের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক ও মেকানিক রেডিও অ্যান্ড টি ভি, সোনার ফিটারের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক কমিউনিকেশন ইক্যুইপমেন্ট মেইন্টেন্যান্স, ওয়েপন ফিটারের ক্ষেত্রে মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, সিভিল ওয়ার্কস/ম্যাসনের ক্ষেত্রে বিল্ডিং মেইন্টেন্যান্স, আই সি ই ফিটার ক্রেনের ক্ষেত্রে মেকানিক মোটর ভেহিক্যাল এবং শিপ ফিটারের ক্ষেত্রে প্লাম্বার ট্রেড গ্রাহ্য হবে।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৯ থেকে ৩১-৩-২০০৬ তারিখের মধ্যে। তফসিলিরা ৫ বছর এবং প্রতিরক্ষা কর্মীদের সন্তানেরা ২ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫০ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্ততপক্ষে ৪৫ কেজি হতে হবে। দৃষ্টিশক্তি: এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বরে, মুম্বইয়ে। দু'ঘণ্টার পরীক্ষায় জেনারেল সায়েন্স, জেনারেল নলেজ ও ম্যাথমেটিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ বা স্কিল টেস্টের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhartiseva.com অনলাইন দরখাস্ত করা যাবে ৯ সেপ্টেম্বর থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), সচিত্র পরিচয়পত্র (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে), আধার কার্ড (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র পি ডি এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 3/2019 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত** ২০১৯-র ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিসে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট নেওয়া হবে ৯ সেপ্টেম্বর থেকে। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

# এয়ার ইন্ডিয়ায় ১৭০ অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজকর্মে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজকর্মে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকলে ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১৯,৫৭০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে স্কিল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। স্কিল টেস্ট হবে ১ থেকে ৫ অক্টোবরের মধ্যে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২০ অক্টোবর।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in দরখাস্ত করা যাবে ৭ থেকে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

যোগ্যতা: এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ১৬-৯-২০১৯ তারিখে ১৪ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৩৭ সেমি হতে হবে। ওজন অন্তত ২৫.৪ কেজি। বুকের ছাতি অন্তত ৩.৮ সেমি ফোলাতে পারা চাই।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in আবেদনের সময় প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, ফটো, সই ইত্যাদি আপলোড করতে হবে। এরপর ওই ওয়েবসাইটের এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে গিয়ে সংশ্লিষ্ট সংস্থার নাম সিলেক্ট করতে হবে এবং অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.npcil.nic.in

# নদিয়া জেলায় স্বাস্থ্যকর্মী

*প্রথম পাতার পর*

শূন্যপদের বিবরণ: **স্টাফ নার্স (ন্যাশনাল আর্বান হেলথ মিশন):** ১৪টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকা আবশ্যক। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**কালা আজার টেকনিক্যাল সুপারভাইজর (ন্যাশনাল হেলথ মিশন):** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকতে হবে। প্রার্থীর বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। হেলথ সুপারভাইজর বা অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৫০ থেকে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,৭২০ টাকা।

**ল্যাব টেকনিশিয়ান (ইন্টিগ্রেটেড কাউন্সেলিং অ্যান্ড টেস্টিং সেন্টার):** ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বি এসসি অথবা ডিপ্লোমা। স্নাতকদের ক্ষেত্রে ১ বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটার চালানোর দক্ষতা থাকতে হবে। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৬০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

**মেডিক্যাল অফিসার-ফুল টাইম (এন ইউ এইচ এম):** ৪টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস। ১ বছরের বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-৮-২০১৯ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.nic.in

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ ফি বাবদ ১০০ টাকা (তফসিলি, ও বি সি এবং অন্যান্য সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)-র ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'The Secretary, District Health & Family Welfare Samity, Nadia'-এর অনুকূলে কৃষ্ণনগর, নদিয়ায় প্রদেয় হতে হবে।
- ✓ প্রার্থীর এক কপি রঙিন ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ এক্সেম্পটেড ক্যাটেগরি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ১০ সেপ্টেম্বরের মধ্যে রেজিস্টার্ড ডাক বা স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief Medical Officer of Health, Nadia & Secretary, District Health & Family Welfare Samity, 5, D.L. Roy Road, PO-Krishnanagar, District-Nadia, Pin-741101.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজা রামান্না সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজিতে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৬০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্দোরের রাজা রামান্না সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRCAT-5/2019.

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ:** ফিটার: ১৭টি, মেশিনিস্ট: ৩টি, টার্নার: ৩টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৩টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩টি, ইলেক্ট্রনিক্স মেকানিক/ইনস্ট্রুমেন্ট মেকানিক: ২০টি, ইলেক্ট্রিশিয়ান: ৮টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। ২০১৭-র আগে আই টি আই কোর্স পাশ করে থাকলে আবেদন করবেন না। জন্মতারিখ হতে হবে ১৫-১০-১৯৯৭ থেকে ১৪-১০-২০০১-এর মধ্যে। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৭,৭৫০ টাকা।

নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রথমে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের পর পাওয়া সার্টিফিকেটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

এরপর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcat.gov.in আবেদনের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর।

### অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথি

✓প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র।
✓আধার কার্ড।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

ফটো ও সই আপলোড করতে হবে জে পি জি ফর্ম্যাটে। অন্যান্য নথির ক্ষেত্রে জে পি জি বা পি ডি এফ উভয় ফর্ম্যাটেই আপলোড করা যাবে। প্রতিটি নথির সাইজ হতে হবে ৩০০ কেবি-র মধ্যে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে টেকনিশিয়ান ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস

৫৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস ১৯৯২ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ইঞ্জিনিয়ারিংয়ের ইলেক্ট্রিক্যাল শাখায়। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: WBSETCL/Apprentice/2019/01.

আসনসংখ্যার বিবরণ: **টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** ৪০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ১৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: এ আই সি টি ই দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

**বয়স:** ১-১২-২০১৮ তারিখে টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে অন্তত ১৮ বছর এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে অন্তত ২২ বছর হতে হবে।

**স্টাইপেন্ড:** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৩,৫৪২ টাকা এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৪,৯৮৪ টাকা।

সব ক্ষেত্রেই ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা কেবল আবেদনের যোগ্য। এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা কোথাও কর্মরত থাকলে আবেদন করবেন না।

প্রথমে প্রার্থীকে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর এনরোলমেন্ট নম্বর-সহ রেজিস্ট্রেশন সার্টিফিকেটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। রেজিস্টার্ড প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা হবে। এরপর নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউ নেওয়া হবে ও নথিপত্র যাচাই করা হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbsetcl.in

# ইনস্টিটিউট অব এপিডেমিওলজিতে প্রোজেক্ট টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

প্রোজেক্ট টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজর) পদে ৫০ জনকে নেবে চেন্নাইয়ের ন্যাশনাল ইনস্টিটিউট অব এপিডেমিওলজি। এটি ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। নিয়োগ হবে ১ বছরের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIE/PE/Advt/2019/01.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্সে গ্র্যাজুয়েট, সঙ্গে পাবলিক হেলথ প্রোজেক্ট বা হেলথ কেয়ার ম্যানেজমেন্ট-সংক্রান্ত কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা। অথবা সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। লিটারেচার রিভিউ, রিপোর্ট রাইটিং, ডেটা হ্যান্ডলিং, অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন-সংক্রান্ত বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকলে এবং স্ট্যাটিস্টিক্যাল সফটওয়্যারের ব্যবহার জানলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ৩১,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nie.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৩ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, ICMR-Natonal Institute of Epidemiology, R-127, Second Main Road, TNHB, Ayapakkam, Chennai-600 077. এছাড়াও দরখাস্ত ও নথিপত্র স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: ihcinie@gmail.com

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফল বেরোল

**রাজ্য পুলিশে সাব-ইনস্পেক্টর ও মহিলা সাব-ইনস্পেক্টর (২০১৮) পদে নিয়োগের ফল** প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.wbpolice.gov.in


ADMISSION OPEN 2019-2023
B.A, B.Ed, B.Sc, B.Ed- 4 Yrs.
ADMISSION OPEN 2019-2021
B.Ed, D.El.Ed- 2 Yrs.
NCTE স্বীকৃত ও বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত কলেজ
BAM VIVEKANANDA P.T.T COLLEGE
BAM VIVEKANANDA B.Ed COLLEGE
Vill- Bam, P.O.- Joteram, Purba Bardhaman, 713104
Contact- 9153121612 / 9614067149 / 9153167129
Fatika Nazrul Sukanta Education Training Center
Vill- Fatika, P.O.- Rol, Dist.- Bankura, Pin- 722205
Contact- 8001460940 / 8001578498 / 8900332556
Last Date of B.Ed Online- Application 09/09/2019
Last Date of B.A, B.Ed / B.Sc, B.Ed Online- Application 15/09/2019
Online- Application: http://www.buruniv.ac.in/, http://wbbprimaryeducation.org





Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad